


# ১৫তম

# বার্ষিক সাধারণ সভা প্রতিবেদন

## অর্থবছর: ২০২৪ – ২০২৫

১৩ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ, শুক্রবার, বিকাল ৩:০০ ঘটিকা
হোটেল সী প্যালেস, কক্সবাজার












## ৭ম ওপেন ফোরাম ২০২৬

**"স্থিতিশীল আর্থিক সমবায় গঠনে রূপান্তরমূলক নেতৃত্ব ও মানদণ্ড"**

মার্চ ১৩ – ১৫, ২০২৬ খ্রিস্টাব্দ


**দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড**

স্থাপিত: ১ মে, ২০০৭ খ্রিস্টাব্দ, রেজিস্ট্রেশন নং-০৫, তারিখ: ১৯/০৭/২০১২ খ্রি:, ১ম সংশোধিত রেজি. নং-সঅ-০১ (আইন)
তারিখ: ০৫/০১/২০২৩ খ্রি:, ২য় সংশোধিত রেজি. নং-সঅ-০২ (আইন), তারিখ: ২০/০৩/২০২৪ খ্রি:
অফিস: নীড়-২৮, ৭৪/১ (২য় তলা) মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ফোন: +৮৮-০২-২৩৩১৪০০৪, মোবইল নম্বর: +৮৮ ০১৩২৯-৭২২৯৮৯, ইমেইল: info@caccoltdbd.com, ওয়েব: caccoltdbd.com

# দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড

**The Central Association of Christian Co-operatives (CACCO) Limited**

(স্থাপিত ঃ ১ মে, ২০০৭ খ্রিস্টাব্দ, রেজিস্ট্রেশন নং-০৫, তারিখ ঃ ১৯ জুলাই, ২০১২ খ্রিস্টাব্দ)

নীড়-২৮, ৭৪/১ (২য় তলা) মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।

## বোর্ড অব ডিরেক্টরস্

(২৮ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ হতে ২৭ জুন, ২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত)



টুটুল পিটার রড্রিকস্
চেয়ারম্যান



নিকোলাস আর. কোড়াইয়া
ভাইস-চেয়ারম্যান



কলিন্স টলেন্টিনু
সেক্রেটারি



রিচার্ড রিপন সরদার
ট্রেজারার



ডেভিড রোজারিও
ডিরেক্টর



আগষ্টিন কস্তা
ডিরেক্টর



সিলভিয়া রোজারিও
ডিরেক্টর



রোমিও ডি কস্তা
ডিরেক্টর



উইলসন রিবেরু
ডিরেক্টর



রোনাল্ড সনি গমেজ
ডিরেক্টর



আগষ্টিন বাড়ৈ টিটু
ডিরেক্টর



সোহেল থিউটনিয়াস রোজারিও
ডিরেক্টর

### চ্যাপলেইন



ফাদার ড. লিটন হিউবার্ট গমেজ, সিএসসি
চ্যাপলেইন

### অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ



টমাস বরুন গমেজ
আহ্বায়ক (কো-অপ্ট)



প্রশান্ত নাফাক
সদস্য-সচিব (কো-অপ্ট)



মিলি আইরিন এলুইশিয়াস
সদস্য (কো-অপ্ট)

# দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড

**সূত্র ঃ** কাক্কো/সেক্রেটারী/২০২৬-৩৮ **তারিখ ঃ** ২৩/০২/২০২৫ খ্রিস্টাব্দ

## ১৫তম বার্ষিক সাধারণ সভা
## বিজ্ঞপ্তি
(১ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ হতে ৩০ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত)

এতদ্বারা দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড-এর সকল সদস্য সমিতির সম্মানিত চেয়ারম্যান, সেক্রেটারী এবং ডেলিগেটগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৩ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ, রোজ শুক্রবার, বিকাল ৩:০০ ঘটিকায়, কক্সবাজার স্থিত হোটেল সী প্যালেস, কলাতলী, কক্সবাজার-এ দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড-এর ১৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত বার্ষিক সাধারণ সভায় প্রত্যেক সদস্য সমিতির পক্ষ থেকে (১) একজন ডেলিগেট অংশগ্রহণ করতে পারবেন। রেজিস্ট্রেশন কার্যক্রম দুপুর ২:৩০ ঘটিকা থেকে শুরু হবে।

উল্লেখ্য, কোন সদস্য সমবায় সমিতির পক্ষে গত ২০/০৬/২০২৫ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভা ও ব্যবস্থাপনা পরিষদের নির্বাচন-২০২৫-এ প্রতিনিধিত্বকারী ডেলিগেট পরিবর্তিত হয়ে থাকলে ডেলিগেট ফরম পূরণপূর্বক সংশ্লিষ্ট সমবায় সমিতির বোর্ড সভার কার্যবিবরণীর কপিসহ কাক্কো লিঃ-এর উপ-আইনের ১৩(ক), (খ) বিধান মোতাবেক সর্বশেষ ০১ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে ৭৪/1 (২য় তলা), মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকায় অবস্থিত কাক্কো লিঃ-এর স্থায়ী কার্যালয়ে পৌছানোর অনুরোধ জানাচ্ছি। উল্লেখ্য যে, ০১ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে পরিবর্তিত ডেলিগেটের নাম প্রেরণ করা না হলে গত ২০/০৬/২০২৫ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভা ও ব্যবস্থাপনা পরিষদের নির্বাচন-২০২৫-এ প্রতিনিধিত্বকারী ডেলিগেটের নাম বহাল থাকবে।

অতএব, অনুষ্ঠিতব্য বার্ষিক সাধারণ সভায় সম্মানিত সকল ডেলিগেটগণকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য বিনীতভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

| সভার আলোচ্যসূচীঃ- | |
|---|---|
| ১. উপস্থিতি গণনা ও কোরাম ঘোষণা; | ১০. আর্থিক প্রতিবেদন পেশ ও অনুমোদন; |
| ২. আসন গ্রহণ; | ১১. প্রস্তাবিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন; |
| ৩. জাতীয়, সমবায়, কাক্কো ও অন্যান্য সদস্য সমিতির পতাকা উত্তোলন; | ১২. প্রধান নির্বাহী কর্মকর্তার রিপোর্ট পেশ ও অনুমোদন; |
| | ১৩. ঋণের সর্বোচ্চ সীমা নির্ধারণ; |
| ৪. পবিত্র বাইবেল থেকে পাঠ ও প্রার্থনা; | ১৪. নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও গ্রহণ; |
| ৫. কার্যবিবরণী রক্ষক নিয়োগ; | ১৫. অভ্যন্তরীণ নিরীক্ষা কোষের প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন; |
| ৬. চেয়ারম্যানের স্বাগত ভাষণ; | |
| ৭. ১৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন; | ১৬. উপ-আইন সংশোধনী; |
| ৮. বিশেষ সাধারণ সভা ও নির্বাচনের কার্যবিবরণী পাঠ ও অনুমোদন; | ১৭. বর্তমান শেয়ারের বাজার মূল্য নির্ধারণ; |
| | ১৮. বিবিধ আলোচনা (যদি কিছু থাকে); |
| ৯. সেক্রেটারীর কার্যক্রম প্রতিবেদন পেশ ও অনুমোদন; | ১৯. ধন্যবাদ জ্ঞাপন ও সমাপ্তি। |

উল্লেখিত দিনে দুপুর ২:৩০ ঘটিকা বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে সভাস্থলে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর করে অনুষ্ঠিতব্য বার্ষিক সাধারণ সভা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদন করতে সকলকে বিনীতভাবে অনুরোধ জানাচ্ছি।

**সমবায়ী শুভেচ্ছান্তে,**

**কলিন্স টলেন্টিনু**
সেক্রেটারী, কাক্কো লিঃ

**সংযুক্ত ঃ** নিরীক্ষিত উদ্বৃত্তপত্রের ফটোকপি ------- ৩ (তিন) পাতা।

**বিশেষ দ্রষ্টব্য ঃ** (১) সমবায় সমিতি আইন-২০০১ এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা-২০০৪ এর ৮৮(৩) বিধি মোতাবেক কোন সদস্য সমিতির বার্ষিক চাঁদা, শেয়ার, সঞ্চয়, ঋণ অথবা সদস্যপদ সংক্রান্ত অন্যকোন পাওনা বকেয়া থাকলে উহা পরিশোধ না করা পর্যন্ত উক্ত সদস্য সমিতি বার্ষিক সাধারণ সভায় তার কোন অধিকার প্রয়োগ করতে পারবে না।

**অনুলিপি ঃ** ১। মাননীয় নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা, সদয় অবগতির জন্য।
২। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ সদয় অবগতির জন্য।
৩। সমিতির নোটিশ বোর্ড।
৪। অফিস কপি।



# চেয়ারম্যানের স্বাগত বক্তব্য

**কাক্কো লিঃ-এর সদস্য সমিতির সম্মানিত ডেলিগেটবৃন্দ, অতিথিবৃন্দ এবং সুধী মন্ডলীঃ**

দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড এর ১৫তম বার্ষিক সাধারণ সভায় অত্র প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিষদ, অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ, চ্যাপলেইন ও কর্মকর্তা-কর্মীগণের পক্ষ থেকে উপস্থিত শ্রদ্ধাভাজন প্রধান অতিথি, বিশেষ অতিথি, অন্যান্য অতিথিবৃন্দ এবং সকল ডেলিগেটবৃন্দকে জানাই সমবায়ী প্রীতি ও শুভেচ্ছা। শুরুতে আমি পরম করুণাময় সৃষ্টিকর্তাকে আজকের এই সুন্দর দিনটি উপহার দেয়ার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। তাঁর অশেষ করুণা ও আশীর্বাদে আমরা ২০২৪-২০২৫ অর্থবছর সমাপ্ত করার পর এই ১৫তম বার্ষিক সাধারণ সভায় আবার মিলিত হওয়ার সুযোগ পেয়েছি। আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই প্রয়াতঃ এবং জীবিত সকল নেতৃবৃন্দকে, যাঁদের অক্লান্ত পরিশ্রম ও সুযোগ্য নেতৃত্বে কাক্কো লিঃ আজকে দেশের সমবায় অঙ্গনে একটি শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে উপনীত হয়েছে। কাক্কো লিঃ এর চলমান উন্নয়নে আপনাদের সকলের নিরলস প্রচেষ্টা, সহযোগিতা এবং প্রত্যেকের নিঃস্বার্থ অংশগ্রহণে সকলকে কৃতজ্ঞচিত্তে ধন্যবাদ জানাচ্ছি।

আমাদের খ্রিস্টান সমবায় সমিতিসমূহের খেলাপী ঋণ প্রতিরোধ করতঃ একটি মর্যাদাশীল খ্রিস্টীয় সমাজ বিনির্মাণে ১ মে, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখে দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড-এর যাত্রা শুরু হয়েছিল। ঋণ খেলাপী প্রতিরোধ এর মূল লক্ষ্য হলেও খ্রিস্টান সমবায় সমিতিসমূহের গুণগত মান উন্নয়নে প্রায় ১৯ বছর যাবৎ সগৌরবে কাজ করে যাচ্ছে কাক্কো লিঃ। ১৯ জুলাই, ২০১২ খ্রিস্টব্দে সমবায় অধিদপ্তরে নিবন্ধনকালে কাক্কো'র কর্মএলাকা নির্ধারণ করে দেয়া ছিল শুধুমাত্র ঢাকা বিভাগ পর্যন্ত। বর্তমানে আমরা সমগ্র বাংলাদেশ কাক্কো'র কর্মএলাকা হিসেবে কাজ করার সুযোগ পেয়েছি। কাক্কো লিঃ-এর বহু প্রতিক্ষীত এ অর্জনে সক্রিয় সহযোগিতার জন্য আপনাদের সকলকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি।

বাংলাদেশে ক্রেডিট ইউনিয়ন আন্দোলনের শুরুর দিকে ক্রেডিট ইউনিয়নের পাশাপাশি সকল সমবায় সমিতিসমূহের কার্যক্রম খুবই ধীর গতিতে পরিচালনা করা হতো। সাধারণ সদস্য-সদস্যাগণ খুবই অল্প পরিমাণে অর্থ জমা করতেন। ফলে, মূলধন বৃদ্ধি হত ধীর গতিতে। সমিতির কার্যক্রম ছিল খুবই সীমিত। শেয়ার আদায় আর ঋণ প্রদান করাই ছিল তখনকার মূল কাজ। কিন্তু বর্তমানে আমরা দেখতে পাচ্ছি, গত দুই/তিন দশকের মধ্যে ক্রেডিট ইউনিয়ন বা সমবায় সমিতিগুলো আশানুরূপ বৃদ্ধি পেয়ে সার্বিকভাবে বৃহত্তর পরিধি লাভ করেছে। আর্থিক প্রতিষ্ঠান হিসেবে সমিতিগুলোর মূলধন ও সম্পদের পরিমাণ বৃদ্ধি হয়ে যতই বড় হচ্ছে, কার্যক্রম পরিচালনা এবং ব্যবস্থাপনার দিক দিয়ে ততই বিবিধ ঝুঁকির সৃষ্টি হচ্ছে। নানা ধরণের আমানত সংগ্রহের মাধ্যমে দ্রুত গতিতে মূলধন গঠন ও বৃদ্ধি করে মূলধনের যথাযথ ব্যবহার না করা, যত্রতত্র ব্যবহার করা, অনিয়মতান্ত্রিক ব্যবহার করায় সমিতিতে বিভিন্ন ধরণের সমস্যা সৃষ্টি হচ্ছে এবং সমিতি বিভিন্নভাবে ক্ষতির সম্মুক্ষীণ হচ্ছে। এই সকল ঝুঁকি এবং বিভিন্ন সমস্যা প্রতিকার ও উত্তরণের একমাত্র উপায় দক্ষ, নিবেদিত ও প্রশিক্ষিত নেতৃত্ব এবং চৌকষ পেশাদারীত্ব ব্যবস্থাপনা। সমবায় সমিতিগুলোকে শক্তিশালী করতে প্রয়োজন সকলের মধ্যে ঐক্যমত এবং সমঝোতার মনোভাব। আধুনিক কলা-কৌশলগুলোকে আমাদের সমিতির আর্থিক ব্যবস্থাপনায় ব্যবহার করতে হবে। দক্ষ নেতৃত্বের পাশাপাশি কর্মীবৃন্দের পেশাদারিত্ব, দক্ষতা ও মান বৃদ্ধি করতে হবে। দায় ও সম্পদ ব্যবস্থাপনায় আরো দক্ষ ও পারদর্শী হতে হবে। সমিতি পরিচালনায় সনাতন ধ্যাণ-ধারণা থেকে বের হয়ে পেশাদারী দৃষ্টিভঙ্গি নিয়ে নেতৃত্ব দিতে হবে। সমিতির মূলধন ব্যবহারে আরো কম ঝুকি সম্পন্ন, বিশ্লেষণধর্মী, যুগপোযোগী আত্মকর্মসংস্থানমুখী হতে হবে। সদস্য-সদস্যাদের সম্পদ যথাযথ ব্যবহার করে মুনাফার নিশ্চয়তা প্রদান করা। সদস্য-সদস্যাদের সম্পদের সুরক্ষা নিশ্চিত করতে হবে। সমবায়ের মূল নীতিমালাসমূহ বিবেচনায় নিয়ে দায়িত্ব পালন করতে হবে। সমবায় আইন, বিধি এবং সমিতির উপ-আইন পরিপালনে শ্রদ্ধাশীল হয়। প্রাথমিক সদস্যদের নেতৃত্ব উন্নয়ন, প্রফেশনালদের দক্ষতা বৃদ্ধি, সাধারণ সদস্যদের উদ্যোক্তা তৈরী, দূর্যোগ মোকাবেলায় চৌকষ করে গড়ে তোলাই আমাদের প্রচেষ্টার অন্যতম দিক নির্দেশনা।

ঋণ খেলাপী প্রতিরোধ এবং সুষ্ঠু ঋণ ব্যবস্থাপনাকে কেন্দ্র করেই কাক্কো লিঃ গঠন করা হয়েছিল। ক্যান্সারস্বরূপ ঋণ খেলাপী প্রতিরোধের লক্ষ্য বাস্তবায়নে সবচেয়ে সহজ ও যুগোপযোগী করে বিগত ১৮ অক্টোবর, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে "কাক্কো ক্রেডিট মনিটরিং সিস্টেম" (সিসিএমএস) নামে একটি অনলাইন ভিত্তিক ডাটাবেস সফট্ওয়্যার কার্যক্রম চালু করা হয়। সফট্ওয়ারটির মাধ্যমে সহজেই একজন ঋণ গ্রহীতাকে চিহ্নিত করাসহ একই সদস্য অন্যান্য সমিতি থেকে ঋণ গ্রহণ সংক্রান্ত তথ্য এবং গৃহীত ঋণটির বর্তমান অবস্থাসহ সকল বিষয়ে জানা যাচ্ছে। সিসিএমএস সেবা গ্রহণকারী সমিতিসমূহের নেতৃবৃন্দ সফট্ওয়্যার ব্যবহার করে উপকৃত হচ্ছেন মর্মে সন্তুষ্টি প্রকাশ করেছেন। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, সকল সমবায় সমিতি সিসিএমএস সফট্ওয়্যার গ্রহণ করলে একটি শক্তিশালী আন্তঃ নেটওয়ার্ক তৈরীসহ ঋণ খেলাপী সমস্যার অবসান হবে। বর্তমানে ১৮টি সদস্য সমিতি এই সিসিএমএস সফট্ওয়্যার গ্রহণ করে এর উপকারিতা ভোগ করছে। প্রত্যেকটি সমিতির ঋণ সংক্রান্ত সকল তথ্য অনলাইনে (সিসিএমএস সার্ভারে) আপলোড করা আছে। ঋণ আবেদনপত্র যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে এই সিসিএমএস

সফট্ওয়্যার থেকে প্রয়োজনীয় সকল তথ্য নিয়ে ঋণ অনুমোদন দেয়া খুবই সুবিধাজনক। দ্রুততম সময়ে এই সিসিএমএস সফট্ওয়্যার গ্রহণ করতঃ নেটওয়ার্কের সাথে সম্পৃক্ত হয়ে ঋণ খেলাপী প্রতিরোধে সহযোগিতা করার জন্য সকল সমিতির নেতৃবৃন্দকে আজকের এই বার্ষিক সাধারণ সভায় বিনীত অনুরোধ জানাচ্ছি।

আজকের এ সাধারণ সভায় আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, আমরা এই বৎসর ২০২৪-২০২৫ ফাইন্যানসিয়াল ও লোন ম্যানেজমেন্ট এর সার্বিক সিস্টেমকে অনলাইন ভিত্তিক ডিজিটাল সিস্টেম এর আওতায় আনতে সক্ষম হয়েছি। যার সুফল ইতোমধ্যে আপনারা সকলেই ভোগ করছেন। আমরা সমবায় সমিতির কর নির্ধারণ ও রিটার্ন দাখিল কার্যক্রমকে ত্বরান্বিত করা এবং সমবায় বান্ধব করার লক্ষ্যে সর্বাত্নকভাবে ওয়েবিনার, আলোচনা চালিয়ে যাওয়া, আন্দোলন করা এবং রিটপিটিশন জারি করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছি। ইতোমধ্যে আমরা ৪৪ জনকে এ বিষয়ে প্রশিক্ষিত করতে সক্ষম হয়েছি। ফলে সমবায় সমিতি নিজ উদ্যোগে তাদের নিজ নিজ ট্যাক্স এসেসমেন্ট সমাপ্ত করতে তুলনামূলক ভাবে সক্ষম হয়েছে।

গত ২০ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ বিশেষ সাধারণ সভা ও নির্বাচন-২০২৫-এ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত করে আপনারা আমাদের দায়িত্বভার অর্পণ করেছেন। এজন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। বিগত ব্যবস্থাপনা পরিষদের কার্যক্রমের ধারাবাহিকতায় বর্তমান ব্যবস্থাপনা পরিষদ দায়িত্বভার গ্রহণ করে যেসকল উল্লেখযোগ্য কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করেছে এবং এখনো বাস্তবায়ন করার চেষ্টা চালিয়ে যাচ্ছে তার একটি সংক্ষিপ্ত বর্ণনা আপনাদের সদয় অবগতির জন্য উপস্থাপন করছি।

**১। শেয়ার মূলধন, সঞ্চয় আমানত এবং সম্পদ ও পরিসম্পদ বৃদ্ধি ঃ** সদস্য সমিতির সক্রিয় অংশগ্রহণে শেয়ার মূলধন, সঞ্চয় আমানত এবং সম্পদের পরিমাণ বিগত বছরের তুলনায় আলোচ্য অর্থবছরে উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে।

| বিষয় | অর্থবছর | | | | | বৃদ্ধির হার |
|---|---|---|---|---|---|---|
| | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | |
| শেয়ার মূলধন | ২,৪২,৭৮,৮০০ | ২,৬৭,৭৬,১০০ | ৩,৭৪,৭২,৫০০ | ৩,৯২,০৬,৫০০ | ৩,৯৫,৩৫,৫০০.০০ | ০.৮৪% |
| সঞ্চয় আমানত | ৪৫,৫৯,৭১৯ | ৫৪,৬৩,৯৬৭ | ৬৪,৪৬,৫১৮ | ১, ০৬,৭৯,০৩৩ | ১,২৬,৫৭,১৭০.০০ | ১৮.৫২% |
| স্থায়ী আমানত | ১০,৯৮,৮৭,৮০২ | ২১,৭৩,৯২,৭৬০ | ৪০,২৭,৮৪,৯৯৬ | ৫১,১৭,৭৬,৬৯৭ | ৬৩,২৪,৬০,৮২৬.০০ | ২৩.৫৮% |
| সম্পদ-পরিসম্পদ | ১৫,৫৫,৫২,৭৬৯ | ২৭,২০,৬২,৯১৫ | ৪৮,১০,২৯,০৮০ | ৬২,৮৫,৮৭,৪১৫ | ৮০,৪৮,৬২,৯৫৫.০০ | ২৮.০৪% |
| সদস্য সংখ্যা | ৪১টি | ৪২টি | ৪৭ টি | ৫১টি | ৫৪টি | ৫.৮৮% |

বর্তমানে জানুয়ারী ২০২৬ পর্যন্ত মোট সম্পদ পরিসম্পদের পরিমাণ ৮৪,০৯,৯৭,৬৪৭.০০ টাকা।

**২। ঋণ প্রদান কার্যক্রম ঃ** ৩০ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত সদস্য সমবায় সমিতিতে প্রদানকৃত ঋণের পরিমাণ ছিল মোট ১০,১২,৩৫,০০০.০০ (দশ কোটি বারো লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা। ২০২৪-২০২৫ অর্থবছরে ০৯(নয়) টি সদস্য সমবায় সমিতিতে সর্বমোট ১৫,৯৬,৫৪,২৫৩.০০ (পনেরো কোটি ছিয়ানব্বই লক্ষ চুয়ান্ন হাজার দুইশত তিপান্ন) টাকা ঋণ হিসেবে প্রদান এবং প্রদানকৃত ঋণ মোট ১৩,৮৭,৯০,৩৭১.০০ (তেরো কোটি সাতাশি লক্ষ নব্বই হাজার তিনশত একাত্তর) টাকা আদায় করায় ৩০ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত ঋণের স্থিতি দাড়িয়েছে সর্বমোট ১২,২০,৯৮,৮৮২.০০ (বারো কোটি বিশ লক্ষ আটানব্বই হাজার আটশত বিরাশি) টাকা মাত্র।

**৩। কাক্কো ৬ষ্ঠ ওপেন ফোরাম-২০২৫ কর্মসূচী বাস্তবায়ন ঃ** 'উদ্ভাবন, প্রচেষ্টা ও উৎকর্ষতার মাধ্যমে সমৃদ্ধ জীবনের জন্য সমবায়' প্রতিপাদ্য নিয়ে সমগ্র বাংলাদেশের ১৩০ জন চৌকষ সমবায় নেতৃবৃন্দের সক্রিয় অংশগ্রহণে ২০ হতে ২৩ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ কক্সবাজার হোটেল সী প্যালেস-এ অনুষ্ঠিত হয় দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড এর ৬ষ্ঠ ওপেন ফোরাম-২০২৫। সমবায়ের বৈশ্বিক পরিস্থিতি, বাংলাদেশের প্রেক্ষাপটে সমবায়ের সর্বশেষ প্রবণতা, চ্যালেঞ্জ ও সুযোগসমূহ, আর্থসামাজিক চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় সমবায় সমিতির ভূমিকা, সমবায়ে এসএমই ও মাইক্রো ক্রেডিট অন্তর্ভূক্তিকরণ, সদস্যদেরকে উৎপাদনে সম্পৃক্তকরণ, জলবায়ু সুরক্ষায় করণীয়সমূহ, সকল বয়সের জনগোষ্ঠী- বিশেষ করে যুব, নারী ও বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের সমিতির সাথে যুক্ত করার কৌশলসমূহ, সমবায়ের নেতৃত্ব নির্বাচনে আকু'র 'ফিট এন্ড প্রপার' পলিসি উপস্থাপন এবং প্রফেশনালদের উন্নয়নে চ্যালেঞ্জ ও সম্ভাবনাসমূহ বিষয়ে নান্দনিক উপস্থাপনা ও বস্তুনিষ্ঠ আলোচনা করা হয়। ফোরামে আকু'র সিইও মিস্ এলিনেটা ভি. সানরেক সমবায়ের বৈশ্বিক পরিস্থিতি ও আন্তর্জাতিক সমবায় দিবস উদযাপন ও এর তাৎপর্য নিয়ে বিশ্লেষণধর্মী ভিডিও উপস্থাপনা প্রদান করেন। ৩দিনের এই ফোরামে বিষয়ভিত্তিক আলোচনার পাশাপাশি ২টি সমবায় সমিতিতে এক্সপোজার প্রোগ্রাম, প্রকৃতির সৌন্দর্য অবলোকন ও নিজেদের মধ্যে শেয়ারিংয়ের মাধ্যমে জ্ঞান অর্জনের একটি অনন্য সুযোগ তৈরী করেছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি আর্চবিশপ সুব্রত হাওলাদার সমবায়ের মাধ্যমে সুশাসন নিশ্চিত করা এবং নিম্ন আয়ের মানুষের আর্থিক সুরক্ষা প্রদানের ওপর গুরুত্বারোপ করেন এবং কাক্কো'র কার্যক্রমসহ এর সুফল চট্টগ্রামের সকল খ্রীষ্টান সমিতিতে পৌঁছে দিতে সার্বিক সহায়তার আশ্বাস প্রদান করেন। ফোরামের কাক্কো লিঃ কর্তৃক পরিচালিত বিভিন্ন কার্যক্রম মূল্যায়ন ও নির্ধারিত কিছু সূচকের ভিত্তিতে সদস্য সমবায় সমিতির মধ্য হতে ৪টি সমবায় সমিতিকে যথাক্রমে (ক) দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড, ঢাকা, সদস্য নং- ০১, (খ) দি মেট্রোপলিটান খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ, সদস্য নং- ৩৩, (গ) ধরেন্ডা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড, সদস্য নং-১৪

ও (ঘ) হাসনাবাদ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড, সদস্য নং-৪৮ স্বীকৃতি প্রদান করা হয়। সেইসাথে ১ম বারের মতো সমবায় সমিতিতে অসামান্য অবদান ও দৃঢ় নেতৃত্ব প্রদানের স্বীকৃতি স্বরূপ একজন শ্রেষ্ঠ সমবায়ী ব্যক্তিত্ব মি. আগষ্টিন প্রতাপ গমেজ, চেয়ারম্যান, দি মেট্রোপলিটান খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ কে পুরস্কার প্রদান করা হয়। ফোরামের শেষ অংশে অংশগ্রহণকারী নেতৃবৃন্দের সম্মিলিত সম্মতিতে এবং সিলেট ঘোষণাপত্র হিসেবে পরিচিত ৫ম ওপেন ফোরাম ঘোষণাপত্র, এসডিজি, বর্তমান প্রেক্ষাপট ও আক্কু কর্তৃক গৃহীত ব্যাংকক ঘোষণাপত্র পর্যালোচনার মাধ্যমে ২০৩০ সালের মধ্যে বাস্তবায়নের লক্ষ্য নিয়ে ৬ষ্ঠ ওপেন ফোরাম ঘোষণাপত্র নির্ধারণ করা হয়।

৪। **কাক্কো লিঃ-এর ১৪তম বার্ষিক সাধারণ সভা বাস্তবায়ন ঃ** কাক্কো লিঃ-এর ১৪তম বার্ষিক সাধারণ সভা ২১ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে কক্সবাজার হোটেল সী প্যালেস-এ অনুষ্ঠিত হয়। ১৪তম বার্ষিক সাধারণ সভা সদস্য সমিতির ৩৮ জন ডেলিগেট ও ৪০ জন অবজারভার অংশগ্রহণ করেন। আলোচ্যসূচী মোতাবেক কাক্কো লিঃ-এর ২০২৩-২০২৪ অর্থবছরের বিভিন্ন অর্জন, চলমান কার্যক্রমসমূহ এবং আয় ও ব্যয়ের বাজেটসহ ভবিষ্যৎ পরিকল্পনা বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হয়।

৫। **জমি প্রকল্প ঃ** বিগত বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত এবং কাক্কো'র ২য় ত্রি-বার্ষিক এবং পরিপ্রেক্ষিত পরিকল্পনা মোতাবেক বিনিয়োগ কার্যক্রমের আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরেও জমি প্রকল্পে বিনিয়োগ করা হয়েছে। ভবিষ্যত বিনিয়োগ কার্যক্রমকে ফলপ্রসু করার জন্য ইতোমধ্যে পূর্বাচল সন্নিকট পারোয়ান, নাগরী ও মঠবাড়ী মৌজায় ৮৪১.২৮শতাংশ জমি কাক্কো'র নামে রেজিস্ট্রি সম্পন্ন করা এবং ৩৫.৬০ শতাংশ জমি ক্রয়ের উদ্দেশ্যে বায়না প্রদান করা হয়েছে। এ ছাড়াও পূর্বচল প্রবাসী পল্লীতে ২৪টি প্লট এবং ঢাকা মাওয়া সিটিতে ১০টি প্লট ক্রয় করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, ইতোমধ্যে ভাসানিয়া জমি প্রকল্পে বর্তমানে সমন্বিত কৃষি খামার প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। খামারে বিভিন্ন ধরনের সবজি, ধান, মসলা গবাদি প্রাণী ও পুকুরে মাছ রয়েছে। খামার প্রকল্পের অর্থায়নে ব্যাংক হতে ঋণ গ্রহণ করার পরিকল্পনা রয়েছে।

৬। **সদস্য সমিতিসমূহের অভ্যন্তরীণ অডিট, হিসাব সেবা, প্রশিক্ষণ ও কারিগরি সহযোগিতা প্রদান করা ঃ** বিগত সময়ের ন্যায় এ বছরেও কাক্কো লিঃ-এর অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ বছরে ১৫টি সমবায় সমিতির ম্যানুয়াল হিসাবপত্র নিরীক্ষা ও মিলকরণের মাধ্যমে অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পাদনপূর্বক নিরীক্ষা রিপোর্ট প্রদান করা হয়েছে, নিরীক্ষাকালে যেসকল সমিতিতে সফট্ওয়্যার রয়েছে তা মিলকরণের বিষয়ে বিশেষ নজর দেওয়া হয়। কাক্কো'র অভ্যন্তরীণ নিরীক্ষা ও হিসাব সেবা কাজের যথেষ্ট সুনাম ও চাহিদা রয়েছে; বিগত বার্ষিক সাধারণ সভায়ও ডেলিগেটবৃন্দ কাক্কো'র অডিট সার্ভিসের ভূয়সী প্রশংসা করেছেন। বর্তমান ব্যবস্থাপনা পরিষদ এ বিষয়ে কাজ করে যাচ্ছে এবং ইতিমধ্যে অডিট কাজের জন্য অডিট অফিসার নিয়োগসহ অডিট টিম গঠন করা হয়েছে। সেইসাথে সদস্য সমবায় সমিতির বিধিবদ্ধ নিরীক্ষা করার অনুমোদন প্রাপ্তির জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন দাখিল করা হয়েছে। এছাড়াও কাক্কো'র নিয়মতি প্রশিক্ষণ কার্যক্রম, প্রাথমিক সমবায় সমিতি কর্তৃক আয়োজিত শিক্ষা সেমিনার ও প্রশিক্ষণ, সমিতি পরিদর্শন, বার্ষিক সাধারণ সভায় অতিথি ও বক্তা হিসেবে উপস্থিত হয়ে পরামর্শদান এবং সার্বিক সহায়তা কার্যক্রম অব্যাহত আছে। সদস্য সমিতির চাহিদা মোতাবেক নিয়মিত হিসাব সেবাসহ বিভিন্ন কারিগরি সহায়তা ও পরামর্শ প্রদান করা হচ্ছে।

৭। **প্রশিক্ষণ আয়োজন ঃ** প্রশিক্ষণ হচ্ছে জ্ঞান, দক্ষতা ও আচরণের পরিবর্তনের মাধ্যমে সফলতার গতিশীলতা বৃদ্ধি করার প্রয়াস। এটি কর্মীর পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করে এবং কাজের প্রতি তাকে আগ্রহান্বিত করে তোলে। কাক্কো ধারাবাহিক ভাবে কর্মকর্তা, কর্মী, সদস্যদের জ্ঞান ও দক্ষতাবৃদ্ধিতে বুট ক্যাম্প, ফিট এন্ড প্রপার ট্রেইনিং, সিইউডিসিসি, হিসাব ব্যবস্থাপনা, উদ্যোক্তা তৈরী প্রশিক্ষণ এর ব্যবস্থা করা, দেশে ও দেশের বাহিরে বিভিন্ন ওয়ার্কশপ ও ফোরাম-এ অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করাসহ চলমান প্রশিক্ষন কার্যক্রম ও কাস্টমাইজ কোর্স সমূহ পরিচালনা করা অব্যাহত রয়েছে।

৮। **সদস্য সংখ্যা বৃদ্ধি পরিকল্পনা ঃ** বাংলাদেশের বিভিন্ন জেলায় অনেক প্রাথমিক খ্রিস্টান সমবায় সমিতি রয়েছে যারা এখনো কাক্কো লিঃ এর সদস্যপদ গ্রহণ করে নাই, ফলে বিভিন্ন সাহায্য-সহযোগিতা থেকে বঞ্চিত হচ্ছে। কাক্কো সম্পর্কে বিভিন্ন প্রচার-প্রচারণা, সংবাদ আদান-প্রদান এবং যোগাযোগের মাধ্যমে ঐ সকল প্রাথমিক খ্রিস্টান সমবায় সমিতিসমূকে কাক্কো লিঃ এর সদস্যপদ গ্রহণে উদ্বুদ্ধ করে সদস্যপদ গ্রহণ নিশ্চিত করার জন্য আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি। ২০২৪-২০২৫ অর্থবছরে ০৩টি এবং এপর্যন্ত আরো ০৪টি সর্বমোট ০৭টি প্রাথমিক খ্রিস্টান সমিতিকে পূর্ণ সদস্যপদ প্রদান করা হয়েছে। বর্তমানে কাক্কো লিঃ-এর সদস্য সংখ্যা ৫৮টি প্রাথমিক খ্রিস্টান সমিতি।

৯। **শেয়ারের বাজার মূল্য নির্ধারণ ঃ** সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৫(২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর বিধি ৯২ ও ৯৩ অনুযায়ী, নতুন সদস্য পদ লাভ বা শেয়ার ক্রয়ের ক্ষেত্রে সমিতির বিদ্যমান সম্পদের ভিত্তিতে নির্ধারিত বাজার মূল্য পরিশোধ করা আইনত বাধ্যতামূলক। সমবায় অধিদপ্তরের নির্দেশনা ও নির্ধারিত গাণিতিক সূত্র বিশ্লেষণ করে বিগত বছরে প্রতিটি শেয়ারের বাজার মূল্য ১৩০.০০ (একশত ত্রিশ) টাকা নির্ধারণ করা হয়। বর্তমানে কাক্কো লিঃ-এর প্রতিটি ১০০.০০ টাকা অভিহিত মূল্যের শেয়ারের প্রকৃত বাজার মূল্য দাঁড়ায় ১৪৯.০০ টাকা। বিষয়টি আজকের সভায় আলোচনার জন্য সুযোগ রয়েছে।

১০। **লভ্যাংশ প্রদান ঃ** ২০২৪-২০২৫ অর্থবছরে শেয়ার মূলধনের উপর ভিত্তি করে নীট লাভ হতে ১০.৫০% লভ্যাংশ হিসেবে ৪১,২৭,৬০৯.০০ (একচল্লিশ লক্ষ সাতাশ হাজার ছয়শত নয়) টাকা প্রদানের প্রস্তাব করা হয়েছে যা আলোচ্যসূচী অনুযায়ী আপনাদের মূল্যবান আলোচনার জন্য উপস্থাপন করা হবে।

**সম্মানিত ডেলিগেটবৃন্দ,**

**কাক্কো'র ভবিষ্যত পরিকল্পনাঃ** অত্র প্রতিষ্ঠানকে সামনে এগিয়ে নিয়ে যাওয়া কাক্কো নেতৃবৃন্দ বদ্ধপরিকর। এ লক্ষে গৃহীত কার্যক্রম সফল করার জন্য কৌশলগত পরিকল্পনার সফল বাস্তবায়ন, চৌকষ পেশাদারিত্ব প্রবর্তন, সমগ্র বাংলাদেশে কার্যক্রম প্রসার, সমবায় অধিদপ্তর, কালৃব, আকু ও উকু সহ অন্যান্য সংশ্লিষ্ট সকলের সাথে কার্যকর সম্পর্ক বজায় রেখে কাক্কো খ্রিস্টান সমবায় অঙ্গনে সফল নেতৃত্ব প্রদানের মাধ্যমে সমবায়ের গুনগত মান উন্নয়ন করা।

**১। যুব উন্নয়ন ঃ** কাক্কো লিঃ সমবায় সমিতি সমুহের নেতৃত্ব গঠণে, প্রদানে বরাবরই যুগপোযোগী ভূমিকা রেখে চলেছে; বর্তমান সময়ে বৈশ্বিক পরিবর্তনে যখন যুব সমাজ দিশেহারা, স্বপ্ন বাস্তবায়নে বিদেশ চলে যাবার হাতছানি এবং ভবিষৎ নেতৃত্বদানে যুবদের অংশগ্রহণ যখন হুমকীর সম্মুখীন তখন কাক্কো লিঃ মন্ডলীর সাথে কৌশলী সম্পর্ক স্থাপনের মাধ্যমে মহাকর্মযজ্ঞ হাতে নিয়েছে। এরই ধারাবাহিকতায় যুবদের নিয়ে সমবায় সমিতি গঠণ, বর্তমান সমবায়সমুহে যুবদের সম্পৃক্তকরণ ও প্রশিক্ষণের মাধ্যমে যুব নেতৃত্ব তৈরী করা, দেশে ও বিদেশে বিশেষ বিশেষ ক্ষেত্রে সম্পৃক্তকরণ ও নেতৃত্বে আসার বিষয়ে উদ্বুদ্ধকরণ কর্মসূচী হাতে নিয়েছে।

**২। আন্তর্জাতিক সমবায় বর্ষ উদ্‌যাপন ঃ** সমবায়ের মাধ্যমে উন্নত জীবনের প্রয়াসে সমবায় অধিদপ্তর, কালৃব ও অন্যান্য নেটওয়ার্ক এর সাথে যুক্ত থেকে আন্তর্জাতিক সমবায় বর্ষ উদ্‌যাপন, যুব উদ্যেক্তা, নেতৃত্ব বিষয়ক প্রশিক্ষণ, দেশ-বিদেশে এক্সপোজার, ডকুমেন্টরী প্রস্তুত, নারীদের অংশগ্রহণ সুনিশ্চিতে যুগপোযোগী প্রশিক্ষণ, নেতৃত্বের সমবায় ব্যবস্থাপনায় অংশগ্রহণ নিশ্চিত করণ। গুনগত সমবায় আন্দোলন জোরদার করণে কৌশলগত কার্যক্রম সমূহ বাস্তবায়ন তত্বাবধান ও কারিগরি সহায়তা প্রদান; এক্ষেত্রে নিজ নিজ সমবায় সমিতি স্থান, সময় ও কনটেন্ট অনুযায়ী কর্মসূচী বাস্তবায়ন করবে বলে আশা করি।

**৩। প্রফেশনাল ডেভেলপমেন্ট ঃ** সফল সমবায় সমিতির প্রফেশনালদের জ্ঞান ও দক্ষতা অবিরত বৃদ্ধির লক্ষ্যে প্রায়োগিক প্রশিক্ষণ যেমন সিইওদের সম্মেলন, বিভিন্ন ফোরামে কর্মীদের অংশগ্রহণ, হাতে কলমে অন্যান্য সমাজের কার্যক্রম পরিদর্শন, এক্সপোজার কর্মসূচী পরিচালনা করা, ব্যতিক্রমী কার্যক্রমের জন্য প্রশংসাপত্র ও স্বীকৃতি প্রদান করা। প্রফেশনাল ও লিডারশীপ ক্রাইসিস মোকাবেলায় বর্তমান সময়ে আমাদের যুব সমাজ পারিপার্শিকতার বহুবিধ কারনে দেশের প্রতি বিমুখ হয়ে দেশান্তরীত হচ্ছে একই সাথে প্রফেশনাল ঘাটতি মারাত্মক আকার ধারণ করেছে। বর্ণিত বিষয়ে কাক্কোসহ সমবায় সমিতি, মন্ডলী ব্যাপক নেতৃত্ব উন্নয়ন কার্যক্রম হাতে নিয়েছি।

**৪। নিয়ন্ত্রিত সুদহার ঃ** একই এরিয়ায় বিভিন্ন সমবায় সমিতিতে স্থায়ী আমানত হিসাবের বিভিন্ন সুদ হার চলমান রয়েছে, যা ছোট বা অপেক্ষাকৃত কম মুলধন রয়েছে যে সকল সমিতি তাদের জন্য একটি বড় চ্যালেঞ্জ। এইভাবে চলার কারনে সমিতিতে তারল্য সংকট সৃষ্টি হচ্ছে, সদস্যদের লভ্যাংশ প্রদানের হার কমে যাচ্ছে। সকল সমিতিতে নিয়ন্ত্রিত সুদহার নির্ধারণে কাক্কো কৌশলী ভূমিকা পালন করার চেষ্টা চালিয়ে যাচ্ছে।

**সম্মানিত ডেলিগেটবৃন্দ,**

দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিঃ এর প্রতিষ্ঠাকালীন সময় থেকে হালনাগাদ পর্যন্ত শক্তিশালী করার জন্য বিভিন্ন কার্যক্রমে আপনারা মেধা, পরামর্শ এবং দিক-নির্দেশনা দিয়ে যেভাবে সাহায্য-সহযোগিতা করেছেন সেজন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। বিশ্বাস করি ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে। সদস্য সমিতি হিসেবে প্রতি বছর নির্দিষ্ট সময়ের মধ্যে বার্ষিক সদস্য চাঁদাসহ অন্যান্য পাওনা নিয়মিত পরিশোধ এবং কাক্কো ডিজিটাল সিস্টেম-এর সাথে সম্পৃক্ত হয়ে সমিতির প্রচলিত ঋণ ব্যবস্থাপনাসহ কাক্কো লিঃ এর সার্বিক কর্মকান্ডকে আরো শক্তিশালী, বেগবান এবং সামনের দিকে এগিয়ে নিতে আপনাদের সকলের সার্বিক সাহায্য-সহযোগিতা কামনা করছি।

ভবিষ্যতে এ কেন্দ্রীয় সমবায় সমিতি সম্প্রতি গৃহীত এর দীর্ঘমেয়াদী কর্মকৌশলপত্রের আংগিকে অতি দ্রুততম সময়ের মধ্যে একটি অনুকরণীয় কেন্দ্রীয় সমিতিতে রূপান্তর করাসহ সমবায় অঙ্গনে দায়িত্বশীল ভূমিকা পালন করতে প্রতিশ্রুতিবদ্ধ।

আজকের এই সভায় সেক্রেটারীর কার্যক্রম প্রতিবেদন, আর্থিক প্রতিবেদন, বাজেট এবং প্রধান নির্বাহী কর্মকর্তার রিপোর্টসহ অন্যান্য বিষয় উপস্থাপিত হবে। আমি আশা করি, আপনারা সকলে উপস্থাপিত প্রতিবেদন সমূহের উপর বিস্তারিত আলোচনা করে সঠিক দিক-নির্দেশনা ও সুপরামর্শ দিয়ে বার্ষিক সাধারণ সভাকে স্বার্থক ও সাফল্যমন্ডিত করে তুলবেন।

পরিশেষে, আজকের এই বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হওয়ার জন্যে আপনাদের সকলকে আবারও ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**সমবায়ী শুভেচ্ছান্তে-**

**টুটুল পিটার রড্রিকস্**
চেয়ারম্যান
দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লি

আলোচ্যসূচীঃ | ০৭ |

# ১৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

২১ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ, শুক্রবার, সন্ধ্যা ০৬ঃ০০ ঘটিকা
স্থান ঃ হোটেল সী প্যালেস, কক্সবাজার।

**সভার আলোচ্যসূচী ছিল** (০১) উপস্থিতি গণনা ও কোরাম ঘোষণা; (০২) আসন গ্রহণ; (০৩) জাতীয়, সমবায়, কাক্কো ও অন্যান্য সদস্য সমবায় সমিতির পতাকা উত্তোলন; (০৪) পবিত্র বাইবেল থেকে পাঠ ও প্রার্থনা; (০৫) কার্যবিবরণী রক্ষক নিয়োগ; (০৬) চেয়ারম্যানের স্বাগত ভাষণ; (০৭) ১৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন; (০৮) সেক্রেটারীর কার্যক্রম প্রতিবেদন পেশ ও অনুমোদন; (০৯) আর্থিক প্রতিবেদন পেশ ও অনুমোদন; (১০) প্রস্তাবিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন; (১১) প্রধান নির্বাহী কর্মকর্তার রিপোর্ট পেশ ও অনুমোদন; (১২) ঋণের সর্বোচ্চ সীমা নির্ধারণ; (১৩) নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও গ্রহণ; (১৪) অভ্যন্তরীণ নিরীক্ষা কোষের প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন; (১৫) উপ-আইন সংশোধনী; (১৬) বর্তমান শেয়ারের বাজার মূল্য নির্ধারণ; (১৭) বিবিধ আলোচনা (যদি কিছু থাকে); (১৭) ধন্যবাদ জ্ঞাপন ও সমাপ্তি।

**আলোচ্যসূচী-০১ ঃ উপস্থিতি গণনা ও কোরাম ঘোষণা ঃ** দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিঃ-এর ১৪তম বার্ষিক সাধারণ সভার নোটিশের তারিখে সদস্য সমিতির সংখ্যা ছিল ৫২টি। ১৪তম বার্ষিক সাধারণ সভার নোটিশে উল্লেখিত সময়ের মধ্যে ৩৩টি সদস্য সমিতির ডেলিগেট উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর করতঃ তাদের উপস্থিতি নিশ্চিত করেন। সভায় উপস্থিতি তালিকা অনুযায়ী ৩৩ জন ডেলিগেট এবং প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অবজারভারসহ সর্বমোট ৫৮ জন উপস্থিত ছিলেন। সাধারণ সভার কোরাম পূর্ণ হওয়ায় কাক্কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা সভার কোরাম ঘোষণা করেন। নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-০৩ এর ডেলিগেট ও কাক্কো লিঃ-এর সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্-এর প্রস্তাব ও ঢাকা খ্রীষ্টিয়ান বহুমূখী সমবায় সমিতি লিঃ-এর ডেলিগেট ও কাক্কো লিঃ-এর ডিরেক্টর ডাঃ বিনয় গোস্বামী'র সমর্থনে সর্বসম্মতিক্রমে ১৪তম বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করেন কাক্কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা। অতঃপর সভার সভাপতি অলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্-কে অনুরোধ জানান।

**আলোচ্যসূচী-০২ ঃ আসন গ্রহণ ঃ** দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিঃ-এর সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্-এর আহ্বানে সভামঞ্চে আসন গ্রহণ করেন অদ্যকার সভার সভাপতি ও কাক্কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা, প্রধান অতিথি হিসেবে দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কালব) -এর চেয়ারম্যান মিঃ আগষ্টিন পিউরীফিকেশন, বিশেষ অতিথি কাক্কো'র প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মিঃ নির্মল রোজারিও, প্রাক্তন সদস্য-সচিব, আহ্বায়ক কমিটি, মি. বাবু মার্কুস গমেজ, নটরডেম কলেজের ব্যবসায় শিক্ষা বিভাগের প্রভাষক ও কাক্কো লিঃ-এর চ্যাপলেইন শ্রদ্ধেয় ফাদার ড. লিটন হিউবার্ট গমেজ, সিএসসি। এ ছাড়া আরও আসন গ্রহণ করেন, কাক্কো'র ভাইস-চেয়ারম্যান মিঃ অনিল লিও কস্তা, ট্রেজারার মিঃ নিকোলাস আর. কোড়াইয়া, ডিরেক্টর মিঃ ডেভিড রোজারিও, ডিরেক্টর ডাঃ বিনয় গোস্বামী, ডিরেক্টর মিস কবিতা গ্লোরিয়া গমেজ, ডিরেক্টর মিঃ সঞ্চয় লেনার্ড কস্তা, ডিরেক্টর মিঃ আগষ্টিন কস্তা, ডিরেক্টর মিসেস সিলভিয়া রোজারিও, ডিরেক্টর মিঃ লিটন রিচার্ড ক্রুশ, অভ্যন্তরীণ নিরীক্ষা কোষের আহ্বায়ক মিঃ রোমিও ডি' কস্তা, সদস্য সচিব মিসেস খ্রীষ্টিনা গমেজ এবং সদস্য মিঃ মার্টিন মৃ। একই সাথে সম্মানিত ডেলিগেটগণ এবং অন্যান্য প্রতিনিধি/অবজারভার/অতিথিকে নিজ নিজ আসন গ্রহণ করার জন্য সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্ বিনীত অনুরোধ জানান। এরপর কাক্কো লিঃ-এর চেয়ারম্যান ও অদ্যকার সভার সভাপতি মিঃ পংকজ গিলবার্ট কস্তা প্রধান অতিথি, গেস্ট অব অনার ও অন্যান্য অতিথিগণকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন।

**আলোচ্যসূচী-০৩ ঃ জাতীয়, সমবায়, কাক্কো ও অন্যান্য সদস্য সমবায় সমিতির পতাকা উত্তোলন ঃ** কাক্কো লিঃ-এর ১৪তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন করেন প্রধান অতিথি দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কালব) -এর চেয়ারম্যান মিঃ আগষ্টিন পিউরীফিকেশন, সমবায় পতাকা উত্তোলন করেন বিশেষ অতিথি কাক্কো'র প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মিঃ নির্মল রোজারিও ও প্রাক্তন সদস্য-সচিব, আহ্বায়ক কমিটি, মি. বাবু মার্কুস গমেজ এবং কাক্কো'র পতাকা উত্তোলন করেন সভাপতি ও কাক্কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা। উপস্থিত সকলে দাঁড়িয়ে সমবেত কন্ঠে জাতীয় সঙ্গীত ও সমবায় সঙ্গীতে অংশগ্রহণ করেন এবং জাতীয় পতাকার প্রতি সম্মান প্রদর্শন করেন।

**আলোচ্যসূচী-০৪ ঃ পবিত্র বাইবেল থেকে পাঠ ও প্রার্থনা ঃ** পবিত্র বাইবেল থেকে পাঠ ও প্রার্থনা করেন নটরডেম কলেজের ব্যবসায় শিক্ষা বিভাগের প্রভাষক ও কাক্কো লিঃ-এর চ্যাপলেইন শ্রদ্ধেয় ফাদার ড. লিটন হিউবার্ট গমেজ, সিএসসি।

**আলোচ্যসূচী-০৫ ঃ কার্যবিবরণী রক্ষক নিয়োগ ঃ** সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্ বলেন, ১৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করার জন্য বোর্ডের পক্ষ থেকে কাক্কো লিঃ-এর অফিসার-সেক্রেটারীয়েট, জমি ও খামার ব্যবস্থাপনা, মিঃ বাবুল দরেছ-কে দায়িত্ব প্রদান করা হয়েছে। আপনারা চাইলে হাউজ থেকেও কার্যবিবরণী রক্ষক নিয়োগ করতে পারেন। অতঃপর হাউজ থেকে কোন প্রস্তাব না থাকায় নয়ানগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং- ১০ এর ডেলিগেট মিঃ রিচার্ড রিপন সরদার -এর প্রস্তাব ও তুইতাল খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং- ৪৪ এর ডেলিগেট মিঃ খ্রীষ্টফার গমেজ-এর সমর্থনে সর্বসম্মতিক্রমে বোর্ড কর্তৃক মনোনীত

কাক্কো লিঃ-এর অফিসার-সেক্রেটারীয়েট, জমি ও খামার ব্যবস্থাপনা, মিঃ বাবুল দরেছ-কে কাক্কো লিঃ-এর ১৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী রক্ষক হিসেবে নিয়োগ করা হয়।

**আলোচ্যসূচী-০৬ ঃ চেয়ারম্যানের স্বাগত ভাষণ ঃ** সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্ আলোচ্যসূচী অনুযায়ী কাক্কো লিঃ-এর চেয়ারম্যান ও ১৪তম বার্ষিক সাধারণ সভার সভাপতি মিঃ পংকজ গিলবার্ট কস্তা'কে স্বাগত বক্তব্য প্রদানের অনুরোধ জানালে কাক্কো লিঃ-এর চেয়ারম্যান তাঁর স্বাগত বক্তব্য প্রদান করেন।

বক্তব্যের শুরুতেই তিনি অত্র প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিষদ, অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ, চ্যাপলেইন ও কর্মকর্তা-কর্মীগণের পক্ষ থেকে ১৪তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত প্রধান অতিথি, বিশেষ অতিথি, অন্যান্য অতিথিবৃন্দ, ডেলিগেটবৃন্দ এবং সুধীমন্ডলীকে স্বাগত জানান এবং পরম করুণাময় সৃষ্টিকর্তাকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। স্মরণ করেন ক্রেডিট ইউনিয়ন আন্দোলনের স্বপ্নদ্রষ্টা স্বর্গীয় আর্চবিশপ লরেন্স এল. গ্রেণার সিএসসি, অগ্রদূত ফাদার চার্লস জে. ইয়াং সিএসসি-সহ প্রয়াত ও জীবিত সকল নেতৃবৃন্দকে, যাঁদের অক্লান্ত পরিশ্রম ও সুযোগ্য নেতৃত্বে কাক্কো লিঃ আজকে দেশের সমবায় অঙ্গনে একটি শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে উপনীত হয়েছে। কাক্কো লিঃ এর চলমান উন্নয়নে সকলের নিরলস প্রচেষ্টা, সহযোগিতা এবং প্রত্যেকের নিঃস্বার্থ অংশগ্রহণের জন্য সকলকে কৃতজ্ঞচিত্তে ধন্যবাদ জানান।

**চেয়ারম্যান মহোদয়ের স্বাগত ভাষণে যে বিষয়গুলো প্রধান্য পেয়েছে তা হলো ঃ-**

- ২০ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে সমগ্র বাংলাদেশ ব্যাপী কাক্কো'র কর্মএলাকা অনুমোদন প্রাপ্তি।
- দেশের সমবায়ের শুরুর কথা, সনাতন ধ্যান ধারনা ও বর্তমান চ্যালেঞ্জসমূহ - মূলধনের যথাযথ ব্যবহার না জানা, নেতৃত্বের কোন্দল, অপেশাদারীত্ব, খেলাপী সমস্যা। উত্তরণের উপায় - পেশাধারী দৃষ্টিভঙ্গি, নিয়মিত প্রশিক্ষণ, সঠিক বিনিয়োগ, আইন-বিধি সম্পর্কে জানা ও মান্য করা, কর্মসংস্থান সৃষ্টি, ঐক্য ও সমঝোতার মনোভাব।
- ঋণ খেলাপী রোধে কাক্কো ক্রেডিট মনিটরিং সিস্টেম ১৮/১০/২০১৪ খ্রিস্টাব্দে চালু করা হয়। বর্তমানে ১৮টি সমবায় সমিতি এর সদস্য। নিয়মিত ডাটা আপডেট করাসহ ২৪ ঘন্টা সার্ভার চালু থাকা। সকলকে সিসিএমএস সদস্যপদ গ্রহণের আহ্বান জানান।
- ৩০ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত শেয়ার মূলধন প্রায় ৩ কোটি ৯২ লক্ষ, প্রবৃদ্ধির হার প্রায় ৪.৬২%; সঞ্চয় আমানত প্রায় ১ কোটি ৬লক্ষ, প্রবৃদ্ধির হার ৬৫.৬৫%; স্থায়ী আমানত প্রায় ৫১ কোটি ১৭ লক্ষ, প্রবৃদ্ধির হার ২৭.০৫%; সম্পদ-পরিসম্পদ প্রায় ৬২ কোটি ৮৫ লক্ষ, প্রবৃদ্ধির হার প্রায় ৩০.৬৭%; নতুন সদস্য ভর্তি ৪টি এবং মোট সদস্য সংখ্যা ৫১টি, প্রবৃদ্ধির হার প্রায় ৮.৫১% এবং ৩১ জানুয়ারী, ২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত মোট সম্পদ-পরিসম্পদের পরিমাণ ৭৩,৬১,৬২,৫২৫.০০ টাকা।
- অন্তবর্তীকালীন লভ্যাংশ প্রদান ২০২৩-২০২৪ অর্থবছরে ৭%; মোট ২৬,৬৮,৪৮১.০০ টাকা এবং ৬.৬৫% ডিভিডেন্ট হিসেবে মোট ২৫,৩৫,০৬২.০০ টাকা প্রস্তাব করা হয়েছে।
- ঋণ প্রদান ৩,০৩,০০,০০০.০০ টাকা ও আদায় ২,৫৩,৩৬,০০০.০০ টাকা; স্থিতি ১০,১২,৩৫,০০০.০০ টাকা।
- কাক্কো গবাদিপ্রাণী খামারে ২৮/০৭/২০২৩ খ্রিস্টাব্দ তারিখে পরিবেশ বিষয়ক আলোচনা, বৃক্ষরোপন ও বিতরণ কর্মসূচী বাস্তবায়ন। কর্মসূচীতে ১৫টি সমবায় সমিতি থেকে ৮০ জন নেতৃবৃন্দের উপস্থিত ছিলেন এবং সকল সমিতিতে ৫টি করে ফলের চারা বিতরণ করা হয়।
- কাক্কো'র ৫ম ওপেন ফোরাম ২০২৩ - ১৯ হতে ২৩ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে সিলেট-এর হোটেল সুপ্রীম-এ অনুষ্ঠিত হয়। ফোরামের মূলসুর ছিল "বৃহত্তর উন্নয়নের লক্ষ্যে স্মার্ট সমবায় সমিতি গঠন ও পরিচালনা"। ফোরামে ঢাকা, গাজীপুর ও আঠারো গ্রাম এলাকার ৩০টি সমবায় সমিতির ১১৫ জন নেতৃবৃন্দ সক্রিয় অংশগ্রহণ করেন।
- ভবিষ্যত বিনিয়োগ কার্যক্রমকে ফলপ্রসু করার জন্য ইতোমধ্যে পূর্বাচল সন্নিকট ভাসানিয়ায় প্রায় ২০ বিঘা জমি কাক্কো'র নামে রেজিষ্ট্রি সম্পন্ন করা এবং ৯৫.৫০ শতাংশ জমি ক্রয়ের উদ্দেশ্যে বায়না প্রদান করা হয়েছে। এ ছাড়াও পূর্বচল প্রবাসী পল্লীতে ২৪টি প্লট এবং ঢাকা মাওয়া সিটিতে ১০টি প্লট ক্রয় করা হয়েছে। ভাসানিয়া জমি প্রকল্পে বর্তমানে সমন্বিত কৃষি খামার প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। খামারে বিভিন্ন ধরনের সবজি, ধান, মসলা, গবাদি প্রাণী ও পুকুরে মাছ রয়েছে। খামার প্রকল্পের অর্থায়নে ব্যাংক হতে ঋণ গ্রহণ করার পরিকল্পনা রয়েছে।
- বিগত সময়ের ন্যায় এ বছরেও কাক্কো লিঃ-এর অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ বছরে ১১টি সমবায় সমিতির সফট্ওয়্যার এবং ম্যানুয়াল হিসাবপত্র নিরীক্ষা ও মিলকরণের মাধ্যমে অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পাদনপূর্বক নিরীক্ষা রিপোর্ট প্রদান করা হয়েছে। কাক্কো'র অভ্যন্তরীণ নিরীক্ষা ও হিসাব সেবা কাজের যথেষ্ট সুনাম ও চাহিদা রয়েছে।
- কাক্কো ধারাবাহিক ভাবে কর্মকর্তা, কর্মী, সদস্যদের জ্ঞান ও দক্ষতাবৃদ্ধিতে লিডারশীপ বুটক্যাম্প, ফিট এন্ড প্রপার ট্রেনিং, সিইউডিসিসি, হিসাব ব্যবস্থাপনা, উদ্যোক্তা তৈরীর প্রশিক্ষণের ব্যবস্থা করে যাচ্ছে। এছাড়াও নিয়মিত দেশে এবং দেশের বাইরে বিভিন্ন ওয়ার্কশপ ও ফোরাম-এ অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করাসহ চলমান প্রশিক্ষন কার্যক্রম ও বিভিন্ন কাস্টমাইজ কোর্স পরিচালনা করে যাচ্ছে।
- ২০২৩-২০২৪ অর্থবছরে ৪টি এবং এপর্যন্ত আরো ২টি সর্বমোট ৬টি প্রাথমিক খ্রিস্টান সমিতিকে পূর্ণ সদস্যপদ প্রদান করা হয়েছে।
- আগামী ৫ বৎসরে সম্মিলিত কর্মপ্রয়াসের অংশ হিসেবে প্রায় ৫০০ যুবক-যুবতীকে উচ্চ শিক্ষায় সম্পৃক্তকরণ, বৃত্তি প্রদান, প্রশিক্ষণ প্রদান, ক্রমান্বয়ে তাদেরকে দেশে ও বিদেশে বিশেষ বিশেষ ক্ষেত্রে সম্পৃক্তকরণ ও নেতৃত্বে আসার বিষয়ে উদ্বুদ্ধকরণ কর্মসূচী হাতে নিয়েছে।
- সমবায়ের মাধ্যমে উন্নত জীবনের প্রয়াসে সমবায় অধিদপ্তর, কাল্ব ও অন্যান্য নেটওয়ার্ককের সাথে যুক্ত থেকে আন্তর্জাতিক সমবায় বর্ষ যথাযথ ভাবে উদ্‌যাপন করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

- সকল সমিতিতে নিয়ন্ত্রিত সুদহার নির্ধারণে কাক্‌কো কৌশলী ভূমিকা পালন করার চেষ্টা চালিয়ে যাচ্ছে।
- নির্বাচন কার্যক্রমের খরচ সীমিতকরণ ও গুনগত নির্বাচন পরিচালনার জন্য বিশেষ 'ক্যাম্প' পরিচালনা করার লক্ষ্যে কাক্‌কো প্রয়োজনীয় উদ্যোগ হাতে নিয়েছে। যার মাধ্যমে একই মঞ্চে থেকে সকল দলীয় প্রার্থী তাদের ম্যানিফেস্টো বাস্তবায়নে অগ্রণী ভূমিকা রাখবে। উদ্যোগটি বাস্তবায়নে সকল নেতৃবৃন্দ ও সদস্য-সদস্যাগণের সমর্থন ও সহযোগীতা কামনা করেন।
- কাক্‌কো'র জুন-২০২৫ এর বিশেষ সাধারণ সভা ও নির্বাচনে যোগ্য নেতৃত্ব নির্বাচিত করে কাক্‌কো অগ্রযাত্রায় বিশেষ ভূমিকা রাখার আহ্বান জানান।
- কাক্‌কো ক্রেডিট মনিটরিং সিস্টেম (সিসিএমএস)-এর সাথে সম্পৃক্ত হয়ে সমিতির প্রচলিত ঋণ ব্যবস্থাপনার উন্নতিসহ কাক্‌কো লিঃ-এর সার্বিক কর্মকান্ডকে আরো শক্তিশালী, বেগবান এবং সামনের দিকে এগিয়ে নিতে সকলের সার্বিক সাহায্য-সহযোগিতা কামনা করেন।

চড়াখোলা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-৩১ এর ডেলিগেট মিঃ কলিন্স টলেন্টিনু সমগ্র বাংলাদেশ কাক্‌কো'র কর্মএলাকা হিসেবে অনুমোদন লাভ, ৬.৬৫% লভ্যাংশ প্রদান, চড়াখোলা সমিতিকে ঋণ প্রদানসহ কাক্‌কো'র মূলধন উল্লেখযোগ্য হারে বৃদ্ধি করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তিনি চেয়ারম্যান মহোদয়ের স্বাগত ভাষণ ধন্যবাদের সহিত গ্রহণ করার প্রস্তাব করেন। অতঃপর মোহাম্মদপুর খ্রীষ্টান বহুমূখী সমবায় সমিতি লিঃ, সদস্য নং-৫৬ এর ডেলিগেট মিঃ আগষ্টিন বাড়ৈ টিটু'র সমর্থনে সর্বসম্মতিক্রমে চেয়ারম্যানের স্বাগত ভাষণ ধন্যবাদের সহিত গৃহীত ও অনুমোদিত হয়।

**আলোচ্যসূচী-০৭ ঃ ১৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পেশ ও অনুমোদন ঃ** সভাপতি মিঃ পংকজ গিলবার্ট কস্তা'র অনুরোধে সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্ ১ লা মে, ২০২৪ খ্রিস্টাব্দ, নীড় রিসোর্ট এন্ড রেস্টুরেন্ট, ডেমরপাড়া, পুবাইল, গাজীপুরে অনুষ্ঠিত কাক্‌কো লিঃ-এর ১৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করলে দড়িপাড়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-১৭ এর ডেলিগেট মিঃ সোহেল থিউটনিয়াস রোজারিও-এর প্রস্তাব ও লক্ষীবাজার খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-২৭ এর ডেলিগেট মিঃ উইলসন রিবেরু-এর সমর্থনে সর্বসম্মতিক্রমে ১৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণীসহ সম্পূর্ণ রিপোর্ট পঠিত বলে গণ্য করা হয়। কোন প্রকার সংযোজন, বিয়োজন বা সংশোধন না থাকায় ঢাকা খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ, সদস্য নং-১৯ এর ডেলিগেট মিঃ জোনাস গমেজ-এর প্রস্তাব ও পিএইচবি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-৫৫ এর ডেলিগেট মিঃ দোলন যোসেফ গমেজ-এর সমর্থনে সর্বসম্মতিক্রমে ১৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গৃহীত ও অনুমোদিত হয়।

**আলোচ্যসূচী-০৮ ঃ সেক্রেটারীর কার্যক্রম প্রতিবেদন পেশ ও অনুমোদন ঃ** সভাপতি মিঃ পংকজ গিলবার্ট কস্তা'র অনুরোধে সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্ ১ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ হতে ৩০ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত সেক্রেটারীর কার্যক্রম প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। আলোচনায় অংশ নিয়ে দড়িপাড়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-১৭ এর ডেলিগেট মিঃ সোহেল থিউটনিয়াস রোজারিও বলেন, সদস্য সমিতির নামের সাথে ঠিকানা দেওয়া থাকলে আমাদের পক্ষে বিভিন্ন সময় তাদের সাথে যোগাযোগ ও অভিজ্ঞতা শেয়ারিং করার সুযোগ হবে, তাই তিনি পরবর্তী বার্ষিক সাধারণ সভার প্রতিবেদনে সদস্য সমিতির নামের সাথে ঠিকানা যুক্ত করার প্রস্তাব করেন। সভাপতি ও কাক্‌কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, আগামী বার্ষিক সাধারণ সভার প্রতিবেদনে সদস্য সমিতির নামের সাথে ঠিকানা যুক্ত থাকবে।

উত্তরবঙ্গ খ্রীষ্টান বহুমুখী সমবায় সমিতি লিঃ, সদস্য নং-১১ এর ডেলিগেট মিঃ মার্সেল ডি' কস্তা কাক্‌কো'র কর্মএলাকা সমগ্র বাংলাদেশ যুক্ত করায় বর্তমান ব্যবস্থাপনা পরিষদকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, উত্তরবঙ্গে অনেক খ্রিস্টান প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। উত্তরবঙ্গ এলাকায় সদস্য বৃদ্ধির বিষয়ে জোরালো পদক্ষেপ গ্রহণ করার প্রস্তাব করেন। পাশাপাশি সদস্য সমবায় সমিতির বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা প্রাপ্তির বিষয়ে আরো গুরুত্ব প্রদান করার অনুরোধ জানান। সভাপতি ও কাক্‌কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, আমরা বিশপ মহোদয়সহ অনেক মিশনের ফাদারগণ এবং সমিতির নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করেছি। সকলেই কাক্‌কো'র বিষয়ে পজেটিভ, আমরা আশা করছি চলতি অর্থবছরে আরো ১০/১৫ টি সমিতি কাক্‌কো'র পূর্ণ সদস্য হিসেবে যুক্ত হবে। সমবায় সমিতির বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা প্রাপ্তির বিষয়ে সমবায় অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকতাদের সাথে আলোচনা করেছি। আশা করছি চলতি অর্থবছরেই ক্রেডিট ইউনিয়ন ব্যতিত কাক্‌কো'র অন্যান্য সদস্য সমবায় সমিতির বিধিবদ্ধ নিরীক্ষা সম্পাদনের সুযোগ আমরা পাবো। সমবায় অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণের সাথে আমাদের যোগাযোগ অব্যাহত রয়েছে।

গৌরনদী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-৬০ এর ডেলিগেট মিঃ সুজিত হালদার বলেন, সদস্য সমবায় সমিতির নেতৃবৃন্দ ও প্রফেশনালদের জন্য প্রশিক্ষণ খুবই প্রয়োজন। সারা বছরের সম্ভাব্য একটি প্রশিক্ষণ পরিকল্পনা (বাজেটসহ) বছরের শুরুতে সকল সমিতিতে প্রদান করা হলে সমিতির পক্ষ হতে সিদ্ধান্ত গ্রহণে সুবিধা হয়। তিনি সমিতির নেতৃবৃন্দসহ প্রফেশনালদের প্রশিক্ষণ গ্রহণের জন্য সুপারিশ করেন। সভাপতি ও কাক্‌কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, আমরা ১৩টি বিষয়ে প্রশিক্ষণ মডিউল সমবায় অধিদপ্তর হতে অনুমোদন নিয়েছি। কাস্টমাইজ ট্রেনিং-এরও সুযোগ রয়েছে। বর্তমান প্রতিযোগিতামূলক অর্থনৈতিক বাজারে প্রশিক্ষণের কোন বিকল্প নেই।

চড়াখোলা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-৩১ এর ডেলিগেট মিঃ কলিন্স টলেন্টিনু বলেন, কাক্‌কো'তে ২০২৩-২০২৪ অর্থ বৎসরে ব্যবস্থাপনা পরিষদ-এর ০৭টি বোর্ড সভা ও ০৫টি যৌথ সভাসহ সর্বমোট ১২টি সভা করা হয়েছে। কয়টি সভা করার বিধান রয়েছে? সভাপতি ও কাক্‌কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, প্রাথমিক সমবায় সমিতির জন্য প্রতি মাসে ১টি করা বোর্ড সভা এবং

কেন্দ্রীয় সমবায় সমিতির জন্য দুই মাস অন্তর অন্তর ১টি করে বোর্ড সভা করার বিধান রয়েছে। চড়াখোলা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-৩১ এর ডেলিগেট মিঃ কলিন্স টলেন্টিনু আরও বলেন, জমি ক্রয়ের বিষয়ে জেলা প্রাশাসকের অনুমোদন গ্রহণসহ বেশ কিছু চ্যালেঞ্জ রয়েছে। উক্ত বিষয়ে কাক্‌কো'র সহযোগীতা কামনা করেন। সমগ্র বাংলাদেশই যেহেতু কাক্‌কো'র কার্যক্রম পরিচালনা করার সুযোগ সৃষ্টি হয়েছে তাই এলাকা ভিত্তিক প্রফেশনাল তৈরী করার জন্য সুপারিশ করেন। সভাপতি ও কাক্‌কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, হাউজিং সোসাইটি, কোম্পানি ও সমবায় সমিতির জন্য জমি ক্রয়ের বিষয়ে নিষেধাজ্ঞা রয়েছে। এই বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি সার্কুলারও করা হয়েছে। বর্তমান সমিতির নামে জমি ক্রয় করা খুবই ঝামেলাপূর্ণ। আমাদের দুইটি ফাইল এক বছরের বেশী সময় জেলা প্রশাসকের কার্যালয় জমা আছে, কোন প্রকার অগ্রগতি নেই।

উত্তরবঙ্গ খ্রীষ্টান বহুমুখী সমবায় সমিতি লিঃ, সদস্য নং-১১ এর ডেলিগেট মিঃ মার্সেল ডি' কস্তা বলেন, কাল্‌ব অডিট করছে আবার কাক্‌কোও অডিট করার অনুমতি প্রাপ্তির বিষয়ে অগ্রসর হচ্ছে। আমরা কোন প্রতিষ্ঠানের অডিট গ্রহণ করবো? সভাপতি ও কাক্‌কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, কাল্‌ব শুধুমাত্র ক্রেডিট ইউনিয়ন-এর অডিট সম্পাদন করে এবং সরকারী অডিটে সমিতির সকল নথিপত্র দেখার সুযোগ থাকে না। কাক্‌কো লিঃ-এ ক্রেডিট ইউনিয়ন ব্যতিত হাউজিং, মাল্টিপারপাস, ক্ষুদ্র ব্যবসায়ীসহ সকল প্রকার খ্রিস্টান প্রাথমিক সমবায় সমিতি সদস্য পদ গ্রহণের সুযোগ রয়েছে। কাক্‌কো লিঃ ১ম পর্যায়ে ক্রেডিট ইউনিয়ন ব্যতিত অন্যান্য সদস্য সমবায় সমিতির অডিট কার্যক্রম পরিচালনা করবে। যে সকল সমবায় সমিতিতে কাক্‌কো লিঃ ইতোমধ্যে অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনা করেছে সে সকল সমিতির সকলেই অডিট কার্যক্রম বিষয়ে সন্তুষ্টি প্রকাশসহ ভূয়শী প্রশংসা করেছেন।

ভাসানিয়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-১৬ এর ডেলিগেট মিঃ দিপ্ত মাইকেল রেগো বলেন, ভাসানিয়া সমিতি কাক্‌কো'র কাছ থেকে ঋণ গ্রহণ করেছে এবং ঐ ঋণ জরুরী ভিত্তিতে খুব অল্প সময়ে প্রদান করা হয়েছে। আমরা অভ্যন্তরীণ অডিট সার্ভিস গ্রহণ করেছি, বিভিন্ন ট্রেনিং প্রোগ্রামে অংশগ্রহণ করেছি। যুবক-যুবতীদের নিয়ে কাজ শুরু করার জন্য তিনি কাক্‌কো-কে সাধুবাদ জানান। সভায় সুন্দর রিপোর্ট উপস্থাপনের জন্য কাক্‌কো'র বর্তমান ব্যবস্থাপনা পরিষদকে ধন্যবাদ জানান এবং আর কোন আলোচনা না থাকায় সেক্রেটারীর কার্যক্রম প্রতিবেদন অনুমোদন করার প্রস্তাব করেন।

অতঃপর উত্তরবঙ্গ খ্রীষ্টান বহুমুখী সমবায় সমিতি লিঃ, সদস্য নং-১১ এর ডেলিগেট মিঃ মার্সেল ডি' কস্তা'র সমর্থনে সর্বসম্মতিক্রমে সেক্রেটারীর কার্যক্রম প্রতিবেদন গৃহীত ও অনুমোদিত হয়।

**আলোচ্যসূচী-০৯ ঃ আর্থিক প্রতিবেদন পেশ ও অনুমোদন ঃ** সভাপতি ও কাক্‌কো'র চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা'র অনুরোধে ট্রেজারার মিঃ নিকোলাস আর. কোড়াইয়া উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের আর্থিক প্রতিবেদন (প্রাপ্তি-প্রদান হিসাব, রেওয়ামিল, লাভ-ক্ষতি হিসাব, লাভ-ক্ষতি বন্টন হিসাব ও উদ্বৃত্ত পত্র) সভায় উপস্থাপন করেন। আলোচনায় অংশ নিয়ে লক্ষীবাজার খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং- ২৭ এর ডেলিগেট মিঃ উইলসন রিবেরু বলেন, ইতোমধ্যে ৭% অন্তবর্তীকালীন লভ্যাংশ দিয়েছেন এবং আরো ৬.৬৫% ডিভিডেন্ট প্রস্তাব করা হয়েছে। তার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। উত্তরবঙ্গ খ্রীষ্টান বহুমুখী সমবায় সমিতি লিঃ, সদস্য নং-১১ এর ডেলিগেট মিঃ মার্সেল ডি' কস্তা বলেন, জমি প্রকল্পের উর্ধ্বমূল্যায়ন ৩,৬০,০৬,৭৬৩/- টাকা এবং প্লট প্রকল্পের উর্ধ্বমূল্যায়ন ৭৯,২০,০০০/- টাকা দেখানো হয়েছে। উল্লেখিত উর্ধ্বমূল্যায়ন কত % তা উল্লেখ থাকলে ভালো হতো। সভাপতি ও কাক্‌কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, জমি প্রকল্পের ১০% থেকে ২০% এবং প্লট প্রকল্পের ২৫% উর্ধ্বমূল্যায়ন করা হয়েছে; যা তুলনামূলক যাচাই-বাছাই করার পরই বর্তমান বাজার মূল্য থেকে বেশ কিছু কমে উর্ধ্বমূল্যায়ন করা হয়েছে।

কাফরুল খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-২৪ এর ডেলিগেট মিঃ রোনাল্ড সনি গমেজ, কাক্‌কো'র গৃহীত স্থায়ী আমানতের অর্থ কোথায় বিনিয়োগ করা হয়? তা জানতে চান। উত্তরে সভাপতি ও কাক্‌কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, সদস্য সমবায় সমিতিতে ঋণ হিসেবে বিনিয়োগ, তফসিলি ব্যাংকে স্থায়ী আমানত হিসেবে, সরকারী ট্রেজারী বিল ও বন্ডে বিনিয়োগ করা হয়েছে।

নয়ানগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং- ১০ এর ডেলিগেট মিঃ রিচার্ড রিপন সরদার নিম্নে উল্লেখিত প্রশ্নসমূহ উপস্থাপন করেন ঃ

১. অডিট রিপোর্ট অনুযায়ী শেয়ার সার্টিফিকেট কিভাবে প্রদান করতে পারি?
২. কিছু কিছু ফান্ড লাভ ক্ষতি হিসাবে সরাসরি ট্রান্সফার করা হয়েছে। এটা কি বিধি সম্মত হয়েছে কিনা?
৩. সদস্য বার্ষিক চাঁদা'র একটি লিমিট করা যায় কিনা?
৪. প্রশিক্ষণ কর্মকর্তা ও ষ্টাফদের সকলেরই প্রয়োজন রয়েছে। ফোরাম যেহেতু এক ধরণের প্রশিক্ষণ তাই ব্যয় আর একটু কমানো যায় কিনা?
৫. নির্বাচন খরচ কমানোর জন্য কাল্‌ব ও কাক্‌কো মিলে কোন পদক্ষেপ গ্রহণ করা যায় কিনা?

**তিনি যে সমস্ত প্রস্তাব করেন তা হলো ঃ-**

১. মিউচুয়্যাল ফান্ড গঠন করা প্রস্তাব করেন।

২. স্টক মার্কেটে বিনিয়োগ, দক্ষতার সাথে করার প্রস্তাব করেন।

৩. তারল্য সংকট মোচনের জন্য ঋণ-এর ক্ষেত্রে সুদের হার কমানোর প্রস্তাব করেন।

উত্তরে সভাপতি ও কাক্কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, অন্যান্য কোম্পানির মত আমাদের সমবায় সমিতিতেও শেয়ার সার্টিফিকেট প্রদান করতে হবে। সমিতির মূলধন বৃদ্ধির লক্ষ্যে কিছু ফান্ড সরাসরি লাভ-ক্ষতি হিসাব হতে ট্রান্সফার করা হয়েছে। সদস্যগণ চাইলে সমিতির মূলধন বৃদ্ধির লক্ষ্যে মোট লাভ হতে ফান্ডে ট্রান্সফার করা যায়। সদস্য বার্ষিক চাঁদা লিমিট করার বিষয়ে পরবর্তীতে আরো চিন্তা করা হবে। ফোরামের রেজিস্ট্রেশন খরচ কমই ধার্য করা হয়েছে। ফোরামের খরচ বহন করার জন্য আমরা অনুদানও সংগ্রহ করেছি, তারপরও প্রায় ৬ লক্ষ টাকা কাক্কো হতে ভর্তুকি দিতে হবে। সরকার থেকে নির্বাচন কমিটি করে দেয় বিধায় নির্বাচন বিনা প্রতিদ্বন্দ্বিতায় হলেও খরচ বেশ বড় অঙ্কেরই হয়। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণের সাথে কথা বলতে হবে। ছোট ছোট সমবায় সমিতির অল্প অল্প মূলধন নিয়ে কোন মিউচুয়াল ফান্ড গঠন করে বড় কোন প্রকল্প বা কোম্পানি করার বিষয়কে তিনি সাধুবাদ জানান। বর্তমান পরিস্থিতি বিবেচনায় স্টক মার্কেটে নতুন করে কোন বিনিয়োগ করা হচ্ছে না।

ঢাকা খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ, সদস্য নং- ১৯ এর ডেলিগেট মিঃ জোনাস গমেজ বলেন, যে সমস্ত জমি ইতোমধ্যে বায়না প্রদান করা হয়েছে তা সমিতির নামে রেজিষ্ট্রি সম্পাদন করা হয়েছে কিনা? উত্তরে সভাপতি ও কাক্কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, চলতি অর্থবছরে বায়নাকৃত জমির বেশীরভাগ কাক্কো লি:-এর নামে রেজিষ্ট্রি সম্পন্ন করা হয়েছে।

উত্তরবঙ্গ খ্রীষ্টান বহুমুখী সমবায় সমিতি লিঃ, সদস্য নং-১১ এর ডেলিগেট মিঃ মার্সেল ডি' কস্তা বলেন, খামারে ৩৩,৯০,৯৫০/- টাকা বিনিয়োগ করা হয়েছে এবং তার বিপরীতে কৃষি প্রকল্পের আয় ২৭,৯১৯/- টাকা এবং গবাদি প্রাণী প্রকল্প আয় ১০,৯৩০/- টাকা। বিনিয়োগের তুলনায় আয় খুবই কম। উত্তরে সভাপতি ও কাক্কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, কোন কিছু করতে হলে প্রাথমিকভাবে বিনিয়োগের পরিমান বেশী হয়। আমরা ঐখানে গরুর শেড নির্মাণ, কর্মচারীদের জন্য থাকার জায়গা তৈরী, পানির মটর বসানো ইত্যাদি কাজের জন্য প্রাথমিক বিনিয়োগের পরিমান বেশী হয়েছে এবং কৃষি কাজ থেকে প্রথমেই রিটার্ন পাওয়া যায় না। রিটার্ন প্রাপ্তির জন্য একটু সময় লাগে। আমরা ১২০ মন ধান বিক্রি করেছি, কলা ও অন্যান্য সবজি বিক্রি করা হচ্ছে যা চলতি অর্থ বছরে হিসাবভুক্ত আছে। ১২টি গরু পালন করা হচ্ছে আগামী ঈদে বিক্রি করার পরিকল্পনা রয়েছে। যখন গরু বিক্রয় করা হবে তা সরাসরি রিটার্ন হিসেবে পাওয়া যাবে।

গৌরনদী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং- ৬০ এর ডেলিগেট মিঃ সুজিত হালদার বলেন, খুবই সুন্দরভাবে হিসাব উপস্থাপন করা হয়েছে, সম্পদের পাশে কত % অবচয় ধরা হয়েছে উল্লেখ থাকলে ভালো হতো। আর কোন আলোচনা না থাকায় তিনি ২০২৩-২০২৪ অর্থবছরের আর্থিক প্রতিবেদন (প্রাপ্তি-প্রদান হিসাব, রেওয়ামিল, লাভ-ক্ষতি হিসাব, লাভ-ক্ষতি বন্টন হিসাব ও উদ্বৃত্ত পত্র) অনুমোদন করার প্রস্তাব করেন। অতপর কাফরুল খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-২৪ এর ডেলিগেট মিঃ রোনাল্ড সনি গমেজ-এর সমর্থনে সর্বসম্মতিক্রমে ২০২৩-২০২৪ অর্থবছরের আর্থিক প্রতিবেদন (প্রাপ্তি-প্রদান হিসাব, রেওয়ামিল, লাভ-ক্ষতি হিসাব, লাভ-ক্ষতি বন্টন হিসাব ও উদ্বৃত্ত পত্র) সভায় গৃহীত ও অনুমোদিত হয়। (প্রাপ্তি-প্রদান হিসাব, রেওয়ামিল, লাভ-ক্ষতি হিসাব, লাভ-ক্ষতি বন্টন হিসাব ও উদ্বৃত্ত পত্র সংযুক্ত)।

**আলোচ্যসূচী-১০ ঃ প্রস্তাবিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন ঃ** সভাপতি ও কাক্কো'র চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা'র অনুরোধে ট্রেজারার মিঃ নিকোলাস আর. কোড়াইয়া ২০২৪-২০২৫, ২০২৫-২০২৬ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৬-২০২৭ অর্থবছরের প্রস্তাবিত আয় ও ব্যয়ের বাজেট সভায় উপস্থাপন করেন। লক্ষ্মীবাজার খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং- ২৭ এর ডেলিগেট মিঃ উইলসন রিবেরু বলেন, ইতোমধ্যে ৭% অন্তবর্তীকালীন লভ্যাংশ দিয়েছেন এবং আরো ৬.৬৫% ডিভিডেন্ট প্রস্তাব করা হয়েছে। তার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। স্টক মার্কেটে নতুন কোন বিনিয়োগ প্রস্তাব করা হয়নি। উত্তরে সভাপতি ও কাক্কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, বর্তমান পরিস্থিতিতে স্টক মার্কেটের অবস্থা তেমন ভালো নয় এবং সমবায় অধিদপ্তর হতেও স্টক মার্কেটে বিনিয়োগ নিরুসাহিত করা হয়েছে। তাই স্টক মার্কেটে নতুন কোন বিনিয়োগ প্রস্তাব করা হয়নি। বর্তমানে যে সমস্ত শেয়ার ক্রয় করা হয়েছে তা ট্রেডিং-এর মাধ্যমে ফেরত আনার ব্যবস্থা করা হচ্ছে।

উপস্থাপিত ২০২৪-২০২৫, ২০২৫-২০২৬ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৬-২০২৭ অর্থবছরের প্রস্তাবিত আয় ও ব্যয়ের বাজেট সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নয়ানগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং- ১০ এর ডেলিগেট মিঃ রিচার্ড রিপন সরদার -এর প্রস্তাব ও তুইতাল খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-৪৪ এর ডেলিগেট মিঃ খ্রীষ্টফার গমেজ-এর সমর্থনে সর্বসম্মতিক্রমে ২০২৪-২০২৫, ২০২৫-২০২৬ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৬-২০২৭ অর্থবছরের প্রস্তাবিত আয় ও ব্যয়ের বাজেট গৃহীত ও অনুমোদিত হয় (বাজেট সংযুক্ত)। বাজেটে কতিপয় খাতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার অধিক বিনিয়োগ প্রস্তাব থাকায় বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের পাশাপাশি সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৪৬(২) বিধি মোতাবেক ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার অধিক বিনিয়োগ প্রস্তাব নিবন্ধকের অনুমোদন গ্রহণের জন্য সর্বসম্মাতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। যে সকল খাতে নিবন্ধকের অনুমোদন গ্রহণ করা হবে তা নিম্নরূপ ঃ-

| ক্রমিক নং | খাতের বিবরণ | ২০২৪-২০২৫ অর্থ বৎসরের সংশোধিত বাজেট | ২০২৫-২০২৬ অর্থ বৎসরের সংশোধিত বাজেট | ২০২৬-২০২৭ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট |
|---|---|---|---|---|
| ১ | স্থায়ী আমানত বিনিয়োগ | ১২,০০,০০,০০০.০০ | ১৫,০০,০০,০০০.০০ | ১৭,৫০,০০,০০০.০০ |
| ২ | ট্রেজারী বিল/বন্ড বিনিয়োগ | ৬,০০,০০,০০০.০০ | ৬,০০,০০,০০০.০০ | ৬,০০,০০,০০০.০০ |
| ৩ | ঋণ প্রদান | ২০,০০,০০,০০০.০০ | ৩০,০০,০০,০০০.০০ | ৪০,০০,০০,০০০.০০ |
| ৪ | অফিস ফ্ল্যাট/জমি ক্রয় | ১,০০,০০,০০০.০০ | ১,০০,০০,০০০.০০ | ১,০০,০০,০০০.০০ |
| ৫ | জমি প্রকল্পে বিনিয়োগ (জমি, ভূমি ও ফ্ল্যাট) | ১৭,৫০,০০,০০০.০০ | ২০,০০,০০,০০০.০০ | ২০,০০,০০,০০০.০০ |
| ৬ | গবাদি প্রানী ও খামার প্রকল্প ঋণ হিসাব | ১,০০,০০,০০০.০০ | ১,০০,০০,০০০.০০ | ১,০০,০০,০০০.০০ |
| ৭ | স্টক মার্কেটে বিনিয়োগ | ২,০০,০০,০০০.০০ | ১,৫০,০০,০০০.০০ | -- |
| ৮ | খামার প্রকল্পে বিনিয়োগ | ১,০০,০০,০০০.০০ | ৫০,০০,০০০.০০ | ৫০,০০,০০০.০০ |
| ৯ | সফটওয়্যার খাতে বিনিয়োগ | ২৫,০০,০০০.০০ | ২৫,০০,০০০.০০ | ২৫,০০,০০০.০০ |

**আলোচ্যসূচী-১১ ঃ প্রধান নির্বাহী কর্মকর্তার রিপোর্ট পেশ ও অনুমোদন ঃ** সভাপতি ও কাক্‌কো'র চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা'র অনুরোধে প্রধান নির্বাহী কর্মকর্তা মিঃ ডমিনিক রঞ্জন পিউরিফিকেশন ১ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ হতে ৩০ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত প্রধান নির্বাহী কর্মকর্তার রিপোর্ট সভায় উপস্থাপন করেন। আলোচনায় অংশ নিয়ে মঙ্গলদীপ কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-৫৭ এর ডেলিগেট মিঃ ইউস দাজেল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চলে বন্যাত্তোর সহায়তা কর্মসূচী বাস্তবায়নের জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি আরো বলেন, এই কার্যক্রমের কারনে সদস্যরা অনেক উপকৃত হয়েছে এবং কাক্‌কো'র প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গি সৃষ্টি হয়েছে।

ঢাকাস্থ মঠবাড়ী খ্রিস্টান কর্মজীবি সমবায় সতিতি লিঃ, সদস্য নং-০৫ এর ডেলিগেট মিঃ বিন্দু সুমন রোজারিও বলেন, খুব সুন্দর এজিএম এবং গঠনমূলক আলোচনা করা হয়েছে। কাক্‌কো তার মিশন, ভিশন সামনে রেখে এগিয়ে যাচ্ছে। দক্ষতার সাথে কার্যক্রম পরিচালনার মাধ্যমে কাক্‌কো তথা খ্রীষ্টান সমাজকে এগিয়ে নেয়ার জন্য কাক্‌কো'র প্রধান নির্বাহী কর্মকর্তাসহ বর্তমান ব্যবস্থাপনা পরিষদকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান এবং প্রধান নির্বাহী কর্মকর্তার রিপোর্ট অনুমোদন করার প্রস্তাব করেন। অতপর চড়াখোলা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-৩১ এর ডেলিগেট মিঃ কলিন্স টলেন্টিনু-এর সমর্থনে সর্বসম্মতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তার রিপোর্ট গৃহীত ও অনুমোদিত হয়।

**আলোচ্যসূচী-১২ ঃ ঋণের সর্বোচ্চ সীমা নির্ধারণ ঃ** সভাপতি মিঃ পংকজ গিলবার্ট কস্তা'র অনুরোধে সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্ ১৩তম বার্ষিক সাধারণ সভার প্রতিবেদনে ৫০ নং পৃষ্ঠায় মুদ্রিত আলোচ্যসূচী নং-১২ ঋণের সর্বোচ্চ সীমা নির্ধারণ উপস্থাপন করেন। তিনি বলেন, সমবায় সমিতি আইন-২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩)-এর ১৭(৪)(চ) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা-২০০৪ (সংশোধিত ২০২০)-এর ৬৪ ও ৬৫ বিধি মোতাবেক প্রত্যেক সমবায় সমিতির ঋণ গ্রহণ ও প্রদানের সর্বোচ্চ সীমা নির্ধারণের বাধ্যবাধকতা রয়েছে। কাক্‌কো লিঃ-এর বিদ্যমান উপ-আইনের ২২নং ধারা মোতাবেক দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্‌কো) লিঃ কোন ব্যক্তি ব্যতীত অন্য যেকোন উৎস/আর্থিক প্রতিষ্ঠান হতে যেকোন পরিমাণ অর্থ ঋণ হিসেবে গ্রহণ করতে পারবে। তবে যে কোন ধরণের ঋণ গ্রহণ ও প্রদানের পূর্বে ঋণের সর্বোচ্চ সীমা নিয়মিত সমিতির বার্ষিক সাধারণ সভা/বিশেষ সাধারণ সভায় অনুমোদন নিতে হবে। উল্লেখ্য যে, বর্তমানে কাক্‌কো'র ঋণ গ্রহণ ও প্রদানের সর্বোচ্চ সীমা রয়েছে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা যা ১১ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত ১২তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদন করা হয়েছিল। বর্তমানে দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্‌কো) লিঃ-এর ঋণ গ্রহণ এবং প্রদানের সর্বোচ্চ সীমা ১৫,০০,০০,০০০/- (পনেরো কোটি) টাকা অনুমোদনের প্রস্তাব করছি যা নিম্নোক্ত ভাবে সদস্য সমবায় সমিতিতে ঋণ হিসেবে প্রদান করা হবে।

| ক্রমিক নং | ঋণের ধরণ | সুদের হার | সিলিং | আবেদন ফি |
|---|---|---|---|---|
| ১ | সাধারন ঋণ | ১৪% | সর্বোচ্চ ১৫ কোটি | ৫ কোটি পর্যন্ত ৩,০০০/- উর্ধ্বে ৫,০০০/- |
| ২ | ব্যবসায় ঋণ | ১৬% | সর্বোচ্চ ১৫ কোটি | ৫ কোটি পর্যন্ত ৩,০০০/- উর্ধ্বে ৫,০০০/- |
| ৩ | বিশেষ ঋণ- জরুরী প্রয়োজনে | ১৫% | সর্বোচ্চ ১৫ কোটি | ৫ কোটি পর্যন্ত ১০,০০০/- উর্ধ্বে ১৫,০০০/- |

বিস্তারিত আলোচনান্তে নয়ানগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং- ১০ এর ডেলিগেট মিঃ রিচার্ড রিপন সরদার -এর প্রস্তাব ও বক্সনগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং- ৩১ এর ডেলিগেট মিঃ টমাস বরুণ গমেজ-এর সমর্থনে সর্বসম্মতিক্রমে ঋণের সর্বোচ্চ সীমা আলোচ্যসূচী নং-১২ অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচী-১৩ ঃ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও গ্রহণ ঃ** সভাপতি ও কাক্‌কো'র চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা'র অনুরোধে সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্ ২০২৩-২০২৪ অর্থবছরের নিরীক্ষা প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তেমন কোন আলোচনা না থাকায় উত্তরবঙ্গ খ্রীষ্টান বহুমুখী সমবায় সমিতি লিঃ, সদস্য নং-১১ এর ডেলিগেট মিঃ মার্সেল ডি' কস্তা'র প্রস্তাব এবং তুইতাল খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট

ইউনিয়ন লিঃ, সদস্য নং-৪৪ এর ডেলিগেট মিঃ খ্রীষ্টফার গমেজ-এর সমর্থনে সর্বসম্মতিক্রমে ২০২৩-২০২৪ অর্থবছরের নিরীক্ষা প্রতিবেদন গৃহীত ও অনুমোদিত হয়।

**আলোচ্যসূচী-১৪ ঃ অভ্যন্তরীণ নিরীক্ষা কোষের প্রতিবেদন পর্যালোচনা ও গ্রহণ ঃ** সভাপতি মিঃ পংকজ গিলবার্ট কস্তা'র অনুরোধে অভ্যন্তরীণ নিরীক্ষা কোষের আহ্বায়ক মিঃ রোমিও ডি' কস্তা অভ্যন্তরীণ নিরীক্ষা কোষের পক্ষে সবাইকে শুভেচ্ছা জানিয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের অভ্যন্তরীণ নিরীক্ষা কোষের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। ঢাকা খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ, সদস্য নং- ১৯ এর ডেলিগেট মিঃ জোনাস গমেজ সুন্দর রিপোর্ট উপস্থাপনের জন্য ধন্যবাদ জানান এবং অনুমোদনের জন্য প্রস্তাব করেন। অতপরঃ ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-৫৯ এর ডেলিগেট মিঃ অমিত ইলিয়াস স্কু-এর সমর্থনে সর্বসম্মতিক্রমে ২০২৩-২০২৪ অর্থবছরের অভ্যন্তরীণ নিরীক্ষা কোষের প্রতিবেদন গৃহীত ও অনুমোদিত হয়।

**আলোচ্যসূচী-১৫ ঃ উপ-আইন সংশোধন প্রসঙ্গ ঃ** সভাপতি মিঃ পংকজ গিলবার্ট কস্তা'র অনুরোধে সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্ ১৪তম বার্ষিক সাধারণ সভার প্রতিবেদনে ৫৬ পাতায় মুদ্রিত দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড-এর বিদ্যমান উপ-আইনের ১৩নং ধারায় সাধারণ সভায় প্রতিনিধি প্রেরণ, ১৭ নং ধারায় বার্ষিক শেয়ার ও সঞ্চয় আদায়, সংশোধনের প্রস্তাব উপস্থাপন করেন।

| ধারা নং | বিদ্যমান উপ-আইন | ধারা নং | প্রস্তাবিত/সংশোধিত উপ-আইন |
|---|---|---|---|
| ধারা - ১৩: সাধারণ সভা ও নির্বাচনে প্রতিনিধি প্রেরণ | প্রতিনিধিত্বকারী ব্যক্তি নিজ সমিতির সদস্যপদ হারাইলে বা তাহার পরিবর্তে যদি যথাবিহীত অন্য কোন প্রতিনিধি নির্দিষ্ট হইয়া থাকেন তাহা হইলে কাক্কো লিঃ হইতে তাহার প্রতিনিধত্বপদ বাতিল হইয়া যাইবে। তবে, কোন সমিতির প্রতিনিধি যদি 'দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড' এর ব্যবস্থাপনা কমিটির কোন পদে নির্বাচিত থাকেন সেক্ষেত্রে প্রাথমিক সমিতির প্রতিনিধিত্ব বাতিলের সংগে সংগে কাক্কো লিঃএর ব্যবস্থাপনা কমিটির 'পদ' বাতিল বলে গণ্য হইবে। | ধারা - ১৩: সাধারণ সভা ও নির্বাচনে প্রতিনিধি প্রেরণ | প্রতিনিধিত্বকারী ব্যক্তি নিজ সমিতির সদস্যপদ হারাইলে বা তাহার পরিবর্তে যদি যথাবিহীত অন্য কোন প্রতিনিধি নির্দিষ্ট হইয়া থাকেন তাহা হইলে কাক্কো লিঃ হইতে তাহার প্রতিনিধত্বপদ বাতিল হইয়া যাইবে। তবে, কোন সমিতির প্রতিনিধি যদি 'দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড' এর ব্যবস্থাপনা কমিটির কোন পদে নির্বাচিত থাকেন সেক্ষেত্রে তাঁহার মেয়াদকাল শেষ না হওয়া পর্যন্ত তিনি ঐ সমিতির প্রতিনিধি হিসেবে বহাল থাকিবেন। |
| ধারা - ১৭: বার্ষিক শেয়ার ও সঞ্চয় আদায় | প্রতিটি সদস্য প্রাথমিক খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, বহুমূখী সমবায় সমিতি, হাউজিং সোসাইটি এবং মহিলা সমবায় সমিতিকে প্রতি বছর ১০০.০০ (একশত টাকা) মূল্যের কমপক্ষে ৫০ (পঞ্চাশটি) শেয়ার ক্রয় করিতে হইবে। অর্থাৎ প্রতি বছর প্রত্যেক সদস্য প্রাথমিক খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, বহুমূখী সমবায় সমিতি, হাউজিং সোসাইটি এবং মহিলা সমবায় সমিতিকে কমপক্ষে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা মূল্যের শেয়ার ক্রয় করিতে হইবে। তাছাড়া প্রত্যেক সদস্য সমিতিকে প্রতি বছর কমপক্ষে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা সঞ্চয় হিসাবে এসোসিয়েশন-তে জমা রাখিতে হইবে। প্রকাশ থাকে যে, উক্ত শেয়ার এবং সঞ্চয়ের টাকা আর্থিক বছরের শুরুতে প্রদান করিতে হইবে। | ধারা - ১৭: বার্ষিক শেয়ার ও সঞ্চয় আদায় | প্রতিটি সদস্য প্রাথমিক খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, প্রাথমিক খ্রিস্টান সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, প্রাথমিক খ্রিস্টান বহুমুখী সমবায় সমিতি, প্রাথমিক খ্রিস্টান হাউজিং সোসাইটি, প্রাথমিক খ্রিস্টান মহিলা সমবায় সমিতি এবং প্রাথমিক খ্রিস্টান ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতিকে প্রতি বছর ১০০.০০ (একশত টাকা) মূল্যের কমপক্ষে ৫০ (পঞ্চাশটি) শেয়ার ক্রয় করিতে হইবে। অর্থাৎ প্রতি বছর প্রত্যেক সদস্য প্রাথমিক খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, প্রাথমিক খ্রিস্টান সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, প্রাথমিক খ্রিস্টান বহুমুখী সমবায় সমিতি, প্রাথমিক খ্রিস্টান হাউজিং সোসাইটি, প্রাথমিক খ্রিস্টান মহিলা সমবায় সমিতি এবং প্রাথমিক খ্রিস্টান ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতিকে কমপক্ষে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা মূল্যের শেয়ার ক্রয় করিতে হইবে। শেয়ার ক্রয়ের বিষয়ে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৫(২) ধারা ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ৯২, ৯৩ বিধি অনুসরণ করা হইবে। তাছাড়া প্রত্যেক সদস্য সমিতিকে প্রতি বছর কমপক্ষে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা সঞ্চয় হিসাবে কাক্কো লি:-এ জমা রাখিতে হইবে। প্রকাশ থাকে যে, উক্ত শেয়ার এবং সঞ্চয়ের টাকা আর্থিক বছরের শুরুতে প্রদান করিতে হইবে। |

অতপরঃ বিস্তারিত আলোচনান্তে দড়িপাড়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-১৭ এর ডেলিগেট মিঃ সোহেল থিউটনিয়াস রোজারিও-এর প্রস্তাব ও লক্ষ্মীবাজার খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং-২৭ এর ডেলিগেট মিঃ উইলসন রিবেরু-এর সমর্থনে সর্বসম্মতিক্রমে দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড-এর বিদ্যমান উপ-আইনের ১৩নং ধারায় সাধারণ সভায় প্রতিনিধি প্রেরণ, ১৭ নং ধারায় বার্ষিক শেয়ার ও সঞ্চয় আদায়, সংশোধনের প্রস্তাব গৃহীত ও অনুমোদিত হয়। প্রস্তাবিত উপ-আইন সংশোধন সমবায় অধিদপ্তর থেকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমোদনের ব্যাপারে প্রয়োজনীয় কাগজপত্র স্বাক্ষর করার জন্য নিম্নেবর্ণিত ৩ (তিন) জনকে অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে ক্ষমতা প্রদান করা হয়।

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | মিঃ পংকজ গিলবার্ট কস্তা | চেয়ারম্যান |
| ২ | মিঃ অনিল লিও কস্তা | ভাইস-চেয়ারম্যান |
| ৩ | মিঃ টুটুল পিটার রড্রিকস্ | সেক্রেটারী |

**আলোচ্যসূচী-১৬ ঃ বর্তমান শেয়ারের বাজার মূল্য নির্ধারণ ঃ** সভাপতি মিঃ পংকজ গিলবার্ট কস্তা'র অনুরোধে সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্ ১৪তম বার্ষিক সাধারণ সভার প্রতিবেদনে ৫৭ পাতায় মুদ্রিত বর্তমান শেয়ারের বাজার মূল্য নির্ধারণ সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৫(২) ধারায় উল্লেখ রয়েছে 'কোন সমবায় সমিতির নিবন্ধনকালে উহার প্রত্যেক সদস্যকে অত্যন্ত একটি শেয়ার অভিহিত মূল্যে ক্রয় করিতে হইবে এবং পরবর্তী সময়ে নতুন সদস্যপদ লাভের জন্য বা কোন সদস্য কর্তৃক অতিরিক্ত শেয়ার ক্রয়ের ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অথবা ক্ষেত্রমত, নিবন্ধক কর্তৃক নির্ধারিত শেয়ারের বাজার মূল্য সমিতিকে প্রদান করিতে হইবে, যাহা সমিতির নিজস্ব মূলধন হিসেবে পরিগনিত হইবে। তবে শর্ত থাকে যে, সরকার ব্যতীত, কোন সদস্য বা ক্ষেত্রমত, সমিতি কোন সমবায় সমিতির মোট শেয়ার মূলধনের এক পঞ্চমাংশের অধিক শেয়ার ক্রয় করিতে পারিবে না। উল্লেখ্য শেয়ার ক্রয়ের ক্ষেত্রে শেয়ার মূল্য সমিতির নামীয় ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করতে হবে।' এমতাবস্থায়, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৫(২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর বিধি ৯২, ৯৩ মোতাবেক সমবায় সমিতিসমূহের নতুন সদস্য ভর্তির ক্ষেত্রে সমিতির বিদ্যমান সম্পদের বাজারমূল্য নির্ধারণ করতঃ তার ভিত্তিতে শেয়ার মূল্য নির্ধারণ করতে হবে।

ইতোমধ্যে সমবায় অধিদপ্তরের স্মারক নং-৪৭.৬১.০০০০.০৬৫.১৮.০০১.০৬.১১১(১৩), তারিখ : ২৭ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ পত্রের পরিপ্রেক্ষিতে অধিদপ্তরের সাথে কৌশলগত পরামর্শক্রমে শেয়ার মূল্য নির্ধারণের প্রচলিত (সূত্র = নীট সম্পদ/শেয়ার মূল্য*শেয়ার ভ্যালু) সূত্র মতে নীট সম্পদ ৫,৩২,৬৯,৭৬০.০০ টাকা/শেয়ার মূল্য ৩,৯২,০৬,৫০০.০০ টাকা *শেয়ার ভ্যালু ১০০.০০ টাকা যা বিশ্লেষণ পূর্বক কাক্কো'র বর্তমান শেয়ার মূল্য দাঁড়ায় ১৩৬.০০ টাকা, তবে সার্বিক দিক বিবেচনায় নতুন অর্থবছর থেকে শেয়ার বাজার মূল্য ১৩০.০০ টাকা (রাউন্ড আপ) নির্ধারণ করার প্রস্তাব করছি। যার অভিহিত মূল্য ১০০.০০ টাকা এবং বাজার মূল্য ১৩০.০০ টাকা। বর্ণিত বাজার মূল্যটি চলতি অর্থবছর ২০২৪-২০২৫ হতে কার্যকরী হবে। উল্লেখিত বিষয়ে আমরা আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

অতপর বিস্তারিত আলোচনান্তে, তুইতাল খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সদস্য নং- ৪৪ এর ডেলিগেট মিঃ খ্রীষ্টফার গমেজ-এর প্রস্তাব ও মোহাম্মদপুর খ্রীষ্টান বহুমূখী সমবায় সমিতি লিঃ, ঢাকা সদস্য নং- ৫৬ এর ডেলিগেট মিঃ আগষ্টিন বাড়ৈ টিটু-এর সমর্থনে সর্বসম্মতিক্রমে কাক্কো লিঃ-এর বর্তমান শেয়ারের বাজার মূল্য নির্ধারণ করা হয় যার অভিহিত মূল্য ১০০.০০ টাকা এবং বাজার মূল্য ১৩০.০০ টাকা। বর্ণিত বাজার মূল্যটি আগামী অর্থবছর ২০২৫-২০২৬ হতে কার্যকরী করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**আলোচ্যসূচী-১৭ ঃ বিবিধ (যদি কিছু থাকে) ঃ** বিবিধ আলোচনায় কোন আলোচনা হয়নি।

**অতিথিবৃন্দের বক্তব্য ঃ**

**মিঃ আগষ্টিন পিউরীফিকেশন ঃ** প্রধান অতিথি, দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কাল্ব) -এর চেয়ারম্যান মিঃ আগষ্টিন পিউরীফিকেশন তাঁর শুভেচ্ছা বক্তব্যে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, অত্যন্ত দক্ষতা ও স্বচ্ছতার সাথে কাক্কো'র বর্তমান ব্যবস্থাপনা পরিষদ কার্যক্রম পরিচালনা করছে। সদস্যদের আস্থা ও বিশ্বাস নিয়ে কাক্কো সামনের দিকে অগ্রসর হচ্ছে। তিনি সমিতির প্রফেশনালসহ লিডারদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষনে বিষয়ে গুরুত্বারোপ করেন। ঋণ প্রদানের ক্ষেত্রে সকলকে আরো সতর্ক হওয়া, টেকসই ও দৃশ্যমান বিনিয়োগ, নিশ্চিত বিনিয়োগ এবং কর্মসংস্থান সৃষ্টির বিষয়ে কাক্কোসহ সকল সমবায় সমিতির নেতৃবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি কাক্কো লিঃ-এর প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার বিষয়ে আলোকপাত করেন। পরিশেষে কাক্কো লিঃ-এর ১৪তম বার্ষিক সাধারণ সভার সফলতা কামনাসহ দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কাল্ব) -এর পক্ষ থেকে কাক্কো লিঃ-কে শক্তিশালী করার ক্ষেত্রে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

**মিঃ নির্মল রোজারিও ঃ** বিশেষ অতিথি, কাক্কো লিঃ-এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মিঃ নির্মল রোজারিও তাঁর শুভেচ্ছা বক্তব্যে সকলকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, কাক্কো প্রতিষ্ঠা করা বড় ধরনের চ্যালেঞ্জ ছিল। বর্তমানে অনেকেই কাক্কো'র সাথে যুক্ত হয়েছেন এবং সহযোগিতা

করছেন। তিনি খেলাপী ঋণের খারাপ দিকসমূহ ব্যাখ্যা করেন। ভাসানিয়াতে কাক্কো'র কৃষি প্রজেক্টকে সাধুবাধ জানান তিনি এবং সদস্যদের উৎসাহিত করার লক্ষ্যে সকলকে উৎপাদনমূখী কার্যক্রম পরিচালনা করার পরামর্ম দেন। সাধারণ সদস্যদের জীবন মানের পরিবর্তন ও জীবনে ভ্যালু এড করার বিষয়ে ভূমিকা রাখা এবং সঠিক সময়ে সঠিক কাজটি করার পরামর্শ দেন। তিনি জনগনের মূল্যায়নকেও গুরুত্বের সাথে বিবেচনা করার পরামর্শ দেন। উপ-আইন সংশোধনের মাধ্যমে সমগ্র বাংলাদেশ কাক্কো'র কর্মএলাকায় যুক্ত করার স্বপ্ন পূরণের জন্য বর্তমান বোর্ডকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। পরিশেষে কাক্কো লিঃ-এর সার্বিক উন্নতি ও অদ্যকার সভার সফলতা কামনা করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

**মিঃ বাবু মার্কুস গমেজ ঃ** বিশেষ অতিথি, কাক্কো'র প্রাক্তন কর্মকর্তা মিঃ বাবু মার্কুস গমেজ তাঁর শুভেচ্ছা বক্তব্যে সকলকে শুভেচ্ছা জানান। তিনি কাক্কো প্রতিষ্ঠার প্রেক্ষাপট এবং শুরুর বিভিন্ন কার্যক্রম ও চিন্তা সকলকে অবগত করেন। তিনি বলেন, ব্যক্তি স্বার্থ বাদ দিয়ে প্রতিষ্ঠানের স্বার্থে আমাদের সকলকে কাজ করতে হবে। আর তাহলেই আমাদের সকল সমিতি সঠিক ও সুন্দরভাবে সামনের দিকে অগ্রসর হবে। প্রশিক্ষিত কর্মী ও লিডার তৈরীতে কাক্কো'কে জোরালো ভূমিকা রাখার আহ্বান জানান। তিনি বলেন, বর্তমানে মেধাশূন্য সমাজে তৈরী হচ্ছে এবং যুবক-যুবতীরা দেশ ছাড়ছেন। এই বিষয়েও কাক্কো-কে কাজ করতে হবে এবং দায়িত্ব নিতে হবে। মূলধনের প্রায় ৫২% ল্যান্ড ও প্লটে বিনিয়োগ করা হয়েছে; বিষয়টি নতুনভাবে বিবেচনা করে সমিতি পরিচালনার পরামর্শ দেন তিনি। কাক্কো'র কাঙ্খিত লক্ষ্যে পৌছাতে সকলকে দলীয়ভাবে কাজ করার অনুরোধ জানান। কাক্কো লিঃ-এর সার্বিক উন্নতি ও অদ্যকার সভার সফলতা কামনা করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

**মিঃ প্যাট্রিক পালমা ঃ** অতিথি, দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কালব) এর জেনারেল ম্যানেজার উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, ক্রেডিট ইউনিয়ন আন্দোলনের স্বপ্নদ্রষ্টা স্বর্গীয় আর্চবিশপ লরেন্স এল. গ্রেণার সিএসসি, অগ্রদূত ফাদার চালর্স জে. ইয়াং সিএসসি বাংলাদেশে ক্রেডিট ইউনিয়ন/সমবায় আন্দোলনে অগ্রণী ভূমিকা পালন করেছেন। তাঁরা তখন খ্রীষ্টান ব্যক্তিদের জীবন প্রত্যক্ষভাবে অনুধাবন করেছেন এবং তাদের জীবনমানের উন্নতির জন্য চিন্তা করে বিভিন্ন ক্রেডিট ইউনিয়ন/সমবায় সমিতি প্রতিষ্ঠা করেছেন। যা থেকে আমরা এখন বিভিন্ন ধরণের সুয়োগ সুবিধা পাচ্ছি। সুন্দর ও খ্রীষ্টিয় সমাজ উপহার দেওয়ার জন্য কালব এবং কাক্কো'র একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। সমবায় সমিতি পরিচালনায় খ্রীষ্টিয় আদর্শ নিয়ে ব্যবস্থাপনা পরিষদকে তাদের দায়িত্ব পালনের অনুরোধ জানান তিনি। কাক্কো লিঃ তার নির্দিষ্ট লক্ষ্য-উদ্দেশ্য নিয়ে অগ্রসর হচ্ছে এবং অল্প সময়ে যে সফলতা অর্জন করেছে তা ঈর্ষনীয়। কাক্কো লিঃ-এর অদ্যকার ১৪তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হওয়ার সুযোগ পেয়ে তিনি অনেক আনন্দিত; সেজন্য কাক্কো'র ব্যবস্থাপনা পরিষদকে ধন্যবাদ জানান। পরিশেষে কাক্কো লিঃ-এর সার্বিক উন্নতি এবং অদ্যকার সভার সফলতা কামনা করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

**আলোচ্যসূচী-১৮ ঃ** ধন্যবাদ জ্ঞাপন ও সমাপ্তি ঘোষণা ঃ কাক্কো লিঃ-এর ভাইস-চেয়ারম্যান মিঃ অনিল লিও কস্তা প্রধান অতিথি, বিশেষ অতিথিবৃন্দ, অতিথিবৃন্দ, ডেলিগেটবৃন্দ, প্রাক্তন কর্মকর্তাবৃন্দ, চ্যাপলেইন, ব্যবস্থাপনা পরিষদ, অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ ও উপস্থিত অন্যান্য প্রতিনিধিবৃন্দকে অদ্যকার সভায় উপস্থিত হয়ে সভা পরিচালনায় সার্বিক সহযোগিতা করার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, কাক্কো হাটি হাটি পা পা করে সামনের দিকে অগ্রসর হচ্ছে। কাক্কো বর্তমানে সমগ্র বংলাদেশে প্রাথমিক খ্রীষ্টান সমবায় সমিতি নিয়ে কাজ করার অনুমোদন লাভ করেছে। কাক্কো লিঃ-কে শক্তিশালী করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। যে সকল সমবায় সমিতি এখনো কাক্কো লিঃ-এর সদস্যপদ গ্রহণ করেনি তাদের অতি শীঘ্র কাক্কো লিঃ-এর সদস্যপদ গ্রহণ করার বিনীত অনুরোধ জানান তিনি। কাক্কো লিঃ-এর ১৪তম বার্ষিক সাধারণ সভা আয়োজন করার সুন্দর জায়গা দেয়ার জন্য হোটেল সী প্যালেস কর্তৃপক্ষকে বিশেষ ধন্যবাদ জানান। তিনি দি মেট্রোপলিটান খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ,-এর মিডিয়া কর্মী, কাক্কো লিঃ-এর কর্মীবৃন্দ ও উপস্থিত সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সমাপনী প্রার্থনা ঃ সভাপতি মিঃ পংকজ গিলবার্ট কস্তা'র অনুরোধে কাক্কো লিঃ-এর চ্যাপলেইন শ্রদ্ধেয় ফাদার ড. লিটন হিউবার্ট গমেজ, সিএসসি সভায় শেষ প্রার্থনা পরিচালনা করেন এবং রাত ১০:১০ঘটিকায় ১৪তম বার্ষিক সাধারণ সভা সমাপ্ত হয়।

| | | |
|---|---|---|
| **বাবুল দরেছ**<br>কার্যবিবরণী রক্ষক<br>১৪তম বার্ষিক সাধারণ সভা, কাক্কো লিঃ | **টুটুল পিটার রড্রিকস্**<br>সেক্রেটারী (কো-অপ্ট), ব্যবস্থাপনা পরিষদ<br>কাক্কো লিঃ | **পংকজ গিলবার্ট কস্তা**<br>সভাপতি, ১৪তম বার্ষিক সাধারণ সভা<br>ও চেয়ারম্যন, কাক্কো লিঃ |

## ১৪তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত ডেলিগেটগণের নামের তালিকা

| ক্রমিক নং | প্রাথমিক সদস্য সমিতির পূর্ণ নাম | সদস্য নং | ডেলিগেটগণের নাম |
|---|---|---|---|
| ১ | দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা | ১ | মিঃ পংকজ গিলবার্ট কস্তা |
| ২ | নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৩ | মিঃ টুটুল পিটার রড্রিকস্ |
| ৩ | ঢাকাস্থ মঠবাড়ী খ্রিস্টান কর্মজীবি সমবায় সমিতি লিঃ | ৫ | মিঃ বিন্দু সুমন রোজারিও |
| ৪ | মহাখালী খ্রীষ্টান কো-অপরেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৭ | মিস কবিতা গ্লোরিয়া গমেজ |
| ৫ | মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৮ | মিঃ লিটন রিচার্ড ক্রুশ |
| ৬ | ঢাকাস্থ বোর্নী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৯ | মিঃ আগষ্টিন কস্তা |
| ৭ | নয়ানগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ১০ | মিঃ রিচার্ড রিপন সরদার |
| ৮ | উত্তরবঙ্গ খ্রীষ্টান বহুমুখী সমবায় সমিতি লিমিটেড | ১১ | মিঃ মার্সেল ডি' কস্তা |
| ৯ | ঢাকা খ্রিষ্টিয়ান বহুমূখী সমবায় সমিতি লিঃ | ১৩ | ডাঃ বিনয় গোস্বামী |
| ১০ | ভাসানিয়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ১৬ | মিঃ দিপ্ত মাইকেল রেগো |
| ১১ | দড়িপাড়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ১৭ | মিঃ সোহেল থিউটনিয়াস রোজারিও |
| ১২ | তুমিলিয়া ধর্মপল্লী খ্রীষ্টান বহুমুখী সমবায় সমিতি লিঃ | ১৮ | মিঃ টেরেন্স প্যাট্রিক পালমা |
| ১৩ | ঢাকা খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ | ১৯ | মিঃ জোনাস গমেজ |
| ১৪ | রাঙ্গামাটিয়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ২২ | মিঃ সঞ্চয় লেনার্ড কস্তা |
| ১৫ | কাফরুল খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ২৪ | মিঃ রোনাল্ড সনি গমেজ |
| ১৬ | মাউছাইদ খ্রীষ্টান মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ | ২৬ | মিঃ ড্যানিয়েল নির্মল ডি' কস্তা |
| ১৭ | লক্ষ্মীবাজার খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ২৭ | মিঃ উইলসন রিবেরু |
| ১৮ | চড়াখোলা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৩১ | মিঃ কলিন্স টলেন্টিনু |
| ১৯ | দি মেট্রোপলিটান খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ | ৩৩ | মিঃ অনিল লিও কস্তা |
| ২০ | মাউছাইদ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৩৬ | মিঃ রোমিও ডি' কস্তা |
| ২১ | পাগার খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৩৭ | মিঃ সেবাষ্টিন পিউরীফিকেশন |
| ২২ | মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ | ৩৮ | মিঃ ডেভিড রোজারিও |
| ২৩ | তুইতাল খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৪৪ | মিঃ খ্রীষ্টফার গমেজ |
| ২৪ | পীরগাছা থাংয়ানি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৪৫ | মিঃ মার্টিন মৃ |
| ২৫ | হারবাইদ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৪৭ | মিসেস সিলভিয়া রোজারিও |
| ২৬ | হাসনাবাদ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৪৮ | মিঃ নিকোলাস আর কোড়াইয়া |
| ২৭ | ইক্রাশী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৫২ | মিসেস খ্রীষ্টিনা গমেজ |
| ২৮ | বক্সনগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৫৩ | মিঃ টমাস বরুণ গমেজ |
| ২৯ | 'পিএইচবি' খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৫৫ | মিঃ দোলন যোসেফ গমেজ |
| ৩০ | মোহাম্মদপুর খ্রীষ্টান বহুমূখী সমবায় সমিতি লিমিটেড, ঢাকা | ৫৬ | মিঃ আগস্টিন বাড়ৈ টিটু |
| ৩১ | মঙ্গলদীপ কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৫৭ | মিঃ ইউস দাজেল |
| ৩২ | ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৫৯ | মিঃ অমিত ইলিয়াস স্কু |
| ৩৩ | গৌরনদী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৬০ | মিঃ সুজিত হালদার |

## ১৪তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত অতিথিগণের নামের তালিকা

| ক্রমিক নং | পদবী ও প্রতিষ্ঠানের পূর্ণ নাম | অতিথি ধরণ | অতিথিগণের নাম |
|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কাল্‌ব) | প্রধান অতিথি | মিঃ আগষ্টিন পিউরীফিকেশন |
| ২ | প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, কাক্‌কো লিঃ | বিশেষ অতিথি | মিঃ নির্মল রোজারিও |
| ৩ | সদস্য সচিব, আহ্বায়ক কমিটি, কাক্‌কো লিঃ | বিশেষ অতিথি | মিঃ বাবু মার্কুস গমেজ। |
| ৪ | চ্যাপলেইন, কাক্‌কো লিঃ | অতিথি | ফাদার ড. লিটন হিউবার্ট গমেজ, সিএসসি |
| ৫ | জেনারেল ম্যানেজার, দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কাল্‌ব) | অতিথি | মিঃ প্যাট্রিক পালমা |

## ১৪তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত পর্যবেক্ষকগণের নামের তালিকা

| ক্রমিক নং | প্রাথমিক সদস্য সমিতির পূর্ণ নাম | সদস্য নং | অতিথিগণের নাম |
|---|---|---|---|
| ১ | দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা | ১ | মিঃ মাইকেল জন গমেজ<br>মিঃ মনোজ ক্লেমেন্ট গমেজ |
| ২ | নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৩ | মিঃ ফিলিপ গমেজ<br>মিঃ বিদ্যুৎ ভিক্টর এসেনসন |
| ৩ | মহাখালী খ্রীষ্টান কো-অপরেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৭ | মিঃ বেনেডিক্ট ডি' ক্রুজ |
| ৪ | ধরেন্ডা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ১৪ | মিঃ লিন্টাস রক রোজারিও |
| ৫ | তুমিলিয়া ধর্মপল্লী খ্রীষ্টান বহুমুখী সমবায় সমিতি লিঃ | ১৮ | মিস মিতু ট্রিজা গমেজ |
| ৬ | কাফরুল খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ২৪ | মিঃ জেমস্ সুবোধ হালদার<br>মিঃ ইগ্নেসিউস ব্রাইট কস্তা |
| ৭ | দি মেট্রোপলিটান খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ | ৩৩ | মিঃ আগষ্টিন প্রতাপ গমেজ<br>মিঃ ডিউক প্রদীপ রোজারিও<br>মিঃ পেপিলন হেনরী পিউরীফিকেশন<br>মিঃ ইউজিন কোড়াইয়া<br>মিঃ বাদল সিমসাং |
| ৮ | মাউছাইদ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৩৬ | মিঃ হিমন গমেজ |
| ৯ | হাসনাবাদ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৪৮ | মিঃ জন রকস্ গমেজ<br>মিঃ অলিম্পিয়া কণা কোড়াইয়া |
| ১০ | ইক্রাশী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৫২ | মিঃ জাস্টিন শাওন গমেজ<br>মিঃ ফ্লোরেন্স মালতি রোজারিও |
| ১১ | ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৫৯ | মিঃ প্রশান্ত নাফাক<br>মিঃ প্রদীপ কুমার রুরাম |

**বাবুল দরেছ**
কার্যবিবরণী রক্ষক
১৪তম বার্ষিক সাধারণ সভা, কাক্‌কো লিঃ

**টুটুল পিটার রড্রিকস্**
সেক্রেটারী (কো-অপ্ট), ব্যবস্থাপনা পরিষদ
কাক্‌কো লিঃ

**পংকজ গিলবার্ট কস্তা**
সভাপতি, ১৪তম বার্ষিক সাধারণ সভা
ও চেয়ারম্যান, কাক্‌কো লিঃ

আলোচ্যসূচীঃ | ০৮ |

# বিশেষ সাধারণ সভা ও নির্বাচন-২০২৫ সংক্রান্ত কার্যবিবরণী

**তারিখ ঃ** ২০.০৬.২০২৫ খ্রিস্টাব্দ; **সময় ঃ** সকাল ঃ ১০:০০ ঘটিকা
**স্থানঃ** নীড়-২৮, ৭৪/১ (২য় তলা), মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা।

**সভার কর্মসূচী ছিল ঃ** (১) উপস্থিতি; (২) আসন গ্রহণ; (৩) জাতীয়, আকু, সমবায় ও কাক্কো'র পতাকা উত্তোলন; (৪) সভার সভাপতি নিয়োগ; (৫) প্রার্থনা; (৬) সভাপতির স্বাগত বক্তব্য; (৭) ব্যবস্থাপনা কমিটির নির্বাচন- ২০২৫; (৮) অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ গঠন; (৯) নবনির্বাচিত চেয়ারম্যান ও অতিথি বৃন্দের বক্তব্য, (১০) ধন্যবাদ জ্ঞাপন ও সমাপ্তি ঘোষণা।

**কর্মসূচী-১: উপস্থিতি ঃ** ব্যবস্থাপনা পরিষদ, নির্বাচন কমিটি-২০২৫, নির্বাচনের প্রার্থী ও সদস্য সমিতিসমূহের সম্মানিত ভোটিং ডেলিগেট, প্রতিনিধি ও অতিথিবৃন্দ সভাস্থলে উপস্থিত হয়ে বিশেষ সাধারণ সভা ও নির্বাচন-২০২৫ রেজিষ্টারে স্বাক্ষর করতঃ উপস্থিতি প্রদান করেন। এতে দেখা যায় সর্বমোট ৯৩ জন (নির্বাচন কমিটি-২০২৫ এর সদস্য ০৩ জন, ভোটিং ডেলিগেট ২৮ জন এবং সম্মানিত অতিথি, অন্যান্য অতিথি ও পর্যবেক্ষক ৬২ জন ব্যক্তি সভায় উপস্থিত ছিলেন (উপস্থিতি স্বাক্ষর সংযুক্ত)।

**কর্মসূচী-২: আসন গ্রহণঃ-** প্রধান নির্বাহী কর্মকর্তা মিঃ ডমিনিক রঞ্জন পিউরিফিকেশনের অনুরোধে সভামঞ্চে আসন গ্রহণ করেন কাক্কো লিঃ-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা; সম্মানিত অতিথি জনাব জেবুন নাহার, অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) সমবায় অধিদপ্তর; নির্বাচন কমিটি-২০২৫-এর সভাপতি জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা; সদস্য জনাব সামিয়া সুলতানা, উপ-নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা; সদস্য জনাব সৈয়দা কামরুন নাহার, পরিদর্শক, সমবায় অধিদপ্তর, ঢাকা; কাক্কো লি:-এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মি. নির্মল রোজারিও; দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড, ঢাকা এর প্রেসিডেন্ট মিঃ ইগ্নাসিওস হেমন্ত কোড়াইয়া; দি মেট্রোপলিটান খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ-এর চেয়ারম্যান মিঃ আগষ্টিন প্রতাপ গমেজ; কাক্কো লিঃ-এর চ্যাপলেইন, ফাদার ড. লিটন হিউবার্ট গমেজ, সিএসসি; কাক্কো লিঃ-এর ভাইস-চেয়ারম্যান মিঃ অনিল লিও কস্তা, সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্।

**কর্মসূচী-০৩: জাতীয়, আকু, সমবায় ও কাক্কো'র পতাকা উত্তোলন ঃ** বিশেষ সাধারণ সভা ও নির্বাচন উপলক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন করেন সম্মানিত অতিথি জনাব জেবুন নাহার, অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) সমবায় অধিদপ্তর, ঢাকা; সমবায় পতাকা উত্তোলন করেন নির্বাচন কমিটি-২০২৫-এর সভাপতি জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা; আকু পতাকা উত্তোলন করেন কাক্কো লি:-এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মি. নির্মল রোজারিও এবং কাক্কো পতাকা উত্তোলন করেন মিঃ পংকজ গিলবার্ট কস্তা চেয়ারম্যান, দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লি:। অত:পর উপস্থিত সকলে দাঁড়িয়ে সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীতে অংশগ্রহণ করেন এবং জাতীয় পতাকার প্রতি সম্মান প্রদর্শণ করেন।

**কর্মসূচী-৪: সভার সভাপতি নিয়োগ ঃ** চড়াখোলা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:-এর ভোটিং ডেলিগেট মি: কলিন্স টলেন্টিনু-এর প্রস্তাব ও মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি: -এর ভোটিং ডেলিগেট মি: ডেভিড রোজারিও'র সমর্থনে সর্বসম্মতিক্রমে কাক্কো লিঃ-এর ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা বিশেষ সাধারণ সভার সভাপতি এবং নির্বাচন কমিটির সভাপতি জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা নির্বাচন-২০২৫ এর সভাপতি নিযুক্ত হন। বিশেষ সাধারণ সভার সভাপতি মিঃ পংকজ গিলবার্ট কস্তা সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকলকে সমবায়ী প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে সভা পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। অতপর সভার কর্মসূচী অনুযায়ী সভা পরিচালিত হয়।

**কর্মসূচী-৫: প্রার্থনা ঃ** সভায় প্রার্থনা পরিচালনা করেন ফাদার ড. লিটন হিউবার্ট গমেজ, চ্যাপলেইন, দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লি:।

**কর্মসূচী-৬: সভাপতির স্বাগত বক্তব্য ঃ** সভার সভাপতি ও কাক্কো লি:-এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা তাঁর স্বাগত বক্তব্যে উপস্থিত সকলকে সমবায়ী প্রীতি ও শুভেচ্ছা জানান। শুরুতেই তিনি বিশেষ সাধারণ সভা ও নির্বাচন-২০২৫ উপলক্ষ্যে উপস্থিত নির্বাচন কমিটি, সম্মানিত অতিথি, অন্যান্য অতিথিবৃন্দ, ভোটিং ডেলিগেটবৃন্দ ও তাঁর সহকর্মীবৃন্দকে স্বাগত জানান এবং পরম করুণাময় সৃষ্টি কর্তাকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। স্মরণ করেন ক্রেডিট ইউনিয়ন আন্দোলনের স্বপ্নদ্রষ্টা স্বর্গীয় আর্চবিশপ লরেন্স এল. গ্রেণার সিএসসি, অগ্রদূত ফাদার চালর্স জে. ইয়াং, সিএসসি-সহ প্রয়াত ও জীবিত সকল নেতৃবৃন্দকে, যাঁদের অবদান ও পরিশ্রমের ফসল হিসেবে আজকে ক্রেডিট ইউনিয়ন ও সমবায় আন্দোলন একটি শক্তিশালী পর্যায়ে এসে উপনীত হয়েছে।

তিনি তাঁর বক্তব্যে কাক্কো'র বর্তমান কার্যক্রম সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা সকলের অবগতির জন্য তুলে ধরেন এবং বিগত তিনটি বছর কাক্কো'র কার্যক্রম পরিচালনায় সকলের আন্তরিক সহযোগিতার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

**কর্মসূচী-৭: ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫ ঃ** নির্বাচন পর্বে দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিঃ -এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫-এর কার্যক্রম পরিচালনা করার জন্য নির্বাচন কমিটির সভাপতি জনাব

মোঃ মিজানুর রহমান, যুগ্ম নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা; সদস্য জনাব সামিয়া সুলতানা, উপ-নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা; জনাব সৈয়দা কামরুন নাহার, পরিদর্শক, সমবায় অধিদপ্তর, ঢাকা -কে নির্বাচন কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানান। নির্বাচন পর্বে সভায় সভাপতিত্ব করেন নির্বাচন কমিটির সভাপতি জনাব মোঃ মিজানুর রহমান।

অত:পর নির্বাচন কমিটির সভাপতি জনাব মোঃ মিজানুর রহমান দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্‌কো) লিঃ এর চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা, বোর্ড সদস্যবৃন্দ, ভোটিং ডেলিগেটবৃন্দ এবং সদস্য সমিতির প্রতিনিধি ও অতিথিবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে নির্বাচনী কার্যক্রম আরম্ভ করেন। শুরুতে তিনি দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভ (কাক্‌কো) লিঃ-এর কার্যক্রম সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করেন এবং ভবিষ্যতে এর সকল কার্যক্রমের সাফল্য কামনা করেন।

দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্‌কো) লিঃ -এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫ উপলক্ষে নির্বাচন কমিটি কর্তৃক ঘোষিত তফসিল মোতাবেক সমবায় সমিতি আইন, ২০২১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) অনুসারে অদ্যকার ২০/০৬/২০২৫ ইং তারিখে বিশেষ সাধারণ সভায় নিম্নরূপে নির্বাচনী ফলাফল ঘোষণা করেন।

## নির্বাচিত প্রার্থীদের তালিকা

| ক্রঃ নং | প্রার্থীর নাম | প্রার্থীর প্রতিনিধিত্বকারী সমবায় সমিতির নাম | নির্বাচিত পদের নাম | ফলাফল |
|---|---|---|---|---|
| ১ | জনাব টুটুল পিটার রড্রিকস্ | নাগরী খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | চেয়ারম্যান | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |
| ২ | জনাব নিকোলাস আর. কোড়াইয়া | হাসনাবাদ খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ভাইস-চেয়ারম্যান | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |
| ৩ | জনাব কলিন্স টলেন্টিনু | চড়াখোলা খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | সেক্রেটারী | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |
| ৪ | জনাব রিচার্ড রিপন সরদার | নয়ানগর খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ট্রেজারার | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |
| ৫ | জনাব ডেভিড রোজারিও | মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ | সদস্য | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |
| ৬ | জনাব রোমিও ডি' কস্তা | মাইছাইদ খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | সদস্য | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |
| ৭ | জনাব রোনাল্ড সনি গোমেজ | কাফরুল খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | সদস্য | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |
| ৮ | জনাব সিলভিয়া রোজারিও | হারবাইদ খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | সদস্য | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |
| ৯ | জনাব আগষ্টিন বাড়ৈ টিটু | মোহাম্মদপুর খ্রীষ্টান বহুমূখী সমবায় সমিতি লিমিটেড, ঢাকা | সদস্য | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |
| ১০ | জনাব উইলসন রিবেরু | লক্ষ্মীবাজার খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | সদস্য | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |
| ১১ | জনাব আগষ্টিন কস্তা | ঢাকাস্থ বোর্ণী খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | সদস্য | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |
| ১২ | জনাব সোহেল থিউটনিয়াস রোজারিও | দড়িপাড়া খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | সদস্য | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |

**কর্মসূচী-৮: অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ গঠন ঃ** সভাপতি মিঃ পংকজ গিলবার্ট কস্তা বলেন, সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ১০২(৪) বিধিতে রয়েছে 'যেই সকল সমবায় সমিতির কার্যকরী মূলধন ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকার উর্ধ্বে, সেই সকল সমিতিতে অনুন্য ৩ (তিন) জন সদস্য সমন্বয়ে একটি অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ থাকিবে এবং উক্ত ৩ (তিন) জন সদস্য সাধারণ সভা কর্তৃক ৩ (তিন) বছরের জন্য মনোনীত হইবেন'। সেই প্রেক্ষিতে বিগত সময়ের ন্যায় আজকের এই বিশেষ সাধারণ সভায় ৩ (তিন) জন সদস্য সমন্বয়ে একটি অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ গঠন করার জন্য উপস্থিত সকলের নিকট থেকে প্রস্তাব ও সমর্থন আহ্বান করেন। অতপর বিস্তারিত আলোচনান্তে প্রস্তাব ও সমর্থনের মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নে উল্লেখিত অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ গঠিত হয় ঃ-

| ক্রমিক নং | প্রস্তাবকারী ও সমর্থন কারী | অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ-এ পদের নাম | ডেলিগেটের নাম | সদস্য সমিতির নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | মি. ডেভিড রোজারিও (প্রস্তাবকারী)<br>ডেলিগেট মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ<br>মি. উইলসন রিবেরু (সমর্থনকারী)<br>ডেলিগেট লক্ষ্মীবাজার খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | আহবায়ক | মি. পংকজ গিলবার্ট কস্তা | দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা | সর্বসম্মতিক্রমে নির্বাচিত |
| ২ | মি. রোমিও ডি' কস্তা (প্রস্তাবকারী)<br>ডেলিগেট মাইছাইদ খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ<br>মি. খ্রীষ্টফার গমেজ (সমর্থনকারী)<br>ডেলিগেট তুইতাল খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | সদস্য সচিব | মি. অনিল লিও কস্তা | দি মেট্রোপলিটান খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ | সর্বসম্মতিক্রমে নির্বাচিত |
| ৩ | মি. আগষ্টিন কস্তা (প্রস্তাবকারী)<br>ডেলিগেট ঢাকাস্থ বোর্ণী খ্রীষ্টান কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ<br>মি. রোনাল্ড সনি গোমেজ (সমর্থনকারী)<br>ডেলিগেট কাফরুল খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | সদস্য | মি. উজ্জ্বল শিমন রোজারিও | ধরেন্ডা খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | সর্বসম্মতিক্রমে নির্বাচিত |

এই অভ্যন্তরীণ নিরীক্ষা কোষের মেয়াদ হবে নবনির্বাচিত ব্যবস্থাপনা কমিটির ন্যায় ৩ (তিন) বছর।

**কর্মসূচী-৯: নবনির্বাচিত চেয়ারম্যান ও অতিথি বৃন্দের বক্তব্য ঃ**

**জনাব জেবুন নাহার ঃ** সম্মানিত অতিথি জনাব জেবুন নাহার, অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) সমবায় অধিদপ্তর তার শুভেচ্ছা বক্তব্যে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। নির্দিষ্ট সময়ে বিশেষ সাধারণ সভা ও নির্বাচন-২০২৫ এর কার্যক্রম শুরু করার জন্য ধন্যবাদ জানান এবং

সদস্য সমবায় সমিতির নেতৃবৃন্দকেও নিজ নিজ সমিতিতে বিষয়টি অনুশীলন করার অনুরোধ জানান। তিনি খ্রিস্টান সমবায় সমিতিগুলোতে স্বচ্ছতা, জবাবদিহিতা ও নিয়মের প্রতি শ্রদ্ধাশীল থাকার কারণে কাক্কো'র মাধ্যমে সকলকে ধন্যবাদ জানান। সুষ্ঠু ও সুন্দরভাবে কাক্কো'র নির্বাচন সম্পন্ন করায় নির্বাচন কমিটিসহ সকল ডেলিগেটবৃন্দকে ধন্যবাদ জানান। তিনি বলেন, সমিতির কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সমবায় অধিদপ্তর কাজ করে যাচ্ছে। কাক্কো'র মাধ্যমে একটি ট্রেনিং ইনস্টিটিউট তৈরী করার পরামর্শ দেন। তিনি বলেন, দিন দিন খেলাপী ঋণ বৃদ্ধি পাচ্ছে। এই খেলাপী ঋণ নিরসনে কাক্কো ক্রেডিট মনিটরিং সিস্টেম (সিসিএমএস) ব্যবহারের পরামর্শ দেন এবং প্রয়োজনীয়তা নিয়ে আলোকপাত করেন। তিনি গতানুগতি সমিতি পরিচালনায় পরিবর্তন আনার লক্ষ্যে স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করার অনুরোধ জানান। তিনি বলেন, সমিতির জন্য দুর্বলতা ও সুযোগ গুলো চিহ্নিত করে প্রতিযোগীতা নিয়ে সমিতি পরিচালনা করতে হবে। অভ্যন্তরীণ নিরীক্ষা কোষকে স্বাধীন ভাবে কাজ করার সুযোগ দিতে হবে। কাক্কো'র যে সুনাম রয়েছে তা সমসময় বজায় রাখতে হবে। কেন্দ্রীয় সমবায়ের পাশাপাশি খ্রিস্টান নেতৃবৃন্দকে জাতীয় সমবায় সমিতিতেও নেতৃত্ব প্রদানের মাধ্যমে দেশের জাতীয় অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখার পরামর্শ দেন। নব-নির্বাচিত ব্যবস্থাপনা কমিটিকে সমবায় সমিতি আইন, বিধি ও সমিতির উপ-আইন অনুযায়ী সমিতি পরিচালনা করার পরামর্শ দিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন।

**মিঃ ইগ্নাসিওস হেমন্ত কোড়াইয়া ঃ** দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা-এর প্রেসিডেন্ট মিঃ ইগ্নাসিওস হেমন্ত কোড়াইয়া, তার শুভেচ্ছা বক্তব্যে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, কালব্ এবং কাক্কো প্রতিষ্ঠায় ঢাকা ক্রেডিট মূখ্য ভূমিকা পালন করেছে। সমবায় সমিতি পরিচালনায় সদস্যদের শুধুমাত্র ঋণ দিয়ে ঋণের বোঝা না বাড়িয়ে ঋণ কার্যক্রম যথাযথ পর্যবেক্ষণের মাধ্যমে পরিচালনা করা, নিয়মিত ফলোআপ করার জন্য সকল নেতৃবৃন্দের প্রতি পরামর্শ রাখেন। সমবায় সমিতির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি এবং প্রশিক্ষণ দ্বারা যুব সমাজকে দক্ষ জনশক্তিতে রূপান্তরসহ বেকার সমস্যা সমাধানে প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহণ করার জন্য সকল নেতৃবৃন্দের প্রতি বিশেষ অনুরোধ জানান। নব-নির্বাচিত বোর্ডকে সঠিক ও সুন্দরভাবে নিজ নিজ দায়িত্ব পালন করার অনুরোধ জানান এবং বিগত সময়ের ন্যায় দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড, ঢাকা-এর পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস জানিয়ে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

**মিঃ আগষ্টিন প্রতাপ গমেজ ঃ** দি মেট্রোপলিটান খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ-এর সম্মানিত চেয়ারম্যান মিঃ আগষ্টিন প্রতাপ গমেজ উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন, কাক্কো লিঃ ১৮ বছর অতিক্রম করে এপর্যন্ত এসেছে। দক্ষ ও অভিজ্ঞ নেতৃত্বের কারণে কাক্কো অনেক বড় হয়েছে, অনেক উন্নতি হয়েছে। সমবায় আন্দোলনকে বেগবান ও শক্তিশালী করার লক্ষ্যে কাক্কো লিঃ-এর সকল কার্যক্রমে সকল সমিতির অংশগ্রহণ এবং সহযোগিতা কামনা করেন তিনি। কাক্কো লিঃ-এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং আশানুরূপ অগ্রগতির জন্য ব্যবস্থাপনা পরিষদকে ধন্যবাদসহ এবং নব-নির্বাচিত ব্যবস্থাপনা পরিষদকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন।

**মিঃ নির্মল রোজারিও ঃ** কাক্কো লিঃ-এর প্রাতিষ্ঠাতা চেয়ারম্যান মিঃ নির্মল রোজারিও উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানান এবং কাক্কো গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা করেন। কাককো গঠনে ঢাকা ক্রেডিটসহ সকল সদস্য সমবায় সমিতির সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। কাক্কো'র সমন্বিত কৃষি খামার প্রকল্পের জন্য কাক্কো'র বর্তমান ব্যবস্থাপনা পরিষদকে সাধুবাদ জানান এবং সদস্য সমবায় সমিতি গুলোকে শুধুমাত্র ঋণ কার্যক্রম পরিচালনা না করে উৎপাদন মুখী বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও পরিচালনার মাধ্যমে সমাজের আর্থ-সামাজিক উন্নয়ন ও জীবন মানের পরিবর্তনে সকল নেতৃবৃন্দের সহযোগিতা কামনা করেন। কাক্কো লিঃ-এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং আশানুরূপ অগ্রগতির জন্য ব্যবস্থাপনা পরিষদকে ধন্যবাদসহ এবং নব-নির্বাচিত ব্যবস্থাপনা পরিষদকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন।

**মিঃ টুটুল পিটার রড্রিকস্ ঃ** কাক্কো লিঃ-এর নব-নির্বাচিত চেয়ারম্যান মিঃ টুটুল পিটার রড্রিকস্ নব-নির্বাচিত ব্যবস্থাপনা পরিষদের পক্ষ থেকে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। বর্তমান ব্যবস্থাপনা পরিষদকে তাদের সফল নেতৃত্বদানের জন্য ধন্যবাদ জানান। সেইসাথে অত্যন্ত সুন্দর ও সুষ্ঠুভাবে নির্বাচন কাজ পরিচালনা করার জন্য নির্বাচন কমিটিকে ধন্যবাদ জানান। তিনি কাক্কো'র উন্নয়নের চলমান ধারা অব্যাহত রাখতে সকলের সহযোগিতা কামনা করেন।

**কর্মসূচী-১০ ঃ ধন্যবাদ জ্ঞাপন ও সমাপ্তি ঘোষণা ঃ** কাক্কো লিঃ-এর ভাইস-চেয়ারম্যান মিঃ অনিল লিও কস্তা সমবায় সমিতি আইন-২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা-২০০৪ ও কাক্কো লিঃ-এর উপ-আইন মোতাবেক সুষ্ঠু ও সুন্দরভাবে ব্যবস্থাপনা পরিষদের নির্বাচন-২০২৫ সম্পন্ন করার জন্য নির্বাচন কমিটির সভাপতি ও প্রত্যেক সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। নির্বাচন কার্য সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নে সার্বিক সহযোগিতার জন্য সদস্য সমিতির ভোটিং ডেলিগেটবৃন্দ, অন্যান্য অতিথিবৃন্দ, নীড়-২৮ এর সকল ফ্ল্যাট মালিকবৃন্দসহ কাক্কো লিঃ-এর কর্মীবৃন্দকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি বর্তমান ব্যবস্থাপনা পরিষদকে বিগত দিনে সমস্ত কাজে সহযোগীতার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতাসহ নবনির্বাচিত ব্যবস্থাপনা পরিষদকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। সভার শেষ প্রার্থনা পরিচালনা করেন কাক্কো'র প্রধান নির্বাহী কর্মকর্তা মিঃ ডমিনিক রঞ্জন পিউরিফিকেশন।

| | |
|---|---|
| **পংকজ গিলবার্ট কস্তা** | **টুটুল পিটার রড্রিকস্** |
| চেয়ারম্যান, কাক্কো লিঃ | সেক্রেটারী (কো-অপ্ট), কাক্কো লিঃ |



# সেক্রেটারীর কার্যক্রম প্রতিবেদন

**(১ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ হতে ৩০ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত)**

**সম্মানিত ডেলিগেটবৃন্দ,**

দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড- এর ১৫তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে জানাচ্ছি ব্যবস্থাপনা পরিষদের পক্ষ থেকে সমবায়ী প্রীতি ও শুভেচ্ছা। আজকের এ বার্ষিক সাধারণ সভায় আমরা শ্রদ্ধাভরে স্মরণ করছি ক্রেডিট ইউনিয়ন আন্দোলনের স্বপ্নদ্রষ্টা স্বর্গীয় আর্চবিশপ লরেন্স এল. গ্রেনার সিএসসি ও প্রতিষ্ঠাতা স্বর্গীয় ফাদার চার্লস জে. ইয়াং সিএসসিসহ সকল জীবিত ও প্রয়াত নেতৃবৃন্দকে যাঁদের চিন্তা-চেতনা এবং আত্মত্যাগের বিনিময়ে ক্রেডিট ইউনিয়ন আন্দোলন আজ একটি শক্তিশালী ও মজবুত ভিত্তির উপর এসে দাঁড়িয়েছে।

দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড হাটি হাটি পা পা করে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। এভাবে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে আপনাদের সকলের অর্থাৎ প্রাথমিক সদস্য সমিতিসমূহের যথেষ্ট অবদান রয়েছে। তাই আপনাদের সকলকে দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড-এর কার্যক্রম পরিচালনায় প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে সাহায্য-সহযোগিতা করার জন্য আজকের এই ১৫তম বার্ষিক সাধারণ সভায় পুনরায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। বর্তমান ব্যবস্থাপনা পরিষদ বিগত ২৮ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে দায়িত্বভার গ্রহণ করি। আপনাদের সহযোগীতায় আমরা এক অর্থবছর আমাদের দায়িত্ব পালন করতে সক্ষম হয়েছি। নিম্নে আপনাদের সকলের সদয় অবগতি ও সুবিবেচনার জন্য বিগত ১ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ হতে ৩০ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত সেক্রেটারীর প্রতিবেদন উপস্থাপন করছি।

১। **(ক) ব্যবস্থাপনা পরিষদ ঃ** ০১ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় ২০২২-২০২৫ মেয়াদের জন্য নির্বাচিত ব্যবস্থাপনা পরিষদ নিম্নরূপ-

**ব্যবস্থাপনা পরিষদ**

(০৫ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ হতে ০৪ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ)

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম | পদের নাম |
|---|---|---|
| ১ | মিঃ পংকজ গিলবার্ট কস্তা | চেয়ারম্যান |
| ২ | মিঃ অনিল লিও কস্তা | ভাইস-চেয়ারম্যান |
| ৩ | মিঃ টুটুল পিটার রড্রিকস্ | সেক্রেটারী (কো-অপ্ট) |
| ৪ | মিঃ নিকোলাস আর কোড়াইয়া | ট্রেজারার (কো-অপ্ট) |
| ৫ | মিঃ ডেভিড রোজারিও | ডিরেক্টর |
| ৬ | ডাঃ বিনয় গোস্বামী | ডিরেক্টর |
| ৭ | মিঃ উজ্জ্বল শিমন রোজারিও | ডিরেক্টর |
| ৮ | মিস্ কবিতা গ্লোরিয়া গমেজ | ডিরেক্টর |
| ৯ | মিঃ আগষ্টিন কস্তা | ডিরেক্টর |
| ১০ | মিঃ সঞ্চয় লেনার্ড কস্তা | ডিরেক্টর |
| ১১ | মিঃ লিংকার্স রোজারিও | ডিরেক্টর (পদত্যাগ) |
| ১২ | মিসেস সিলভিয়া রোজারিও | ডিরেক্টর (কো-অপ্ট) |
| ১৩ | মিঃ লিটন রিচার্ড ক্রুশ | ডিরেক্টর (কো-অপ্ট) |

**(খ) বর্তমান ব্যবস্থাপনা পরিষদ ঃ** ২০ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় ২০২৫-২০২৮ মেয়াদের জন্য নির্বাচিত ব্যবস্থাপনা পরিষদ নিম্নরূপ-

## বর্তমান ব্যবস্থাপনা পরিষদ

(২৮ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ হতে ২৭ জুন, ২০২৮ খ্রিস্টাব্দ)

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম | পদের নাম |
|---|---|---|
| ১ | মিঃ টুটুল পিটার রড্রিকস্ | চেয়ারম্যান |
| ২ | মিঃ নিকোলাস আর. কোড়াইয়া | ভাইস-চেয়ারম্যান |
| ৩ | মিঃ কলিন্স টলেন্টিনু | সেক্রেটারী |
| ৪ | মিঃ রিচার্ড রিপন সর্দার | ট্রেজারার |
| ৫ | মিঃ ডেভিড রোজারিও | ডিরেক্টর |
| ৬ | মিঃ আগষ্টিন কস্তা | ডিরেক্টর |
| ৭ | মিঃ সিলভিয়া রোজারিও | ডিরেক্টর |
| ৮ | মিঃ রোমিও ডি' কস্তা | ডিরেক্টর |
| ৯ | মিঃ রোনাল্ড সনি গমেজ | ডিরেক্টর |
| ১০ | মিঃ আগষ্টিন বাড়ৈ টিটু | ডিরেক্টর |
| ১১ | মিঃ উইলসন রিবেরু | ডিরেক্টর |
| ১২ | মিঃ সোহেল থিউটনিয়াস রোজারিও | ডিরেক্টর |

২। **কাক্‌কো'র চ্যাপলেইন ঃ** কাক্‌কো'র অনুরোধে সিবিসিবি কর্তৃক মনোনীত ও প্রেরিত কাক্‌কো লিঃ-এর চ্যাপলেইন হলেন ফাদার ড. লিটন হিউবার্ট গমেজ, সিএসসি।

৩। **(ক) অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ ঃ** ১ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভা ও নির্বাচনে ২০২২-২০২৫ মেয়াদের জন্য নির্বাচিত অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ নিম্নরূপ ঃ-

| ক্রমিক নং | নাম | পদমর্যাদা |
|---|---|---|
| ১ | মিঃ রোমিও ডি' কস্তা | আহ্বায়ক (কো-অপ্ট) |
| ২ | মিসেস খ্রীষ্টিনা গমেজ | সদস্য-সচিব (কো-অপ্ট) |
| ৩ | মিঃ মার্টিন মৃ | সদস্য |

**(খ) অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ ঃ** ২০ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় ২০২৫-২০২৮ মেয়াদের জন্য নির্বাচিত অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ নিম্নরূপ ঃ-

| ক্রমিক নং | নাম | পদমর্যাদা |
|---|---|---|
| ১ | মিঃ পংকজ গিলবার্ট কস্তা | আহ্বায়ক |
| ২ | মিঃ অনিল লিও কস্তা | সদস্য-সচিব |
| ৩ | মিঃ উজ্জ্বল শিমন রোজারিও | সদস্য |

৪। **বিভিন্ন উপকমিটি ঃ বিভিন্ন উপ-কমিটির তালিকা নিম্নরূপ ঃ**

**১। পরিকল্পনা কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১. | মিঃ কলিন্স টলেন্টিনু | আহ্বায়ক |
| ২. | মিঃ টুটুল পিটার রড্রিকস্ | সদস্য |
| ৩. | মিঃ রিপন সর্দার | সদস্য |
| ৪. | মিঃ আগষ্টিন বাড়ৈ টিটু | সদস্য |
| ৫. | মিঃ ডমিনিক রঞ্জন পিউরিফিকেশন | সদস্য |
| ৬. | মিঃ শরৎ আলফন্স রড্রিক্স | এক্সঅফিসিও |

**২। পিএফ ট্রাস্টি বোর্ড ঃ**

| | | |
|---|---|---|
| ১. | মিঃ টুটুল পিটার রডিকস্ | আহ্বায়ক |
| ২. | মিঃ রোনাল্ড সনি গমেজ | সদস্য |
| ৩. | মিঃ ডমিনিক রঞ্জন পিউরিফিকেশন | সদস্য |

### ৩। হিউম্যান রিসোর্স কমিটি ঃ

১. মিঃ কলিন্স টলেন্টিনু — আহ্বায়ক
২. মিঃ উইলসন রিবেরু — সদস্য
৩. মিঃ ডমিনিক রঞ্জন পিউরিফিকেশন — সদস্য

### ৪। ক্রয় কমিটি ঃ

১. মিঃ রিচার্ড রিপন সরদার — আহ্বায়ক
২. মিঃ আগষ্টিন বাড়ৈ টিটু — সদস্য
৩. মিঃ শরৎ আলফন্স রড্রিক্স — সদস্য

### ৫। জমি ক্রয়-বিক্রয় কমিটি ঃ

১. মিঃ নিকোলাস আর. কোড়াইয়া — আহ্বায়ক
২. মিঃ উইলসন রিবেরু — সদস্য
৩. মিঃ আগষ্টিন কস্তা — সদস্য

### ৬। খামার পরিচালনা কমিটি ঃ

১. মিঃ ডেভিড রোজারিও — আহ্বায়ক
২. মিসেস সিলভিয়া রোজারিও — সদস্য
৩. মিঃ রোমিও ডি' কস্তা — সদস্য
৪. মিঃ বাবুল দরেছ — এক্স অফিসিও

### ৭। নারী ও যুব উন্নয়ন কমিটি:

১. মিঃ সনি গমেজ — আহ্বায়ক
২. মিসেস সিলভিয়া রোজারিও — সদস্য
৩. মিঃ সোহেল রোজারিও — সদস্য
৪. মিসেস কবিতা গমেজ — সদস্য
৫. মিঃ আইভ্যান রায় — এক্স অফিসিও

### ৮। আইসিটি ও যোগাযোগ কমিটি

১. মিঃ রোমিও ডি' কস্তা — আহ্বায়ক
২. মিঃ রিচার্ড রিপন সরদার — সদস্য
৩. মিঃ শরৎ আলফন্স রড্রিক্স — সদস্য

### ৯। ঋণ বিষয়ক কমিটি

১. মিঃ নিকোলাস আর. কোড়াইয়া — আহ্বায়ক
২. মিঃ আগষ্টিন কস্তা — সদস্য
৩. অর্থ ও প্রশাসন কর্মকর্তা — সদস্য

**৫। স্টাফ পরিচিতি ঃ** কাক্‌কো'র সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য মোট ৯ (নয়) জন বেতনভুক্ত কর্মী রয়েছে। নিম্নে কর্মরত কর্মীবৃন্দের নাম ও পদমর্যাদা উল্লেখ করা হলো:

| ক্রমিক নং | কর্মীর নাম | পদমর্যাদা |
|---|---|---|
| ১ | মিঃ ডমিনিক রঞ্জন পিউরিফিকেশন | প্রধান নির্বাহী কর্মকর্তা |
| ২ | মিঃ শরৎ আলফন্স রড্রিক্স | চিফ অফিসার-অপারেশন |
| ৩ | মিঃ খোকন হালসনা | সিনিয়র অফিসার-একাউন্টস্ এন্ড এডমিন (টিম লিডার) (পদত্যাগ) |
| ৪ | মিঃ অনিক মার্ক বৈদ্য | সিনিয়র অফিসার-একাউন্টস্ এন্ড এডমিন (শিক্ষানবিশ) |
| ৫ | মিঃ বাবুল দরেছ | অফিসার-সেক্রেটারীয়েট, জমি ও খামার ব্যবস্থাপনা |
| ৬ | মিঃ আইভ্যান এলড্রিন রায় | অফিসার-অডিট |
| ৭ | মিসেস এ্যাঞ্জেল মনা | অফিসার-অডিট (শিক্ষানবিশ) |
| ৮ | মি ঃ উৎসর্গ প্যাট্রিক রোজারিও | অফিসার-একাউন্টস্ |
| ৯ | মিঃ সিমশন সাংমা | অফিস সহকারী (পিয়ন) |
| ১০ | মোঃ মানিক মিয়া | অফিস সহকারী (ড্রাইভার) |

**৬। ব্যবস্থাপনা পরিষদের সভা ঃ** সমিতির কর্মকান্ড সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থ বৎসরে ব্যবস্থাপনা পরিষদ ০৭টি বোর্ড সভা ও ০৪টি যৌথ সভাসহ সর্বমোট ১১টি সভায় মিলিত হয়েছে।

**৭। সদস্যপদ ঃ** ৩০ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত কাক্‌কো'র পূর্ণসদস্য সংখ্যা ছিল ৫১টি। আলোচ্য অর্থ বৎসরে নতুন আরো ০৩টি সমিতি সদস্যপদ গ্রহণ এবং কোন সমিতি সদস্যপদ প্রত্যাহার না করায় ৩০ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত পূর্ণসদস্য সমিতির সংখ্যা ৫৪টি। ফেব্রুয়ারী ২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত আরো ০৪টি সমিতি পূর্ণসদস্যপদ গ্রহণ করেছে। নিম্নে সদস্য সমিতির নাম, সদস্য নম্বর ও মোবাইল নম্বর উল্লেখ করা হল-

| ক্রমিক নং | সদস্য সমিতির নাম | সদস্য নম্বর | মোবাইল নাম্বার |
|---|---|---|---|
| ১ | দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা | ১ | ০২-৯১২৩৭৬৪ |
| ২ | তুমিলিয়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ২ | ০১৭১৫৩১৩৭৯৮ |
| ৩ | নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৩ | ০১৭১৬৮৯৮৯২৯ |
| ৪ | নোয়াখালী প্রবাসী খ্রীষ্টান সমবায় সমিতি লিঃ | ৪ | ০২-৯১২৭৭৫৩ |
| ৫ | ঢাকাস্থ মঠবাড়ী খ্রিস্টান কর্মজীবি সমবায় সমিতি লিঃ | ৫ | ০১৭১২০৭০৯০৩ |
| ৬ | মহাখালী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৭ | ০১৭২৬৬২৯১৮৬ |
| ৭ | মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৮ | ০১৭৭৫০৩২৫৬৯ |
| ৮ | ঢাকাস্থ বোর্ণী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৯ | ০১৭২৭৪৩১১৬৬ |
| ৯ | নয়ানগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ১০ | ০২-৮৪১৪৭২১ |
| ১০ | উত্তরবঙ্গ খ্রীষ্টান বহুমূখী সমবায় সমিতি লিঃ | ১১ | ০১৭১৭১৫৩১২৩ |
| ১১ | ঢাকা খ্রীষ্টিয়ান বহুমূখী সমবায় সমিতি লিঃ | ১৩ | ০১৮১৯৪৯৯৪৩০ |
| ১২ | ধরেন্ডা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ১৪ | ০১৮৭৭৭৫৮৬৭১ |
| ১৩ | গারো কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ১৫ | ০২-৮১৫৬১৫৯ |
| ১৪ | ভাসানিয়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ১৬ | ০১৭৫৭৯২৯১৮০ |
| ১৫ | দড়িপাড়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ১৭ | ০১৮৩২৭৬৭০২৪ |
| ১৬ | তুমিলিয়া ধর্মপল্লী খ্রীষ্টান বহুমূখী সমবায় সমিতি লিঃ | ১৮ | ০১৭১০৯৫৭০১৯ |
| ১৭ | ঢাকা খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ | ১৯ | ০১৭১৬২৭৫৭৪৪ |
| ১৮ | শুলপুর খ্রীষ্টিয়ান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ২০ | ০১৭১৫০৩৮৫৪৭ |
| ১৯ | রাঙ্গামাটিয়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ২২ | ০১৭৩৯৪৯২১১৮ |
| ২০ | ঢাকাস্থ রাঙ্গামাটিয়া ধর্মপল্লী খ্রীষ্টান বহুমূখী সমবায় সমিতি লিঃ | ২৩ | ০১৭৬৩৪৩৩১৮১ |
| ২১ | কাফরুল খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ২৪ | ০২-৮৭১৩৬৯২ |
| ২২ | খ্রীষ্টিয়ান সমবায় সমিতি লিমিটেড | ২৫ | ০১৭১৫১০৭০৪৯ |
| ২৩ | মাউসাইদ খ্রীষ্টান মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ | ২৬ | ০১৮৬১০১২৩৬২ |
| ২৪ | লক্ষ্মীবাজার খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ২৭ | ০১৭৯৮২১৭৩৫০ |
| ২৫ | চড়াখোলা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৩১ | ০১৭৪১১১৬৮২৪ |
| ২৬ | দি মেট্রোপলিটান খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ | ৩৩ | ০২-৯১১৩৮৪১ |
| ২৭ | গোল্লা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৩৪ | ০১৮৩২৭৯১১৮২ |
| ২৮ | ঢাকাস্থ পাদ্রীশিবপুর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৩৫ | ০১৮৬৪২৯৩২৬৫ |
| ২৯ | মাউসাইদ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৩৬ | ০১৭২০৩০৮৯১৫ |
| ৩০ | পাগাড় খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৩৭ | ০১৭৩১১৪৮২৯৯ |
| ৩১ | মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ | ৩৮ | ০১৭৪১১৪০৭৫০ |
| ৩২ | ময়মনসিংহ শহর বাঙ্গালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | ৩৯ | ০১৭১৫৯৪৩২৯৫ |

| ক্রমিক নং | সদস্য সমিতির নাম | সদস্য নম্বর | মোবাইল নাম্বার |
|---|---|---|---|
| ৩৪ | আবিমা আদিবাসী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: | ৪১ | ০১৭২৫১১৫৬১০ |
| ৩৫ | গারো কর্মজীবি সমবায় সমিতি লি: | ৪২ | ০১৮২১৬৭৪০০৬ |
| ৩৬ | মাল্লা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: | ৪৩ | ০১৯২১০৪৪৫৮১ |
| ৩৭ | তুইতাল খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: | ৪৪ | ০১৮১২১৮০৬২৩ |
| ৩৮ | পীরগাছা থাংয়ানি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: | ৪৫ | ০১৭৫০০৭৩৬০৬ |
| ৩৯ | নৈপাড়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: | ৪৬ | ০১৮৬১৫৪২৩৮৪ |
| ৪০ | হারবাইদ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: | ৪৭ | ০১৮১৯০৬৭৯২০ |
| ৪১ | হাসনাবাদ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: | ৪৮ | ০১৭৭১৬২৭৬৬৬ |
| ৪২ | ঢাকাস্থ বৃহত্তর কুষ্টিয়া খ্রীষ্টিয়ান কর্মজীবি সমবায় সমিতি লি: | ৪৯ | ০১৭৩০৮০৮৫০৩ |
| ৪৩ | নয়নশ্রী সাধু রকের খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: | ৫০ | ০১৭১০৮২২৪৩০ |
| ৪৪ | ভাদুন খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: | ৫১ | ০১৭৪১৪০৪৭৯৬ |
| ৪৫ | ইক্রাশী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: | ৫২ | ০১৮৮১৪৪৭৫২২ |
| ৪৬ | বক্সনগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: | ৫৩ | ০১৮৮০১৬৬২৯০ |
| ৪৭ | গারো কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লি: | ৫৪ | ০১৭৩২৩৭৩১৯০ |
| ৪৮ | 'পিএইচবি' খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৫৫ | ০১৩১৩৩৩৫০০৯ |
| ৪৯ | মোহাম্মদপু খ্রীষ্টান বহুমূখী সমবায় সমিতি লিমিটেড, ঢাকা | ৫৬ | ০১৯৫৩২০৪৩৬০ |
| ৫০ | মঙ্গলদীপ কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৫৭ | ০১৭৩৮২৯৪৮৭৩ |
| ৫১ | থাংনা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৫৮ | ০১৭১২৭১২১৮৮ |
| ৫২ | ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৫৯ | ০১৭৩০০৬৯২৩৬ |
| ৫৩ | গৌরনদী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৬০ | ০১৮৪২১৬১৬৫৩ |
| ৫৪ | আচিক কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৬১ | ০১৭৮৫২২২৬৪৩ |
| ৫৫ | ছোট গোল্লা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৬২ | ০১৮০৪-২৪৫২৯২ |
| ৫৬ | ঢাকাস্থ প্রবাসী নারিকেলবাড়ী খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৬৩ | ০১৩১০-৪৩৫৪১৯ |
| ৫৭ | ঢাকাস্থ মথুরাপুর খ্রীষ্টান কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড | ৬৪ | ০১৩১০-৫৮৮৯৫৮ |
| ৫৮ | মাদার তেরেজা বহুমূখী সমবায় সমিতি লিমিটেড | | ০১৮৫৮-৯৯১৭৪৭ |

**০৬। পঞ্চ-বার্ষিকী কৌশলগত কর্মপরিকল্পনা (২০২৫-২০৩০) ঃ** দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড-এর প্রাতিষ্ঠানিক ভিত্তি আরও সুদৃঢ় এবং আগামীর চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষম করে তোলার লক্ষ্যে ব্যবস্থাপনা কমিটি একটি দূরদর্শী পদক্ষেপ হিসেবে 'পঞ্চ-বার্ষিকী কৌশলগত কর্মপরিকল্পনা ২০২৫-২০৩০' প্রণয়ন সম্পন্ন করেছে। এই সুবৃহৎ পরিকল্পনাটি বাস্তবসম্মত ও সময়োপযোগী করার নিমিত্তে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক একটি বিশেষ উপকমিটি গঠন করা হয়। কমিটি দায়িত্ব গ্রহণের পরপরই অত্যন্ত পরিকল্পিতভাবে তিন মাসব্যাপী একটি নিবিড় কার্যক্রম হাতে নেয়, যার মূল লক্ষ্য ছিল প্রতিষ্ঠানের বর্তমান অবস্থান নিরূপণ এবং ভবিষ্যৎ রূপরেখা নির্ধারণ করা। এই প্রক্রিয়ার অংশ হিসেবে ঢাকা, আঠারগ্রাম এবং ভাওয়াল এলাকায় পর্যায়ক্রমে ল্যান্ডস্কেপ অ্যানালাইসিস সম্পন্ন করা হয় এবং অত্যন্ত নিবিড়ভাবে প্রতিষ্ঠানের সবল দিক, দুর্বল দিক, সম্ভাবনা ও ঝুঁকিগুলো (SWOT Analysis) বিশ্লেষণ করা হয়। মাঠপর্যায়ের প্রকৃত চিত্র তুলে আনতে উক্ত এলাকাসমূহে স্থানীয় সদস্যদের অংশগ্রহণে ফোকাস গ্রুপ ডিসকাশন পরিচালনা করা হয় এবং সমবায় অধিদপ্তর, আর্চডায়োসিস ও কাল্ব (CCULB)-এর মতো গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের কাছ থেকে মূল্যবান ফিডব্যাক সংগ্রহ ও বিশ্লেষণপূর্বক একটি প্রাথমিক সামারি প্রতিবেদন প্রস্তুত করা হয়।

এই ধারাবাহিকতায় গত ৪-৫ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে মোট ৬০ জন ডেলিগেট, আমন্ত্রিত অতিথি এবং স্টেকহোল্ডার প্রতিনিধিদের সক্রিয় অংশগ্রহণে একটি দুই দিনব্যাপী বিশেষ কর্মশালা অত্যন্ত সফলভাবে সম্পন্ন হয়। কর্মশালায় অংশগ্রহণকারীগণ বিভিন্ন পর্যায়ভুক্ত আলোচনা ও চুলচেরা বিশ্লেষণের মাধ্যমে আগামী পাঁচ বছরের জন্য অগ্রাধিকারপ্রাপ্ত খাতসমূহ চিহ্নিত করেন এবং একটি গণতান্ত্রিক প্রক্রিয়ায় জনভোটের মাধ্যমে ২০২৫-২০৩০ মেয়াদের জন্য চূড়ান্ত পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা অনুমোদন করেন। একই অধিবেশনে প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদী লক্ষ্য ও আদর্শের সাথে সংগতি রেখে ভিশন, মিশন ও কোর ভ্যালুসমূহ পুনরায় বিবেচনা করা হয় এবং উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে তা পুনঃনির্ধারণ করা হয়। এই সামগ্রিক পরিকল্পনাটি বর্তমানে একটি আনুষ্ঠানিক পুস্তিকা আকারে প্রচারের জন্য চূড়ান্ত করা হয়েছে, যা আমাদের সমবায় সমিতির স্বচ্ছতা, জবাবদিহিতা এবং টেকসই উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচন করবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

**আয়কর ও ভ্যাট বিষয়ক প্রশিক্ষণ ঃ** দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিঃ -এর আয়োজনে ৫-৭ অক্টোবর, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে কেএসবি বাণিজ্যিক ভবন ও ট্রেনিং সেন্টার, মঠবাড়ী, উলুখোলা, কালীগঞ্জ, গাজীপুর-এ তিনদিন ব্যাপী আয়কর ও ভ্যাট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ঢাকা, ময়মনসিংহ, গাজীপুর ও যশোর অঞ্চলের ২৮টি সমবায় সমিতি হতে ৪৪ জন প্রফেশনাল ও নেতৃবৃন্দ সক্রিয় অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের মূল সেশন পরিচালনা করেন ভ্যাট, ট্যাক্স ও কাস্টমস্ ট্রেনিং হাউস (ভিটিসি)- এর প্রশিক্ষকবৃন্দ (এনবিআর সার্টিফাইড) এবং জাতীয় রাজস্ব বোর্ডের কর্মকর্তা। শুরুতে প্রশিক্ষণ পরিচালনার উদ্দেশ্য ও নির্দেশনাবলী নিয়ে আলোচনা করেন কাক্কো'র সেক্রেটারী মিঃ টুটুল পিটার রড্রিকস্। তিনি বলেন, বর্তমানে সরকারের আইন বিধি অনুযায়ী আমাদের সমবায় সমিতিগুলোকে ভ্যাট-ট্যাক্স এর আওতাভুক্ত করা হয়েছে। আয়কর আইন অনুযায়ী আমাদের নিজ নিজ সমিতির আয়কর পরিশোধের পাশাপাশি উৎসে কর কর্তনেরও বিধান রয়েছে। আমরা অনেকেই এখনো এ বিষয়গুলো সম্পর্কে বিস্তারিত জানি না। ফলে, অনেক সমিতিই বর্তমানে আয়কর সংক্রান্ত বিভিন্ন জটিলতার সম্মুখীন হচ্ছে। এই আয়কর ও ভ্যাট সম্পর্কে ভালভাবে জানা ও সঠিকভাবে পালন করার লক্ষ্যে আয়কর ও ভ্যাট এক্সপার্টদের সমন্বয়ে কাক্কো এই প্রশিক্ষনের আয়োজন করেছে। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের সক্রিয় অংশগ্রহণসহ নিজের এবং নিজের সমবায় সমিতির আয়কর এসেসমেন্ট করে এ সংক্রান্ত সকল বিষয়ে জ্ঞান আহরণ করতে সক্ষম হবেন বলে তিনি প্রত্যাশা ব্যক্ত করেন।

মূল সেশনে ভ্যাট বিষয়ক প্রাথমিক ধারনা ও ভিডিএস (উৎসে ভ্যাট কর্তন) সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন জাতীয় রাজস্ব বোর্ড কর্মকর্তা মোঃ আবু সুফিয়ান, লেখক, ভ্যাট ও আইন প্রশিক্ষক। বাংলাদেশ ভ্যাট আইন মোতাবেক সমবায় সমিতিতে সাধারণত ভ্যাট নিবন্ধন প্রয়োজন হয় না। তবে, যে সকল সমবায় সমিতি সাধারণ কার্যক্রমের পাশাপাশি অন্যান্য উৎপাদনমুখী ও ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করবে সে সকল সমিতিকে আইন মোতাবেক ভ্যাট নিবন্ধন গ্রহণ ও রিটার্ণ জমা করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে সমবায় সমিতিকে আইনের সারণি মোতাবেক ভিডিএস কর্তন করতে হবে এবং রির্টাণ দাখিল করতে হবে।

ব্যক্তিগত কর বিষয়ে আলোচনা করেন এনবিআর তালিকাভুক্ত আয়কর ও ভ্যাট কনসালটেন্ট এবং প্রশিক্ষক মোঃ রিপন মিয়া। তিনি তাত্ত্বিক আইন-বিধি আলোচনার পাশাপাশি হাতে কলমে নিজ নিজ আয়কর নির্ধারণ করতে সহায়তা করেন। টিডিএস (উৎসে কর কর্তন) ও অগ্রিম কর সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এনবিআর তালিকাভুক্ত আয়কর ও ভ্যাট কনসালটেন্ট এবং প্রশিক্ষক মোঃ আল-আমিন। সাধারণত ব্যক্তির ক্ষেত্রে টিআইএন সার্টিফিকেট থাকলে ও নিয়মিত রিটার্ণ জমা করলে টিডিএস ১০% অন্যথায় ১৫%। এছাড়াও তিনি এ্যাসেট তালিকা প্রস্তুতকরণ, অবচয় ও অবলোপন এবং এর উপর কর ধার্যকরণ প্রক্রিয়া; অডিট রিপোর্ট, সমবায় সমিতির (কর্পোরেট) ট্যাক্স রিটার্ন ও এসেসমেন্ট; হাতে কলমে আয়কর ও ভ্যাট সমীকরণ প্রক্রিয়া বিষয়ে উপস্থাপন করেন। টিডিএস ও ভিডিএস রিটার্ন পদ্ধতি, ব্যক্তিগত কর, অফিস ফাইল এসেসমেন্ট ও রিটার্ন (অভিজ্ঞতা শেয়ারিং) বিষয়ে আলোচনা করেন ঢাকা ক্রেডিট এর তৎকালিন সিইও মি. লিটন টমাস রোজারিও। তিনি সমবায় সমিতি হিসেবে ঢাকা ক্রেডিট-এর বর্তমান ভ্যাট-ট্যাক্স প্র্যাকটিস্ সম্পর্কে আলোচনা করেন।

অংশগ্রহণকারীবৃন্দ সকলেই প্রশিক্ষণটি অনেক ভালো ও সময়োপযুগী হয়েছে বলে মতামত প্রকাশ করেন। সামনের দিনে নিজের ও সমিতির ভ্যাট-ট্যাক্স হিসাব করা এবং রির্টাণ জমা দেওয়ায় ক্ষেত্রে এটি অনেক সহায়ক হবে। প্রশিক্ষনার্থীগণ পরবর্তীতে আরও সময় নিয়ে প্রশিক্ষণটি আয়োজন করার অনুরোধ জানান।

**"সৃষ্টি উদ্‌যাপন কাল-২০২৪" শীর্ষক ওয়েবিনার ঃ** ১৭ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ, মঙ্গলবার বিকাল ৫:০০ ঘটিকায় কাক্কো আয়োজিত "সৃষ্টি উদ্‌যাপন কাল-২০২৪" শীর্ষক ওয়েবিনার Zoom App -এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। ওয়েবিনারের মূল্য প্রতিপাদ্য বিষয় ছিল - 'আশা করি এবং সৃষ্টির সাথে একত্রে কাজ করি'। কাক্কো'র নেতৃবৃন্দ, কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশের বিভিন্ন সমবায় সমিতিরি নেতৃবৃন্দ ও কর্মকর্তাবৃন্দসহ মোট ৩৯ জন নেতৃবৃন্দ ওয়েবিনারে সক্রিয় অংশগ্রহণ করেন।

কাক্কো'র চেয়ারম্যান মিঃ পংকজ গিলবার্ট কস্তা স্বাগত বক্তব্য প্রদান করে ওয়েবিনারের শুভ উদ্বোধন ঘোষণা করেন। মূল্য আলোচ্য বিষয়ের উপর উপস্থাপনা করেন ড. ফাদার লিটন হিউবার্ট গমেজ সিএসসি এবং জলবায়ু সুরক্ষায় এসডিজির ১৩ নং লক্ষ্য বাস্তবায়নে ক্রেডিট ইউনিয়নের ভূমিকা নিয়ে উপস্থাপনা করেন কাক্কো'র প্রধান নির্বাহী কর্মকর্তা মিঃ ডমিনিক রঞ্জন পিউরিফিকেশন।

সকলের সক্রিয় অংশগ্রহণে প্রাণবন্ত আলোচনা হয় এবং মুক্তালোচনায় অংশ নিয়ে সকলেই পরিবেশ সুরক্ষায় উল্লেখিত পদক্ষেপসমূহ যথাযথভাবে নিজ পরিবারে, সমিতিতে এবং সমাজে বাস্তবায়ন করবেন বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। জলবায়ু পরিবর্তন রোধ ও পরিবেশ রক্ষার জন্য কাক্কো'র এই পদক্ষেপকে সকলেই স্বাগত জানান এবং কাক্কো'র ব্যবস্থাপনা পরিষদকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

**কৌশলগত পরিকল্পনা ২০২৫-২০৩০ ঃ** দি সেন্ট্রল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড- ২০০৭ সালে এর কার্যক্রম শুরু করার পর বিগত অর্থবৎসর সমূহে পরপর দুটি বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ করা ও এর সফল বাস্তবায়নের পর নতুনভাবে কর্মপরিকল্পনা বাস্তবতার নিরীখে সময়োপযোগী করার আশু পদক্ষেপ গ্রহণ করেন। তারই ধারাবাহিকতায় বিগত ০৮/০৭/২০২৫ খ্রিস্টাব্দ তারিখের নির্বাচিত বোর্ড একটি পরিকল্পনা কমিটি গঠন করেন যার আহ্বায়ক হলেন সেক্রেটারি মি: কলিন্স টলেন্টিনু এবং সদস্য যথাক্রমে চেয়ারম্যান মি: টুটুল পিটার রড্রিকস্, ট্রেজারার মি. রিচার্ড রিপন সরদার, ডিরেক্টর মি. আগষ্টিন বাড়ৈ টিটু, সিইও মি. ডমিনিক রঞ্জন পিউরিফিকেশন এবং সিও মি. শরৎ আলফন্স রড্রিক্স। কমিটি দায়িত্বপ্রাপ্ত হবার পরপরই কর্মকৌশল গঠনের লক্ষে একটি পরিকল্পনা গৃহীত হয় এবং ৩মাস ব্যাপী একটি কার্যক্রম হাতে নেয়া হয়। কার্যক্রম সমূহের মধ্যে পর্যায়ক্রমিক ল্যান্ডস্কেপ এনালাইসিসি, সবলদিক, দূর্বল দিক, সুযোগ ও ঝুঁকি বিশ্লেষণ, বিভিন্ন স্টেকহোল্ডার থেকে বিভিন্ন তথ্য উপাত্ত সংগৃহীত হয়, তথ্য পর্যালোচনা ও বিশ্লেষণ পূর্বক সামারী প্রতিবেদন প্রস্তুত করা হয়। আর এসকল কার্যক্রম বাস্তবায়ন করতে ঢাকা, আঠারগ্রাম, ভাওয়াল এলাকায় ফোকাস গ্রুপ ডিসকাশন, অধিদপ্তর, আর্চডায়োসিস এবং কাল্ব কর্তৃক ফিডব্যাক সংগৃহীত ও বিশ্লেষন পূর্বক বর্ণিত সামারী প্রতিবেদন প্রাথমিকভাকে চূড়ান্ত করা হয়। পরবর্তী পর্যায়ে ৪-৫ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ ৬০ জন ডেলিগেট ও আমন্ত্রিত অতিথি ও স্টেকহোল্ডার প্রতিনিধি সমন্বয়ে ওয়ার্কসপ পরিচালনা করা হয় এবং বিভিন্ন পর্যায়ের আলোচনা, বিশ্লেষণ এবং জনভোটের মাধ্যমে অগ্রাধিকার নির্ণয় পূর্বক আগামী পাঁচবৎসর অর্থাৎ ২০২৫-২০৩০ পর্যন্ত ১ম পঞ্চবার্ষিক পরিকল্পনা চূড়ান্ত করা হয়। একই সময় প্রতিষ্ঠানের ভিশন, মিশন পুনঃবিবেচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে বর্ণিত ভিশন, মিশন ও কোর ভ্যালু নির্ধারণ করা হয়ঃ-

**ভিশন ঃ** শক্তিশালী সমবায় আন্দোলনের মাধ্যমে একটি আত্মনির্ভরশীল খ্রিস্টান সমাজ প্রতিষ্ঠা।

**মিশন ঃ** দেশের খ্রিস্টান সমবায় সমিতিসমূহের মধ্যে নিবিড় যোগসূত্র স্থাপন, কারিগরি সহযোগিতা প্রদান, নিজস্ব সম্পদের সর্বোচ্চ ব্যবহার ও তথ্যের আদান-প্রদানের মাধ্যমে কার্যকর ও অর্থবহ সমবায় আন্দোলন গড়ে তুলে আর্থিকভাবে সক্ষম ও মর্যাদাশীল খ্রিস্টান সমাজ প্রতিষ্ঠা করা।

**লক্ষ্য-উদ্দেশ্যসমূহ ঃ**

১. বাংলাদেশের সকল প্রাথমিক খ্রিস্টান সমবায় সমিতির মধ্যে সমবায় মূল্যবোধ ও নীতির প্রতি নিষ্ঠা বজায় রেখে আন্তঃপ্রজন্মীয় সংহতিকে গুরুত্ব দেয়া, বৃহত্তর ঐক্য ও সংহতি স্থাপন এবং একটি উন্নত, টেকসই ও মর্যাদাশীল খ্রিস্টিয় সমাজ প্রতিষ্ঠা করা।
২. খ্রিস্টান সমবায় সমিতিসমূহের খেলাপী ঋণের তালিকা আদান-প্রদান করে ঋণ খেলাপী রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
৩. সদস্যদের সামগ্রিক আর্থিক সমৃদ্ধি ও সক্ষমতা বৃদ্ধিতে বিভিন্ন ধরণের আলোচনা সভা, শিক্ষা-সেমিনার, প্রশিক্ষণ, ওয়ার্কশপ, কনফারেন্স ইত্যাদির আয়োজন করা।
৪. প্রাথমিক খ্রিস্টান সমবায় সমিতিসমূহের নেতৃবৃন্দের মধ্যে যোগাযোগের মাধ্যমে বৃহত্তর ঐক্য স্থাপন করা ও আন্ত:যোগাযোগ রক্ষা করা।
৫. প্রাথমিক খ্রিস্টান সমবায় সমিতিসমূহের হিসাব সেবা এবং অভ্যন্তরীণ বার্ষিক অডিট সেবা প্রদান করা।
৬. সমবায় সমিতিসমূহের মধ্যে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন প্রতিষ্ঠায় সকলকে অনুপ্রাণিত ও উৎসাহিত করা এবং এক্ষেত্রে সকলের আর্থিক প্রবেশাধিকার, জেন্ডার সমতা, যুব ও নারীদের অন্তর্ভুক্তি।
৭. একটি উদ্ভাবনী সহায়ক জলবায়ু ব্যবস্থাপনা সংস্কৃতি চর্চা গড়ে তোলা এবং সমবায়গুলির ডিজিটালাইজেশনে অবদান রাখা।
৮. সমবায় বিষয়ক নিত্য-নতুন শিক্ষা, গবেষণা ও কলা-কৌশল প্রকাশ এবং প্রসারের সংস্কৃতি গড়ে তোলা।

**মূল্যবোধসমূহ ঃ**

১. সততা ঃ আমরা আমাদের সকল কাজে, চিন্তায় এবং চেতনায় সৎ থাকবো।
২. ঐক্য ঃ আমরা সামগ্রিক ঐক্যে বিশ্বাসী।
৩. স্বচ্ছতা ও জবাবদিহিতা ঃ আমদের সিদ্ধান্তে এবং গৃহীত কার্যক্রমে সকল ক্ষেত্রে স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করবো।
৪. সামাজিক দায়বদ্ধতা ঃ জেন্ডার সমতা, প্রকৃতি ও পরিবেশ এবং সামাজিক মৌলিক বিষয়সমূহে সমভাবে দায়বদ্ধ।
৫. উদ্ভাবনী হওয়া ঃ আমরা সকল ক্ষেত্রে নতুন উদ্ভাবনকে চর্চা করি।
৬. তত্ত্বাবধানকারী ঃ আমরা আমাদের হাতে স্থিত সকল সম্পদের উপযুক্ত তত্ত্বাবধানকারী।
৭. সদস্যদের মূল্য দেয়া ঃ সকল কিছুর পূর্বে আমরা মানুষকে সৃষ্টির শ্রেষ্ঠ জীব হিসেবে মূল্য দেই এবং সদস্যদের সর্বোচ্চ সেবা নিশ্চিত করতে সদা প্রস্তুত।

# কৌশলগত পরিকল্পনার মানচিত্র

## আর্থিক ও সদস্য বিষয়ক কর্মসূচী

Finance & Member related program

**১**

সদস্যদের আর্থিক স্বচ্ছলতা ও সদস্য বৃদ্ধি ঃ
ক) ৫০% সদস্য বৃদ্ধি পাবে,
খ) ১০% সমিতি পরিবেশ বান্ধব সমিতি হিসেবে পরিচিতি লাভ করবে,
গ) কমপক্ষে ৩টি সমিতি আকু'র এ্যাওয়ার্ড অর্জন করবে,
ঘ) ২০% যুবক-যুবতী সমবায়ে সক্রিয় থাকবে।

**২**

মানসম্মত সেবা, ঋণ এবং বিনিয়োগ বৃদ্ধি ঃ
১) কাক্‌কো লিঃ-এর আয় ৫০% বৃদ্ধি পাবে,
২) ২৫% বিনিয়োগ বহুমুখীকরণ করা হবে,
৩) সম্পদ/পরিসম্পদ বৃদ্ধি।

**৩**

একীকরণ/ঐক্য
(সংহতি, মানসম্মতকরণ
এবং সম্পদ ভাগাভাগি)

**৪**

জলবায়ু সচেতনতা এবং
জলবায়ু সুরক্ষা
মান অর্জন নিশ্চিত করা

**৫**

দৃঢ় ঐক্য বৃদ্ধি ও সহযোগিতা
(সমবায়, ফেডারেশন,
মন্ডলী এবং নিয়ন্ত্রক সংস্থা)

## সম্পদ
RESOURCES

১. সম্পদ বৈচিত্রকরণ
(উদ্ভাবনী পণ্য, অনানুষ্ঠানিক ক্ষেত্র)

২. সার্বিকভাবে প্রভাব
বিস্তারের
জন্য সম্পদের কার্যকর ব্যবহার
নিশ্চিত করা

## প্রক্রিয়া
PROCESS

১. কার্যকর ব্যবস্থা
এবং কাঠামো বজায় রাখা

২. সকল স্তরের সমিতিসমূহে
স্বচ্ছতা, জবাবদিহিতা ও
সুশাসন নিশ্চিতকরন

৩. সমবায়মূলক ক্রেডিট
মনিটরিং সিস্টেম,
ডিজিটালাইজেশন সুবিধা নিশ্চিত করণ,
আইসিটি উন্নয়ন ঃ ৮০% সদস্য সমিতি
সিসিএমএস-এর আওতায় আসবে।
খ) ৫০% সমিতি অটোমেশনের আওতায়
নিজেদের কার্যকরীবাবে সম্পৃক্ত করবে।

## জনবল এবং শিক্ষা
PEOPLE & LEARNING

১. দায়িত্বশীল নেতৃত্ব
এবং
ব্যবস্থাপনার অনুশীলন করা

২. দক্ষ কর্মীদের বিকাশ
এবং পরিচালনা

# পঞ্চবার্ষিক কৌশলগত পরিকল্পনা (২০২৫-২০৩০)

| প্রধান ভিত্তি | ক্রমিক নং | পরিকল্পনার বিষয়সমূহ | ২০২২-২০২৫ লক্ষ্যমাত্রা | ২০২২-২০২৫ অর্জন | ২০৩০ পর্যন্ত (মধ্যমেয়াদী লক্ষমাত্রা) | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | ২০২৭-২০২৮ | ২০২৮-২০২৯ | ২০২৯-২০৩০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাপক ঃ সদস্যদের আর্থিক সমৃদ্ধি নিশ্চিত হয়েছে। ক) সমবায় সমিতির ৫০% সদস্যের উপযুক্ত আবাসন নিশ্চিত হয়েছে, খ) ৫০% সদস্যের ৬ মাসের ব্যয় নির্বাহের জন্য পর্যাপ্ত জরুরি তহবলি রয়েছে, গ) ৫০% সদস্য সম্পূর্ণরূপে অনুৎপাদনশীল ঋণ থেকে মুক্ত হয়েছে, ঘ) ৭০% সদস্যের অবসর জীবন যাপনের জন্য বাজেট পরিকল্পনা এবং পর্যাপ্ত সম্পদ আছে, ঙ) ৭০% সদস্যের একাধিক আয়ের সুযোগ তৈরী হয়েছে, চ) ৫০% সমিতি খেলাপী ঋণের হার ১ ডিজিটে নামিয়ে আনতে সক্ষম হয়েছে এবং প্রাতিষ্ঠানিক মূলধন ১০% -এ উন্নীত করতে পেরেছে, ছ) ২৫% সমিতি নেতৃত্ব বিষয়ে আকু কর্তৃক প্রণীত ফিট এ্যান্ড প্রপার গাইডলাইন অনুসরণ করে, ঝ) নিয়ন্ত্রণকারী সংস্থা তাদের সর্বোচ্চ সেবা নিশ্চিত করেছে, ঞ) কর্মীদের মধ্যে পেশাদারিত্ব বৃদ্ধি পেয়েছে, ট) কাক্কো লিঃ এর মোট সম্পদ ১০০% বৃদ্ধি পেয়েছে। | | | | | | | | |
| | ১ | সদস্যদের আর্থিক স্বচ্ছলতা ও সদস্য বৃদ্ধি ঃ ক) ৫০% সদস্য বৃদ্ধি পাবে, খ) ১০% সমিতি পরিবেশ বান্ধব সমিতি হিসেবে পরিচিতি লাভ করবে, গ) কমপক্ষে ৩টি সমিতি আকু'র এ্যাওয়ার্ড অর্জন করবে, ঘ) ২০% যুবক-যুবতী সমবায়ে সক্রিয় থাকবে। | | | | | | | | |
| ১. আর্থিক ও সদস্য বিষয়ক কর্মসূচী (Finance & Member related program) | ১.১ | সদস্য সংখ্যা বৃদ্ধি | ১১০টি | ৫৪ টি | ১৪০টি | ৬৮টি | ৮০টি | ১০০টি | ১২০টি | ১৪০টি |
| | ১.২ | নতুন সমিতি গঠন | ১০টি | ১০টি | ২০টি | ৪টি | ৪টি | ৪টি | ৪টি | ৪টি |
| | ১.৩ | কর্মসংস্থান তৈরী (কাক্কো) | ৮ জন | ১২ জন | ২২ জন | ৩ জন | ৭ জন | ০ | ০ | ০ |
| | ১.৪ | কর্মসংস্থান তৈরীতে সহায়তা করা (সদস্য সমিতি) | | | ২২৫ জন | ৪০ জন | ৪০ জন | ৪০ জন | ৫০ জন | ৫৫জন |
| | ১.৫ | কর্মসংস্থান তৈরী করা ও সহায়তা করা (পরোক্ষ - কাক্কো ও সদস্য সমিতি) | | | ৫৭৫ জন | ১০০ জন | ১০০ জন | ১২৫ জন | ১২৫ জন | ১২৫ জন |
| | ১.৬ | ফাইন্যান্সিয়াল লিটারেসী ও ফাইন্যান্সিয়াল ওয়েলনেস প্রশিক্ষণ সকল সমিতির সদস্যদের জন্য নিশ্চিত করা (TOT) | | | ১২টি (২৫০০০ জন) | ১টি | ২টি | ৩টি | ৩টি | ৩টি |
| | ১.৭ | যুবগণ সক্রিয়ভাবে সমিতিতে জড়িত/যুক্ত হবে | | | ২০% | ২০% | ২০% | ২০% | ২০% | ২০% |
| | ২ | মানসম্মত সেবা, ঋণ এবং বিনিয়োগ বৃদ্ধি ঃ ১) কাক্কো লিঃ-এর আয় ৫০% বৃদ্ধি পাবে, ২) ২৫% বিনিয়োগ বহুমুখীকরণ করা হবে, ৩) সম্পদ/পরিসম্পদ বৃদ্ধি। | | | | | | | | |
| | ২.১ | শেয়ার মূলধন সংগ্রহ | ৯ কোটি | ৩.৯৫ কোটি | ২৫ কোটি | ৬ কোটি | ১০ কোটি | ১৫ কোটি | ২০ কোটি | ২৫ কোটি |
| | ২.২ | সাধারণ সঞ্চয় আমানত সংগ্রহ | ২.৪০ কোটি | ১.২৭ কোটি | ১২ কোটি | ২.৩০ কোটি | ৪.২৫ কোটি | ৬.৫০ কোটি | ৯ কোটি | ১২ কোটি |
| | ২.৩ | মেয়াদী আমানত সংগ্রহ | ৩২১.৭৪ কোটি | ৬৩.২৫ কোটি | ৩০০ কোটি | ৮০ কোটি | ১৩৫ কোটি | ২০৫ কোটি | ২৭৫ কোটি | ৩৫৫ কোটি |
| | ২.৪ | ঋণ বিনিয়োগ | ১৩০.০৪ কোটি | ১২.২১ কোটি | ১৫০ কোটি | ৩০ কোটি | ৫৫ কোটি | ৮৫ কোটি | ১১৫ কোটি | ১৫০ কোটি |
| | ২.৫ | জমি ক্রয় | ৪০ বিঘা | ৩১.৬৭ বিঘা | ৬০ বিঘা | ৩৮ বিঘা | ৪২ বিঘা | ৪৫ বিঘা | ৫২ বিঘা | ৬০ বিঘা |
| | ২.৬ | শেয়ার মার্কেটে বিনিয়োগ | ১২ কোটি | ১.৯৩ কোটি | ১ কোটি | ২.২০ কোটি | ২.৪০ কোটি | ২.৬০ কোটি | ২.৮০ কোটি | ৩ কোটি |
| | ২.৭ | যৌথ খামার প্রকল্প (ফিজিবিলিটি স্টাডির ভিত্তিতে উৎপাদনমুখী খামার গরু-গাভী, মৎস ও পোল্ট্রি) | ৫ কোটি | ০.৫৪ কোটি | ২ কোটি | ০ | ০.২০ কোটি | ০.৪০ কোটি | ০.৬০ কোটি | ০.৮০ কোটি |
| | ২.৮ | প্রজেক্ট (শিক্ষা প্রতিষ্ঠানে যৌথ বিনিয়োগ - প্রতিষ্ঠিত মিশনারী প্রতিষ্ঠানের সাথে) | ১ কোটি | | ২ কোটি | ০ | ০ | ১ কোটি | ০ | ১ কোটি |
| | ২.৯ | মোট মূলধন/সম্পদ পরিমাণ | ২৫০ কোটি | ৮০.৪৯ কোটি | ৩৭৫ কোটি | ১০০ কোটি | ১৫০ কোটি | ২২০ কোটি | ২৯৫ কোটি | ৩৭৫ কোটি |
| | ২.১০ | যৌথ বিনিয়োগ (রিসোর্স শেয়ারিং) | | | ৫ কোটি | ০ | ২ কোটি | ০ | ২ কোটি | ১ কোটি |

| প্রধান ভিত্তি | ক্রমিক নং | পরিকল্পনার বিষয়সমূহ | ২০২২-২০২৫ লক্ষ্যমাত্রা | ২০২২-২০২৫ অর্জন | ২০৩০ পর্যন্ত (মধ্যমেয়াদী লক্ষমাত্রা) | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | ২০২৭-২০২৮ | ২০২৮-২০২৯ | ২০২৯-২০৩০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. আর্থিক ও সদস্য বিষয়ক কর্মসূচী (Finance & Member related program) | ৩ | **একীকরণ/ঐক্য (সংহতি, মানসম্মতকরণ এবং সম্পদ ভাগাভাগি)** | | | | | | | | |
| | ৩.১ | সদস্য সমিতিসমূহের নিজেদের মধ্যে ঐক্য, সংহতি বজায় রাখার জন্য মতবিনিময় | | | ২৫ টি | ৫টি | ৫টি | ৫টি | ৫টি | ৫টি |
| | ৩.২ | বিনিয়োগ - মেয়াদী আমানত | ১৪০.৬১ কোটি | ৯.৯১ কোটি | ১৭৫ কোটি | ৩০ কোটি | ৫০ কোটি | ৭০ কোটি | ১১০ কোটি | ১৫০ কোটি |
| | ৩.৩ | সকল সদস্য সমিতির মধ্যে একই সুদের হার নির্ধারণ ও চলমান রাখা | | | ১০-১৫% | ১০-১৫% | | | | |
| | ৩.৪ | আইসিটি খাতে বিনিয়োগ | ১.৫ কোটি | ০.১৫ কোটি | ২ কোটি | ৫০ লক্ষ | ৩০ লক্ষ | ৫০ লক্ষ | ৩৫ লক্ষ | ৩৫ লক্ষ |
| | ৪ | **জলবায়ু সচেতনতা এবং জলবায়ু সুরক্ষা মান অর্জন নিশ্চিত করা** | | | | | | | | |
| | ৪.১ | আলোচনা/মতবিনিময় সভা | ১৫টি | | ২৫টি | ৩টি | ৬টি | ৬টি | ৫টি | ৫টি |
| | ৪.২ | জলবায়ু বিষয়ক প্রশিক্ষণ | | | ২০টি | ৪টি | ৪টি | ৪টি | ৪টি | ৪টি |
| | ৪.৩ | জলবায়ু বিষয়ক সেমিনার | | | ১০টি | ২টি | ২টি | ২টি | ২টি | ২টি |
| | ৪.৪ | ঋণ কার্যক্রমে ৬সি (Climate Compliance) অবশ্যিক ভাবে পালন করা | | | ১০০% | ১০% | ৩০% | ৫০% | ৭৫% | ১০০% |
| | ৪.৫ | জলবায়ু বিষয়ক প্রতিবেদন ও অডিট নিশ্চিত করন | | | ৮০% | ৫% | ২০% | ৪০% | ৬০% | ৮০% |
| | ৪.৬ | গ্রীণ সমবায়ে পরিণত করার পদক্ষেপ গ্রহণ করা | | | ১০টি সমবায় সমিতি | ১টি | ৩টি | ৫টি | ৭টি | ১০টি |
| | ৫ | **দৃঢ় ঐক্য বৃদ্ধি ও সহযোগিতা (সমবায়, ফেডারেশন, মন্ডলী এবং নিয়ন্ত্রক সংস্থা)** | | | | | | | | |
| | ৫.১ | সমবায় ইউনিয়ন ও আকু'র পূর্ণ সদস্যপদ | গ্রহণ করা হবে | আকু'র এফিলিয়েটেড সদস্য পদ গ্রহণ করা | ২টি | ০ | ২টি | ০ | ০ | ০ |
| | ৫.২ | জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নেতৃত্ব | জাতীয় | প্রক্রিয়া চলমান রয়েছে | ৩ জন | ৩ জন | | | | |
| | ৫.৩ | সম্মিলিতভাবে জাতীয় কর্মসূচী পালন করা | | | সমবায় দিবস/ক্রেডিট ইউনিয়ন দিবস পালন | ১ | ১ | ১ | ১ | ১ |
| | ৫.৪ | সরকারের সাথে কার্যকরী কন্সালটিং মর্যাদা লাভ | প্রচেষ্টা | চলমান রয়েছে | প্রচেষ্টা | প্রচেষ্টা | | | | |
| ২ মানুষ এবং শিক্ষা (People & Learning) | ১ | **দায়িত্বশীল নেতৃত্ব এবং ব্যবস্থাপনার অনুশীলন করা** | | | | | | | | |
| | ১.১ | ওপেন ফোরাম | ৩টি | ৪ টি | ৫টি | ১টি | ১টি | ১টি | ১টি | ১টি |
| | ১.২ | গোলটেবিল বৈঠক | ৩টি | ২ টি | ১০টি | ১টি | ২টি | ২টি | ২টি | ৩টি |
| | ১.৩ | প্রশিক্ষণ (মৌলিক ও TOT) | ৪০ টি | ২৪ টি | ৯০ টি (৮০টি মৌলিক ও ১০টি TOT) | ৩টি | ২১টি | ২২টি | ২২টি | ২২টি |
| | ১.৪ | ওভারসীজ প্রশিক্ষন | ৬ জন | ৯ জন | ৬০ জন | ১২ জন | ১২ জন | ১২ জন | ১২ জন | ১২ জন |
| | ১.৫ | কর্মকর্তাদের জন্য ফিট এ্যান্ড প্রপার সলিউশন বাস্তবায়ন করা | | | ৫০% | ১০% | ২০% | ৩০% | ৪০% | ৫০% |
| | ১.৬ | নারী ও যুব নেতৃত্ব বৃদ্ধি | ২০% | | ৩০% | ২০% | ৩০% | ৩০% | ৩০% | ৩০% |
| | ১.৭ | কাক্কো ইয়ুথ স্কোয়াড | | | ১টি | ০ | ১টি | | | |
| | ১.৮ | যৌথভাবে নেপাল ও থাইল্যান্ডের সাথে শিক্ষণ সহভাগিতা কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা | | | নেতৃত্ব বিষয়ক শিক্ষন বিনিময় কার্যসূচী চালুকরন | ০ | ১টি | ১টি | ১টি | ১টি |

| প্রধান ভিত্তি | ক্রমিক নং | পরিকল্পনার বিষয়সমূহ | ২০২২-২০২৫ লক্ষ্যমাত্রা | ২০২২-২০২৫ অর্জন | ২০৩০ পর্যন্ত (মধ্যমেয়াদী লক্ষমাত্রা) | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | ২০২৭-২০২৮ | ২০২৮-২০২৯ | ২০২৯-২০৩০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২ মানুষ এবং শিক্ষা (People & Learning) | **২** | **দক্ষ কর্মীদের বিকাশ এবং পরিচালনা** | | | | | | | | |
| | ২.১ | প্রফেশনাল নেতৃত্ব তৈরী করা | ২ জন | | ১৪ জন | ২ জন | ৫জন | ৮জন | ১১জন | ১৪জন |
| | ২.২ | কাক্কো ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠা | ১টি | | ১টি | ০ | ০ | ১টি | | |
| | ২.৩ | কাক্কোসহ সকল সদস্য সমিতির কর্মীদের প্রশিক্ষনের ব্যবস্থা করা | | | ৫০% | রেফারেন্স: মানুষ এবং শিক্ষা এর ১.৩ নং | | | | |
| | ২.৪ | ডেভেলপমেন্ট এডুকেশন (DE) কোর্স ও আকু প্রি ফোরাম ওয়ার্কশপ-এ অংশগ্রহণ নিশ্চিত করা | | | ১৫ জন | ৩ জন | ৬ জন | ৯ জন | ১২ জন | ১৫ জন |
| | ২.৫ | আকু'র সার্পোটার মেম্বারশীপ গ্রহণ | | | ৫টি | ১টি | ৩টি | ৪টি | ৫টি | |
| | ২.৬ | এশিয়ান ক্রেডিট ইউনিয়ন এক্সিকিউটিভ সোসাইটি (ACUES) সদস্যপদ গ্রহণ | | | ৫ জন | ২ জন | ৪ জন | ৫ জন | | |
| | ২.৭ | কার্যকরী মূল্যায়নের ব্যবস্থা করা | | | বাৎসরিক ভিত্তিক | ১টি | ১টি | ১টি | ১টি | ১টি |
| | ২.৮ | আন্তজার্তিক মানসম্মত জার্নাল প্রকাশ | | | ২টি | ০ | ১টি | ০ | ১টি | ০ |
| | ২.৯ | ট্রেনিং ইন্সটিটিউট তহবিল গঠন | | | নীট লাভের ১-২% | ২% | ২% | ২% | ২% | ২% |
| | ২.১০ | প্রশিক্ষিত নতুন কর্মী নিয়োগ | | | ১০ জন | ৩ জন | ৭ জন | ০ | ০ | ০ |
| ৩. প্রক্রিয়া (PROCESS) | **১** | **কার্যকর ব্যবস্থা এবং কাঠামো বজায় রাখা** | | | | | | | | |
| | ১.১ | কার্যকর অফিস ব্যবস্থাপনা (অর্থ-প্রশাসন, সদস্যসেবা, অডিট, ব্যবস্থাপনা) | | | ৫০% | ৪০% | ৫০% | ৫০% | ৫০% | ৫০% |
| | ১.২ | স্বল্প সময়ে গুণগত ও মানসম্মত এডমিন সার্ভিস নিশ্চিত করা | | | ১০০% | ৬০% | ৭০% | ৮০% | ৯০% | ১০০% |
| | ১.৩ | সার্ভার নিরবচ্ছিন্নভাবে সচল রাখা | | | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| | ১.৪ | তথ্যের অবারিত প্রবাহ নিশ্চিত করা | | | ১০০% | ৬০% | ৭০% | ৮০% | ৯০% | ১০০% |
| | **২** | **সকল স্তরের সমিতিসমূহে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিতকরন** | | | | | | | | |
| | ২.১ | ফিট এন্ড প্রপার সলিউশনের কার্যকরিতা নিশ্চত করণ | | | ৫০% | ০% | ৩০% | ৪০% | ৫০% | ৫০% |
| | ২.২ | কমপ্লেইন বক্স/পরামর্শ ব্যবস্থার প্রবর্তন করন | | | ৯০% | ১০% | ৩০% | ৬০% | ৮০% | ৯০% |
| | ২.৩ | সময়মতো পার্লস-গোল্ড এবং এসডিজি রিপোর্টিং সম্পন করা | | | ১০০% | ৩০% | ৫০% | ৭০% | ৯০% | ১০০% |
| | ২.৪ | সকলক্ষেত্রে Safeguarding বিষয়ে সচেতনতা ও অনুশীলন (শিশু, নারী, লিঙ্গসমতা) | | | ৫০% | ১৫% | ২০% | ৩০% | ৪০% | ৫০% |
| | **৩** | **সমবায়মূলক ক্রেডিট মনিটরিং সিস্টেম, ডিজিটালাইজেশন সুবিধা নিশ্চিত করণ, আইসিটি উন্নয়ন ঃ ৮০% সদস্য সমিতি সিসিএমএস-এর অওতায় আসবে। খ) ৫০% সমিতি অটোমেশনের আওতায় নিজেদের কার্যকরীবাবে সম্পৃক্ত করবে।** | | | | | | | | |
| | ৩.১ | সিসিএমএস সদস্য বৃদ্ধি | ৫৮টি | ১৮ টি | ১৩০টি | ২৫টি | ৫০টি | ৭৫টি | ১০০টি | ১৩০টি |
| | ৩.২ | অটোমেশন নিশ্চিত করা | ১০টি | | ৬৫টি | ২টি | ১০টি | ১৫টি | ১৮টি | ২০টি |
| | ৩.৩ | অটোমেশন বিষয়ক প্রশিক্ষণ | ১০টি | | ৫টি | ১টি | ১টি | ১টি | ১টি | ১টি |

| প্রধান ভিত্তি | ক্রমিক নং | পরিকল্পনার বিষয়সমূহ | ২০২২-২০২৫ লক্ষ্যমাত্রা | ২০২২-২০২৫ অর্জন | ২০৩০ পর্যন্ত (মধ্যমেয়াদী লক্ষমাত্রা) | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | ২০২৭-২০২৮ | ২০২৮-২০২৯ | ২০২৯-২০৩০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩. প্রক্রিয়া (PROCESS) | ৩.৪ | আলোচনা/মতবিনিময় সভা | ১৫টি | ১৫টি | ২৫টি | ৫টি | ৫টি | ৫টি | ৫টি | ৫টি |
| | ৩.৫ | মোবাইল ব্যাংকিং চালু করা | | | ৫০% | ৫% | ১০% | ২০% | ৩৫% | ৫০% |
| | ৩.৬ | এ্যাপস্ বেইজড ডিজিটাল মার্কেটিং চালু করা | | | ৩৫% | ১০% | ১৫% | ২০% | ২৭% | ৩৫% |
| | ৩.৭ | কাক্কো কার্যালয় বৃদ্ধিকরণ (ময়মনসিংহ, রাজশাহী, চট্টগ্রাম) | | | ৩টি | ১টি | ৩টি | ০ | ০ | ০ |
| ৪. সম্পদ (RESOURCES) | ১ | **সম্পদ বৈচিত্রকরণ (উদ্ভাবনী পণ্য, অনানুষ্ঠানিক ক্ষেত্র)** | | | | | | | | |
| | ১.১ | বহুমুখী বিনিয়োগ | | | ২০টি | ৩টি | ৮টি | ১২টি | ১৬টি | ২০টি |
| | ১.২ | এডভোকেসি ও লিগ্যাল সাপোর্ট | ১ জন | | ৩ জন | ১ জন | ০ | ১ জন | ০ | ১ জন |
| | ১.৩ | ফিনান্সিয়াল ফিজিবিলিটি ষ্টাডি | ৩টি | - | ১টি | ০ | ১টি | ০ | ০ | ০ |
| | ১.৪ | টেকনিক্যাল সাপোর্ট | ৫টি | ৫টি | চাহিদামতো | চাহিদামতো | | | | |
| | ২ | **সার্বিকভাবে প্রভাব বিস্তারের জন্য সম্পদের কার্যকর ব্যবহার নিশ্চিত করা** | | | | | | | | |
| | ২.১ | গুণগত ঋণ প্রদান (সদস্যদের একাধিক উৎস থেকে ঋণ গ্রহণ কমানো) | | | ৬৫% | ৩০% | ৪০% | ৫০% | ৬৫% | ৬৫% |
| | ২.২ | খেলাপী ঋণের হার (%) কমানো | | | ৫০% সমবায় ১ ডিজিট | ১০% | ২০% | ৩০% | ৪০% | ৫০% |
| | ২.৩ | প্রতিষ্ঠানিক মূলধন বৃদ্ধি করা | | | ৪০% সমিতিতে ১০%-এ উন্নীত করা | ৫% | ১০% | ২০% | ৩০% | ৪০% |
| | ২.৪ | আয়বৃদ্ধিমূলক কার্যক্রম চালু করা ও উৎসাহিত করা | | | ৫০% | ১০% | ২০% | ৩০% | ৪০% | ৫০% |
| | ২.৫ | শর্ট এন্ড কাষ্টমাইজড্ কোর্স | ১৬টি | ১০ টি | ২৫টি | ৫টি | ৫টি | ৫টি | ৫টি | ৫টি |
| | ২.৬ | অভ্যন্তরীণ নিরীক্ষা/হিসাব সেবা | ৩০টি | ২৮ টি | ৭৫টি | ১৫টি | ২০টি | ২০টি | ২০টি | ২০টি |
| | ২.৭ | বিধিবদ্ধ অডিট করার অনুমোদন | গ্রহণ করা হবে | আবেদন দাখিল করা হয়েছে | প্রচেষ্টা | প্রচেষ্টা | | | | |
| | ২.৮ | সমবায় আর্থিক খাতে শৃঙ্খলা প্রতিষ্ঠা | প্রচেষ্টা | চলমান রয়েছে | প্রচেষ্টা | প্রচেষ্টা | | | | |
| | ২.৯ | আয়কর আইনগত পরামর্শক নিয়োগ | ১ জন | ১ জন | ১ জন | ১ জন | ১ জন | ১ জন | ১ জন | ১ জন |
| | ২.১০ | গাড়ী ক্রয় | ১টি | | ২টি | ০ | ১টি | ০ | ০ | ১টি |

**কার্যক্রম সম্প্রসারণ ঃ** ইতোমধ্যে কার্যক্রম সম্প্রসারণ করার লক্ষ্যে ২জন নতুন স্টাফ নিয়োগ করা হয়েছে। অডিট কার্যক্রমকে সম্প্রসারণ করার লক্ষ্যে কাল্ব কর্তৃক অডিটকৃত সমবায় সমিতিকে ব্যতিরেকে অন্যান্য সমবায় সমিতির কাককো কর্তৃক অডিট করার প্রস্তাবনাটি অধিদপ্তরের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। এখানে উল্লেখ্য যে, বিগত অর্থ বছরে ৪টি নতুন সমবায় সমিতি কাককো লিঃ-এর সদস্যপদ লাভ করেছে। এছাড়াও চট্টগ্রাম বিভাগের লামা, আলীকদম, খুলনা বিভাগের বাগেরহাট, বরিশাল বিভাগের গৌরনদী এবং সিলেট ধর্মপ্রদেশের শ্রীমঙ্গলের সমবায় সমিতিসমূহ সদস্যপদ পাওয়ার পথে প্রক্রিয়ধীন রয়েছে।

**ভবিষ্যত পরিকল্পনা সমূহ ঃ**

১. গৃহীত কৌশলগত পরিকল্পনা ২০২৫-২০৩০ এর সফল বাস্তবায়ন।

২. সমবায় সমিতির মৌলিক উদ্দেশ্য কেন্দ্রিক অর্থাৎ সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা।

৩. কর্মকর্তা ও কর্মীদের যুগপোযোগী করার জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ, এক্সপোজার এর ব্যবস্থা করা।

৪. অর্থের সঠিক ব্যবহারের মাধ্যমে মৌলিক মানবিক উন্নয়নে সকলকে সম্পৃক্তকরণ।

৫. সমবায়ে ডিজিটালাইজেশনে অগ্রাধিকার ভিত্তিতে সদস্যসেবা নিশ্চিত করা।

৬. সদস্যদের মূলধনের পর্যাপ্ত সিকিউরিটি নিশ্চয়তা নিশ্চিত করা।

৭. সমবায় সমিতিতে এনপিএল ১ ডিজিটে নামিয়ে আনা।

৮. প্রাতিষ্ঠানিক মূলধন বৃদ্ধি পূর্বক নিশ্চিত করা।

৯. কর্মী ও কর্মকর্তা ও নেতৃত্বে গুনগত পরিবর্তন নিশ্চত করার মাধ্যমে সদস্য সেবা ব্যাপ্তি ঘটানো।

১০. কার্য়করী তদারকি ও মূল্যায়ণ নিশ্চিত পূর্বক ইতিবাচক পরিবর্তন সমূহ আনয়ন করা।

১১. নারী পুরুষ বিশেষত যুব অংশগ্রহণ নিশ্চিত করা।

১২. কৌশলগত পারস্পারিক সম্পর্ক স্থাপন ও চলমান রাখা।

১৩. নেপাল ও ইন্দোনেশিয়ার সাথে দ্বিপাক্ষিক লার্নিং এক্সপোজার বাস্তবায়ন করা।

১৪. বাংলাদেশ থেকে আকু'র সাপোর্টার মেম্বার ও আকু'স (ACUES) মেম্বার বৃদ্ধি করা।

১৫. আঠারগ্রামকে গ্রীন কো-অপারেটিভ-এ রূপান্তর করা।

বিগত অর্থ বছরে সমবায় অধিদপ্তর, মন্ডলী, বোর্ড সদস্যবৃন্দ, কমিটির সদস্যবৃন্দ, প্রফেশনালস্ এবং সদস্য সমিতি সমূহের সিইও, পরিচালক মন্ডলী ও সকলের ঐকান্তিক সহযোগিতা ও প্রচেষ্টায় আমরা এ পর্যন্ত আসতে পেরেছি। সে জন্য কাককো লিঃ–এর সকল প্রফেশনালস্দের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি। আশা করি সামনের দিনগুলোতেও আপনাদের চলমান সহযোগিতা অব্যাহত থাকবে।

**ধন্যবাদ ও কৃতজ্ঞতায়-**

**ডমিনিক রঞ্জন পিউরিফিকেশন**
প্রধান নির্বাহী কর্মকর্তা, কাক্কো লিঃ

আলোচ্যসূচীঃ | ১৩ |

# ঋণের সর্বোচ্চ সীমা নির্ধারণ

দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড সমস্ত বাংলাদেশের বিভিন্ন এলাকায় গড়ে উঠা সকল প্রকার প্রাথমিক খ্রিস্টান সমবায় সমিতিসমূহের সমন্বয়ে একটি কেন্দ্রীয় প্রতিষ্ঠান। কেন্দ্রীয় প্রতিষ্ঠান হিসেবে সমবায় আন্দোলনকে জোরালো ও বেগবান করাসহ কাককো লিঃ-এর বিভিন্ন লক্ষ্য ও উদ্দেশ্য রয়েছে। সমিতিটি সারা দেশব্যাপী গড়ে উঠা সকল প্রকার প্রাথমিক খ্রিস্টান সমবায় সমিতিকে সদস্যপদ প্রদানের মাধ্যমে একত্রীভূত করতঃ প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের মাধ্যমে প্রত্যেক সমবায় সমিতিতে উন্নয়ন ও আর্থিক স্থিতিশীলতা আনয়নসহ স্থায়ী ও টেকসই করার লক্ষ্যে নিয়মিত বিভিন্ন ধরেণের পদক্ষেপ গ্রহণ করছে।

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ১৭(৪)(চ) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০)-এর ৬৪ ও ৬৫ বিধি মোতাবেক প্রত্যেক সমবায় সমিতির ঋণ গ্রহণ ও প্রদানের সর্বোচ্চ সীমা নির্ধারণের বাধ্যবাধকতা রয়েছে। বিদ্যমান উপ-আইনের ২২ নং ধারা মোতাবেক দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড কোন ব্যক্তি ব্যতীত অন্য যে কোন উৎস/আর্থিক প্রতিষ্ঠান হতে যে কোন পরিমাণ অর্থ ঋণ হিসেবে গ্রহণ করতে পারবে। তবে যে কোন ধরণের ঋণ গ্রহণ ও প্রদানের পূর্বে ঋণের সর্বোচ্চ সীমা নিয়মিত সমিতির বার্ষিক সাধারণ সভা/বিশেষ সাধারণ সভায় অনুমোদন নিতে হবে। উল্লেখ্য যে, বর্তমানে কাক্কো'র ঋণ গ্রহণ ও প্রদানের সর্বোচ্চ সীমা রয়েছে ১৫,০০,০০,০০০/- (পনেরো কোটি) টাকা যা ২১ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত ১৪তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদন করা হয়েছিল। বর্তমানে দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিঃ-এর ঋণ গ্রহণ এবং প্রদানের সর্বোচ্চ সীমা পূর্বের ন্যায় ১৫,০০,০০,০০০/- (পনেরো কোটি) টাকা অনুমোদনের প্রস্তাব করছি যা নিম্নোক্ত ভাবে সদস্য সমবায় সমিতিতে ঋণ হিসেবে প্রদান করা হয়ে থাকে।

| ক্র: নং | ঋণের ধরণ | সুদের হার | সিলিং | আবেদন ফি |
|---|---|---|---|---|
| ১ | সাধারন ঋণ | ১৪% | সর্বোচ্চ ১৫ কোটি | ৫ কোটি পর্যন্ত ৩,০০০/- উর্ধ্বে ৫,০০০/- |
| ২ | ব্যবসায় ঋণ | ১৬% | সর্বোচ্চ ১৫ কোটি | ৫ কোটি পর্যন্ত ৩,০০০/- উর্ধ্বে ৫,০০০/- |
| ৩ | বিশেষ ঋণ- জরুরী প্রয়োজনে | ১৫% | সর্বোচ্চ ১৫ কোটি | ৫ কোটি পর্যন্ত ১০,০০০/- উর্ধ্বে ১৫,০০০/- |

**ঋণ প্রসেসিং ফি ঃ** ১ কোটি পর্যন্ত ৫০০/- (পাঁচশত) টাকা, ১ কোটি টাকার উর্ধ্বে ১,০০০/-(এক হাজার) টাকা মাত্র।

**টুটুল পিটার রড্রিকস্**
চেয়ারম্যান, কাক্কো লিঃ

**কলিন্স টলেন্টিনু**
সেক্রেটারী, কাক্কো লিঃ

# নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও গ্রহণ

(২০২৪-২০২৫ অর্থবছর)

## সাধারণ পরামর্শ ঃ

নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০২৭.২৯.০০৮/১৩ ব্যাংক, বীমা-১৮৩, তারিখঃ ১৭/০৪/২০১৩ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্রের নিম্নোক্ত সাধারণ নির্দেশাবলী অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান কার হলোঃ

১. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৬৪, ৬৫ ও ৬৬ বিধির শর্ত অনুযায়ী বার্ষিক সাধারণ সভার অনুমোদন এবং সর্বোচ্চ পরিমাণ নির্ধারণ ব্যতিরেকে কোন সমবায় সমিতি সদস্যদের নিকট হতে আমানত ও ঋণ গ্রহণ করতে পারবে না।

২. কোন সমবায় সমিতির সদস্যগণের জমাকৃত আমানতের উপর বার্ষিক সর্বোচ্চ ১৮% হারে মুনাফা প্রদান করা যাবে। তবে ৬ (ছয়) মাসের কম সময়ের জন্য জমাকৃত আমানতের উপর কোন মুনাফা প্রদান করা যাবে না।

৩. কোন সমবায় সমিতির সদস্যদের নিকট হতে গৃহীত সঞ্চয় ও আমানতের টাকা কোন তফসিলী ব্যাংক বা বাংলাদেশ সমবায় ব্যাংকে জমা রাখতে হবে এবং জমাকৃত মোট আমানতের সর্বোচ্চ ৮০% পর্যন্ত ঋণ প্রদান/বিনিয়োগ কাজে ব্যবহার করা যাবে। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৬৭ বিধির শর্ত অনুযায়ী অবশিষ্ট ২০% আমানত তারল্য হিসাবে ব্যাংকে জমা রাখতে হবে।

৪. কোন সমবায় সমিতির কোন সদস্যকে তার জমাকৃত শেয়ারের সর্বোচ্চ ৪০ গুণ পর্যন্ত ঋণ প্রদান করতে পারবে এবং প্রদেয় ঋণ বা বিনিয়োগের উপর বার্ষিক সর্বোচ্চ ৩০% হারে সার্ভিস চার্জ আরোপ করা যাবে। তবে এক্ষেত্রে সরকারি বা বেসরকারি উৎস অথবা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ঋণ বা অনুদান বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নকারী সংস্থার শর্ত অনুযায়ী সার্ভিস চার্জের সর্বোচ্চ হার নির্ধারিত হবে।

৫. শেয়ার, সঞ্চয় ও আমানত সংগ্রহ কাজের জন্য কোন এজেন্সী নিয়োগ করা যাবে না বা এ কাজের জন্য সমিতির কোন সদস্য বা কর্মচারীকে কোন ইনসেনটিভ, কমিশন বা ফি প্রদান করা যাবে না।

৬. বিনিয়োগের উপর ধার্যকৃত সার্ভিস চার্জ আদায় না হওয়া পর্যন্ত মূলধন বা আমানতের আসল টাকার অবক্ষয় ঘটিয়ে সঞ্চয় ও আমানতের উপর ধার্যকৃত মুনাফা বিতরণ করা যাবে না।

৭. কোন সমবায় সমিতির সদস্যদের নিকট হতে সংগৃহীত সঞ্চয় ও আমানতের টাকা দিয়ে জমি ক্রয় বা অন্য কোন স্থায়ী সম্পদ ক্রয় করতে পারবে না। পরিশোধিত শেয়ার সংরক্ষিত তহবিল ও মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিলের সমন্বয়ে গঠিত নিজস্ব মূলধনের সর্বোচ্চ ২০% টাকা জমি ক্রয়ের জন্য ব্যবহার করা যাবে। তবে কোন সমিতি ইহার সদস্যদের আবাসন প্রকল্প বাস্তবায়নের জন্য আমানত গ্রহণ করতে চাইলে কিংবা জমি/প্লট ক্রয়-বিক্রয়ের ব্যবসায় নিয়োজিত সমিতির ক্ষেত্রে উক্ত শর্ত প্রযোজ্য হবে না।

## বিশেষ পরামর্শ ঃ

### ১.০১ নিরীক্ষা সংশোধনী ঃ

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৪৭(১) ধারা মোতাবেক অত্র প্রতিবেদন প্রাপ্তির ১২০ দিনের মধ্যে নিবন্ধক বরাবরে নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন দাখিল করার জন্য পরামর্শ প্রদান করা হ'ল।

### ১.০২ নিবন্ধন সংক্রান্ত ঃ

সমিতির নিবন্ধন সনদ কর্তৃপক্ষের হেফাজতে সংরক্ষণ রাখার জন্য এবং উপ-আইনে বর্ণিত অন্যান্য উদ্দেশ্যাবলী বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ প্রদান করা হলো।

### ১.০৩ সমিতির উপ-আইন ঃ

সকল সদস্য সমিতিকে উপ-আইন বিতরণের পাশাপাশি প্রশিক্ষণ প্রদানের পরামর্শ দেয়া হলো।

### ১.০৪ সমিতির উদ্দেশ্য ও বাস্তবায়ন ঃ

সমিতির উদ্দেশ্যাবলী পর্যায়ক্রমে বাস্তবায়নের জন্য ব্যবস্থাপনা কমিটিকে বাস্তব ও সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করতে পরামর্শ দেয়া হলো।

### ১.০৫ সদস্য ঃ

সমবায় সমিতি আইন, বিধিমালা ও উপ-আইন অনুযায়ী সদস্যপদ প্রদান করতঃ সদস্য রেজিষ্টার হালনাগাদ রাখার পরামর্শ দেয়া হলো। বিগত অডিট প্রতিবেদনে প্রদত্ত সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর বিধি-১১(খ) মোতাবেক সহযোগী সদস্য শুধুমাত্র প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে প্রযোজ্য। কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে এরুপ সুযোগ না থাকায় সহযোগী সদস্যকে আইন ও বিধি মোতাবেক সদস্যভুক্তি না করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

**১.০৬ শেয়ার সার্টিফিকেট ঃ**

১. সদস্য সমিতিকে তার পরিশোধিত শেয়ার মূলধনের বিপরীতে সমিতির সীলমোহরযুক্ত সভাপতি ও সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত শেয়ার সার্টিফিকেট বিতরণের জন্য ব্যবস্থাপনা কমিটিকে পুনরায় পরামর্শ প্রদান করা হ'ল।

২. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৫ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৯২ বিধি যথাযথভাবে অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

**১.০৭ ঃ ঋণ গ্রহণের সীমা ঃ**

বার্ষিক সাধারণ সভায় সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৭(৪)(চ) ধারা মতে প্রত্যেক অর্থবছরে ঋণ গ্রহণ/বিতরণের সর্বোচ্চ সীমা নির্ধারণের জন্য পরামর্শ দেয়া হলো। অন্যথায় এ বিষয়ে কোন জটিলতা দেখা দিলে সমিতির ব্যবস্থাপনা কমিটি দায়ী থাকবে।

**১.০৮ ঃ সমিতির অফিস ঃ**

সমিতির ঠিকানা পরিবর্তিত হলে দ্রুত সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

**১.০৯ ব্যবস্থাপনা কমিটির সভা ঃ**

১. ব্যবস্থাপনা কমিটি ও অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ এর সভা এক সাথে অনুষ্ঠিত না করে আলাদা আলাদ করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ প্রদান করা হলো।

২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৪২(২) বিধি অনুযায়ী প্রতি দুই মাসে ব্যবস্থাপনা কমিটি কমপক্ষে ০১টি সভা অনুষ্ঠান করার জন্য অথবা আলোচ্য বর্ষের সভার ধারাবাহিকতা রক্ষার জন্য এবং সমবায় সমিতি বিধির ৫৬(ঙ) বিধি মোতাবেক সভার সিদ্ধান্ত কার্যবিবরণী বহিতে সংরক্ষণসহ তা বাস্তবায়ন করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হলো। সমিতির স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো।

**১.১১ ঃ বার্ষিক সাধারণ সভা ঃ**

বার্ষিক সাধারণ সভা সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৭(৩) ধারা মোতাবেক সমিতির নিরীক্ষা কাজ সম্পন্ন হইবার ৬০ দিনের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে আয়োজন করে সমবায় আইনের ১৭(৪) ধারায় সমিতির আর্থিক বাজেটসহ ব্যবস্থাপনা কমিটির কর্মকান্ড অনুমোদন করে নেয়ার জন্য পরামর্শ দেয়া হলো। বার্ষিক অথবা বিশেষ সাধারণ সভা অনুষ্ঠানের ক্ষেত্রে সমবায় সমিতি আইনের ১৭ ধারা ও সমবায় বিধিমালার ১৪, ১৬, ১৭, ১৮, ১৯ ও ২০ বিধি অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

**১.১২ ঃ বাজেট ঃ**

বাজেটে উৎপাদনমুখী ও সৃজনশীল কাজ যেমন-ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপন, শিল্প কারখানার কাঁচামাল আমদানী ও উৎপাদিত পণ্যের আমদানী ও রপ্তানীর ব্যবসা পরিচালনা ও বাজারজাতকরণ, ঢাকা মহানগর এলাকায় পরিবহন ব্যবসা, জমি ক্রয়/লীজের মাধ্যমে কৃষি উন্নয়ন খাতে সংস্থান থাকলে বেকার সমস্যার সমাধানসহ দেশের অর্থনীতি ও মানব সম্পদ উন্নয়নে অবদান রাখা সম্ভব হবে। এ বিষয়ে এবং বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণীতে নির্ধারিত ছকে বাজেট প্রণয়ন ও অনুমোদনের ব্যবস্থা করতে হবে। শতভাগ বাজেট বাস্তবায়নের জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরার্মশ প্রদান করা হলো।

**ব্যবস্থাপনা কমিটি ঃ**

কমিটির মেয়াদপূর্তির পূর্বেই সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ৩০১৩) এর ১৮(৪) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ১৪(৩), ২২ থেকে ৩৬ বিধি মতে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান করার জন্য পরামর্শ দেয়া হলো।

**১.১৩ ঃ কর্মকর্তা/কর্মচারী ঃ**

সমিতি ও কর্মচারী উভয়ের স্বার্থ রক্ষার্থে সমবায় সমিতি আইন ও বিধিমালার সংশ্লিষ্ট ধারা ও বিধি-বিধানসমূহ প্রতিপালন করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হলো।

**১.১৪ ঃ রেকর্ডপত্র উপস্থাপন ঃ**

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ২৪ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৫৬ বিধি অনুযায়ী প্রয়োজনীয় সকল রেজিষ্টার সংরক্ষণের এবং নিয়ম মোতাবেক লিপিবদ্ধ করার পরামর্শ দেয়া হলো।

**১.১৫ ঃ অভ্যন্তরীণ নিরীক্ষা ঃ**

অভ্যন্তরীণ নিরীক্ষা কোষের দায়িত্ব ও কার্যক্রম যথাযথভাবে পালন করার জন্য এবং নিরীক্ষা কোষ-এর কার্যক্রমের প্রতিবেদন সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া হলো।

**ভাউচার ও রাজস্ব টিকেট ঃ**

সুপারিশ ঃ সকল খরচের সহায়ক পাকা ভাউচার সংগ্রহপূর্বক সংরক্ষণ ও একক ভাউচারে ১,০০০/- টাকার উর্ধ্বে ব্যয়ের ক্ষেত্রে ১০/- টাকার সরকারী রাজস্ব টিকেট ব্যবহার করার জন্য পরামর্শ দেয়া হলো।

**১.১৬ ঃ বিনিয়োগ ঃ**

সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৪৬(২) বিধি মোতাবেক বার্ষিক ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উর্ধ্বে বিনিয়োগের ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণের ধারা অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হলো।

**১.১৭ ঃ তারল্য সংরক্ষণ ঃ**

সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ৬৭(১) বিধি অনুযায়ী সকল আমানতের উপর তারল্য সংরক্ষণ করার জন্য এবং ৬৭ (২) বিধিতে বর্ণিত খাতে সংরক্ষিত তারল্য জমা রাখার ধারাবাহিকতা বজায় রাখার জন্য পরামর্শ দেওয়া হলো।

**২.০২ ঃ আদায়কৃত শেয়ার মূলধন ঃ**

১. আলোচ্য সমিতিটিকে অর্থনৈতিকভাবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে শেয়ার বিক্রির মাধ্যমে নিজস্ব মূলধন বৃদ্ধির কোন বিকল্প নেই। নতুন শেয়ার বিক্রয়য়ের সময় সমিতির সম্পদের বর্তমান মূল্য নির্ধারণ করে শেয়ার মূল্য নিধারণ করতে হবে।

২. সঠিক উপায়ে শেয়ার রেজিস্টার সংরক্ষণ করার জন্য এবং প্রত্যেক সদস্যকে শেয়ার সার্টিফিকেট প্রদান করার জন্য পরামর্শ দেওয়া হলো।

৩. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৫(৩) ধারা মোতাবেক সদস্যদের নিকট শেয়ার ফেরৎ যোগ্য নয় বিধায় উক্ত ধারার নির্দেশনা অনুসরণের ধারাবাহিকতা বজায় রাখার জন্য পরামর্শ দেয়া হলো।

**২.০৩ ঃ সঞ্চয় আমানত ও স্থায়ী আমানত ঃ**

১. সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ৬৭ (১) বিধি অনুযায়ী স্থায়ী আমানতের উপর তারল্য সংরক্ষণ করার ধারাবাহিকতা বজায় রাখার জন্য পরামর্শ দেওয়া হলো।

২. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের জারীকৃত পরিপত্র স্মারক নং- ব্যাংক, বীমা-১৮৩, তাং- ১৭/০৪/২০১৩ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্র অনুসরণ পূর্বক ১৮% এর অধিক সুদ প্রদান না করা এবং অসদস্যদের সাথে লেনদেন না করার জন্য পরামর্শ প্রদান করা হলো। অন্যথায় এর ব্যতিক্রমে ব্যবস্থাপনা কমিটি দায়ী থাকবে।

**২.০৪ ঃ দুর্যোগ সহায়তা তহবিল ঃ**

১. বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্তক্রমে লাভ-লোকসান হিসাব হতে সরাসরি এ খাতে টাকা স্থানান্তর না করে লাভ-লোকসান আবন্টন হিসাব হতে প্রতিবছর নির্ধারিত হারে দুর্যোগ সহায়তা তহবিল খাতে অর্থ সংরক্ষণ করার পরামর্শ দেয়া হলো।

২. সমবায় সমিতি আইন ২০০১,২০০২ ও (সংশোধনী, ২০১৩) এর ৩৪ (ঘ) ধারা অনুযায়ী উক্ত তহবিল সমিতির উপ-আইনে অর্ন্তভূক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

**২.০৫ ঃ সিসিএমএস (কাক্কো ক্রেডিট মনিটরিং সিস্টেম) হিসাব ঃ**

সদস্য সমিতিগুলো যাতে এ সফট্ওয়্যারের সুবিধা নিরবিচ্ছিন্নভাবে পায়, সে দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হলো।

**২.০৬ ঃ সংরক্ষিত তহবিল (১৫% হারে) ঃ**

সমিতির ব্যবসায়িক প্রয়োজনে সমবায় সমিতি আইন ২০০১,২০০২ ও (সংশোধনী, ২০১৩) এর ৩৪(১)(ক) ধারা ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৮২(১)(গ) বিধি অনুযায়ী সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণ করে উক্ত তহবিলের টাকা বিনিয়োগ/ব্যবহার করার জন্য পরামর্শ দেয়া হলো।

**২.০৭ ঃ কু-ঋণ তহবিল (১০% হারে) ঃ**

সমিতির ব্যবসায়িক প্রয়োজনে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৮২(১)(গ) বিধি অনুযায়ী সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণ করে উক্ত তহবিলের টাকা প্রয়োজনে বিনিয়োগ/ব্যবহার করার জন্য পরামর্শ দেয়া হলো।

**২.০৮ ঃ শিক্ষা ও উন্নয়ন তহবিল (৫% হারে) ঃ**

১. বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্তক্রমে লাভ-লোকসান হিসাব হতে সরাসরি এ খাতে টাকা স্থানান্তর না করে লাভ-লোকসান আবন্টন হিসাব হতে প্রতিবছর নির্ধারিত হারে শিক্ষা ও উন্নয়ন তহবিল খাতে অর্থ সংরক্ষণ করার পরামর্শ দেয়া হলো।

২. সমবায় সমিতি আইন ২০০১,২০০২ ও (সংশোধনী, ২০১৩) এর ৩৪ (ঘ) ধারা অনুযায়ী উক্ত তহবিল সমিতির উপ-আইনে অর্ন্তভূক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

১. সমিতির উপ-আইনের নির্দেশনা ও বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা ও উন্নয়ন তহবিলের টাকা ব্যয় করে সাধ্যমত শিক্ষার উন্নয়নে ভূমিকা রাখার ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হলো।

**২.০৯ ঃ সমবায় উন্নয়ন তহবিল ঃ**

সমবায় উন্নয়ন তহবিলের অর্থ মূলতঃ নিবন্ধক মহোদয়ের এমন একটা তহবিল, যে তহবিলের অর্থ দ্বারা সমিতির ব্যবস্থাপনা কমিটিসহ সমবায়ীদেরকে প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনশক্তিতে পরিণত করা হয়ে থাকে। তাই, উক্ত টাকা নির্ধারিত সময়ের মধ্যে "কো-অপারেটিভ ডেভেলপমেন্ট ফান্ড", ঢাকা বিভাগ, ঢাকা শিরোনামে সঞ্চয়ী হিসাব নং - ০৩১০১২৯১৪৭, জনতা ব্যাংক, শ্যামলী শাখা, ঢাকা অনুকূলে ডিডি মূলে জমা প্রদান করে ডি.ডি'র মূল কপি নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়র বরাবর দাখিল করার ধারাবাহিকতা বজায় রাখার জন্য পরামর্শ দেয়া হলো।

**২.১০ ঃ লাভ-লোকসান হিসাব হতে সৃষ্ট তহবিল ঃ**

১. বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্তক্রমে লাভ-লোকসান হিসাব হতে সরাসরি এ খাতে টাকা স্থানান্তর না করে লাভ-লোকসান আবন্টন হিসাব হতে প্রতিবছর নির্ধারিত হারে দুর্যোগ সহায়তা তহবিল খাতে অর্থ সংরক্ষণ করার পরামর্শ দেয়া হলো।

২. সমবায় সমিতি আইন ২০০১,২০০২ ও (সংশোধনী, ২০১৩) এর ৩৪ (ঘ) ধারা অনুযায়ী উক্ত তহবিল সমিতির উপ-আইনে অর্ন্তভূক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

**২.১২ ঃ অন্যান্য তহবিল ঃ**

তহবিলসমূহের অর্থ আলাদাভাবে পৃথক ব্যাংক হিসাবে সংরক্ষণ করার জন্য অথবা বার্ষিক সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণপূর্বক তহবিলসমূহের টাকা সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৮২(১)(গ) বিধি অনুযায়ী সমিতির ব্যবসায়িক প্রয়োজনে বিনিয়োগ/ব্যবহার করার জন্য পরামর্শ দেয়া হলো।

**২.১৩ ঃ অবন্টিত লাভ ঃ**

সমিতির প্রাপ্তি প্রদান হিসাব, লাভ-ক্ষতি হিসাব, লাভ বন্টন হিসাব এবং উদ্বৃত্তপত্র সমবায় আইন, বিধি এবং হিসাব ম্যানুয়েল অনুযায়ী প্রস্তুতের ধারা অব্যাহত রাখার জন্য এবং সমবায় সমিতি আইনের ৩৪ ধারা এবং সমবায় সমিতিত বিধিমালা,২০০৪ এর ৮৩ বিধির নির্দেশনা অনুসরণপূর্বক বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক লভ্যাংশ বন্টন করার জন্য পরামর্শ দেয়া হলো।

**২.১৪ ঃ নীট লাভ/ক্ষতি ঃ**

১. নিরীক্ষা সম্পাদনের পূর্বে বিধি বহির্ভূতভাবে তহবিল সৃষ্টি করা ও অর্থ সংরক্ষণ করা থেকে বিরত থাকার জন্য সমিতির কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করা হলো।

২. সমবায় সমিতি আইন ২০০১,২০০২ ও (সংশোধনী, ২০১৩) এর ৩৪ (ঘ) ধারা অনুযায়ী উক্ত তহবিল সমিতির উপ-আইনে অর্ন্তভূক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

**৩.০১ ঃ হস্তে মজুত/পেটি ক্যাশ তহবিল ঃ**

ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী দৈনন্দিন খরচের টাকা হাতে রেখে অবশিষ্ট টাকা ব্যাংক হিসাবে জমা দেয়ার জন্য পরামর্শ দেয়া হলো এবং দৈনন্দিন হিসাব প্রতিদিন ক্যাশ বহিতে লিপিবদ্ধ করে হস্তে মজুত/পেটি ক্যাশ হিসাব নিশ্চিত হয়ে দায়িত্বশীল কর্মকর্তাকে ক্যাশবহিতে স্বাক্ষর করার জন্য পরামর্শ দেওয়া হলো।

**৩.০২ঃ ব্যাংক হিসাব ও অন্যান্য হিসাব ঃ**

সমিতির সকল আর্থিক লেনদেন ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করার এবং প্রতি ত্রৈমাস শেষে ব্যাংক স্টেটমেন্টের সাথে সমিতির হিসাব মিলিয়ে নেয়ার জন্য পরামর্শ দেয়া গেল।

**৩.০৪ঃ শেয়ার/স্টক মার্কেটে বিনিয়োগ ঃ**

১. বিনিয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৪৬(২) বিধি যথাযথভাবে অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

২. পরবর্তী বার্ষিক সাধারণ সভায় শেয়ার/স্টক মার্কেটে বিনিয়োগসহ আলোচ্য অডিটবর্ষের সকল বিনিয়োগের সার্বিক চিত্র উপস্থাপন পূর্বক অনুমোদন গ্রহণ করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ প্রদান করা হলো।

**৩.০৫ ঃ স্থায়ী আমানত বিনিয়োগ ঃ**

মেয়াদপূর্তীর সাথে সাথে বিনিয়োগকৃত আসল ও প্রাপ্ত মুনাফা পুণ:বিনিয়োগ ও হিসাবভুক্তকরণে সতর্ক দৃষ্টি রাখার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হলো।

**৩.০৬ ঃ জমি ক্রয়/বায়না ও প্লট ক্রয়ে বিনিয়োগ :**

বার্ষিক সাধারণ সভার অনুমোদন ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত ২০২০) এর ৪৬ (২) বিধি অনুযায়ী নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিত আলোচ্য অডিটবর্ষে ১০(দশ) লক্ষ টাকার অধিক বিনিয়োগকৃত প্রকল্প ও প্রকল্প বিনিয়োগ পরবর্তী বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন ও অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় বরাবর প্রেরণ করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হলো।

**৩.০৭ ঃ ফ্ল্যাট খাতে বিনিয়োগ ঃ**

ফ্ল্যাট ক্রয়ের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করা হলো।

**৩.৮ঃ খামার প্রকল্পে বিনিয়োগ ঃ**

বার্ষিক সাধারণ সভার অনুমোদন গ্রহণ পূর্বক খামার প্রকল্পের পরিধি সম্প্রসারণে বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণের জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ প্রদান করা হলো।

**৩.০৯: সেন্ট এ্যান্থনী সেন্টারে বিনিয়োগ:**

বার্ষিক সাধারণ সভার অনুমোদন ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত ২০২০) এর ৪৬ (২) বিধি অনুযায়ী নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিত আলোচ্য অডিটবর্ষে ১০(দশ) লক্ষ টাকার অধিক বিনিয়োগকৃত প্রকল্প ও প্রকল্প বিনিয়োগ পরবর্তী বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন ও অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় বরাবর প্রেরণ করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হলো।

**৩.১০ ঃ ঋণ পাওনা ঃ**

সদস্য সমিতিকে উৎপাদনমুখী কর্মকান্ডে উৎসাহিত করে প্রতি বৎসর ঋণের সর্বোচ্চ সীমা নির্ধারণ পূর্বক এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ২৬ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৭০ হতে ৭৫ বিধিসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে অনুসরন পূর্বক সদস্যদের মাঝে ঋণ কার্যক্রম করার জন্য এবং ঋন প্রদানের ক্ষেত্রে কোন অবস্থাতেই সদস্যদের পরিশোধিত শেয়ার মূলধনের ৪০ গুণের অধিক ঋণ প্রদান না করার জন্য পরামর্শ দেয়া হলো। নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের জারীকৃত পরিপত্র স্মারক নং- ব্যাংক বীমা-১৮৩, তাং- ১৭/০৪/২০১৩ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্র অনুসরণ পূর্বক ৩০% এর অধিক সুদ আদায় না করার জন্য পরামর্শ প্রদান করা হলো। অন্যথায় ব্যবস্থাপনা কমিটি দায়ী থাকবে।

**৩.১১ : সমিতির আসবাবপত্র ও অফিস সরঞ্জাম ঃ**

**সুপারিশ :** যেহেতু কাক্‌কো এর কার্যকরী মূলধন ০১ (এক) কোটি টাকার উর্ধ্বে সেহেতু সর্বোচ্চ ১০(দশ) হাজার টাকার দ্রব্যাদি কোটেশন ব্যতীত সরাসরি প্রতিযোগিতামূলক মূল্যে বাজার হতে ক্রয় করা যাবে। তদুর্ধ্ব মূল্যের কেনা-কাটা সম্পাদনের জন্য সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) (সংশোধিত ২০২০) এর ৪৬ এর (৪) (৫) বিধির নির্দেশনা অনুসরণ করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেওয়া হলো।

**মোঃ নাজমুল হক**
সরেজমিনে তদন্তকারী
সমবায় অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য, নিরীক্ষাদল
দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান
কো-অপারেটিভস্ (কাক্‌কো) লিঃ

স্বা/
**মোঃ মাহবুবু আলম**
পরিদর্শক
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ও
সদস্য, নিরীক্ষাদল
দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান
কো-অপারেটিভস্ (কাক্‌কো) লিঃ

**আতিকুল কবির**
পরিদর্শক
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ও
